# গার্লগাইডস্ বার্তা

বিশেষ সংখ্য
৩০ বর্ষ, ৩য় ও ৪র্থ সংখ্যা-২০২২

## প্রচ্ছদ পরিচিতি




প্রচ্ছদ পরিচিতি : ২০১০ সালে বিশ্ব গার্ল গাইডস্ ও গার্ল স্কাউটস সংস্থার শতবর্ষপূর্তি অনুষ্ঠানে ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিত বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের প্রথম জাতীয় কমিশনার বীর মুক্তিযোদ্ধা সৈয়দা সাজেদা চৌধুরীকে অসাধারণ অবদানের স্বীকৃতি স্বরূপ ক্রেস্ট প্রদান করে সম্মানিত করেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা যিনি নিজেও একজন গাইড সদস্য

## সূচিপত্র

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| সম্পাদকীয় | ২ |
| সৈয়দা সাজেদা চৌধুরীর প্রতি গভীর শ্রদ্ধাঞ্জলি | ৩ |
| বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের প্রথম জাতীয় কমিশনার এর মৃত্যুতে ওয়াগস্ হতে প্রেরিত শোক বার্তা | ৪ |
| বাংলাদেশ গার্ল গাইডের সংক্ষিপ্ত ইতিহাস ও স্বাধীনতার পরবর্তী প্রথম জাতীয় কমিশনার সৈয়দা সাজেদা চৌধুরী এম.পি | ৫ |
| গাইডিং কার্যক্রম সংবাদ | ৭ |
| বরিশাল অঞ্চল | ১৩ |
| রাজধানী অঞ্চল | ১৩ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| চট্টগ্রাম অঞ্চল | ২২ |
| কুমিল্লা অঞ্চল | ২৫ |
| ঢাকা অঞ্চল | ৩৪ |
| খুলনা অঞ্চল | ৩৮ |
| ময়মনসিংহ অঞ্চল | ৩৯ |
| রাজশাহী অঞ্চল | ৪২ |
| রংপুর অঞ্চল | ৪৭ |
| সিলেট অঞ্চল | ৫৮ |
| আমার প্রিয় সাজেদা চৌধুরী আপা | ৬২ |
| স্মরণ | ৬৪ |
| ছবি কথা বলে | ৬৪ |

## দশ অঞ্চলের ঠিকানা

**আঞ্চলিক কমিশনার**
রাজধানী অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
গাইড হাউজ, নিউ বেইলী রোড
ঢাকা - ১০০০
ফোন ঃ ৪৮৩২১১২৯

**আঞ্চলিক কমিশনার**
ঢাকা অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
গাইড হাউজ, নিউ বেইলী রোড
ঢাকা - ১০০০
ফোন ঃ ০২২২২২২৩৮১৯

**আঞ্চলিক কমিশনার**
চট্টগ্রাম অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
প্রযত্নে : রেজাউল করিম চৌধুরীর বিল্ডিং (নীচতলা)
কে. বি জামান আলী রোড
পশ্চিম বাকলিয়, চকবাজার, চট্টগ্রাম।
ফোন ঃ ০২-৩৩৩৩৫৪২৩৮

**আঞ্চলিক কমিশনার**
সিলেট অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
বিহঙ্গ, ২৫/এ, কাজীটুলা, সিলেট
(কর অফিস সংলগ্ন, উত্তর পাশে)
ফোন ঃ ০১৭১২২৭৫১৮১

**আঞ্চলিক কমিশনার**
খুলনা অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
৫৮, স্যার ইকবাল রোড, বাইতি পাড়া, খুলনা।
মোবাইল ঃ ০২৪৪/১১০৭৫৪

**আঞ্চলিক কমিশনার**
রাজশাহী অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
বিলসিমলা, রাজপাড়া
(শহীদ কামরুজ্জামান স্টেডিয়ামের সামনে)
পোস্ট অফিস সেনানিবাস, রাজশাহী।
ফোন ঃ ০৭২১/৭৬১২৬৬

**আঞ্চলিক কমিশনার**
বরিশাল অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
অধ্যাপক রফিকুল ইসলাম সড়ক
বরিশাল-৮২০০
ফোন ঃ ০৪৩১/২১৭৪৭৬৯

**আঞ্চলিক কমিশনার**
কুমিল্লা অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
ফয়জুন নেসা সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়
কুমিল্লা।
মোবাইল ঃ ০১৮১৪২২৩৬০৫

**আঞ্চলিক কমিশনার**
রংপুর অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রংপুর
মোবাইল ঃ ০১৫৫৬৩০৭৭২৯

**আঞ্চলিক কমিশনার**
ময়মনসিংহ অঞ্চল
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
গ্রীনল্যান্ড সিরাজ টাওয়ার
১৫ নং-অমৃতবাবু রোড, গোল পুকুর পাড়
ময়মনসিংহ
মোবাইল ঃ ০১৭৩১০২৫২৭৬

**উপদেষ্টা : কাজী জেবুন্নেছা বেগম**
জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
ও
গ্রেড ওয়ান কর্মকর্তা (অব.) জনপ্রশাসন মন্ত্রণালয়

সম্পাদনা পর্ষদ
প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ
শাহনাজ মালিক আহমেদ
নূরজাহান আরা বেগম
রিফাত আরা শাহানা
মাহমুদা আপন

## সম্পাদকীয় নীতি

'গার্ল গাইডস্ বার্তা' মূলত বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন-এর মুখপত্র। এর মূল উদ্দেশ্য হচ্ছে বিভিন্ন কর্মসূচির ধ্যানধারণার পারস্পরিক মতামত ও ভাবের আদান-প্রদানের মাধ্যমে গাইডিং-কে প্রত্যেকের দ্বারে পৌঁছে দেওয়া। দেশে এবং বিদেশে অনুষ্ঠিত বিভিন্ন গাইড সংক্রান্ত অনুষ্ঠানাদির সচিত্র প্রতিবেদন গইড বার্তা নিয়মিত প্রকাশ করে। গাইড বার্তা বিভিন্ন শ্রেণির মানুষের ভিন্ন ভিন্ন মতামত ও সহযোগিতাকে স্বাগত জানায়। লেখা ও ছবি ই-মেইলে পাঠাতে হবে। পরিষ্কার রঙিন ছবি গ্রহণীয়। গাইড বার্তা সম্পাদনা পরিষদ বাছাই ও পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন। মতামতের জন্য সম্পাদক দায়ী নন।

## যোগাযোগের ঠিকানা

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
জাতীয় কার্যালয়, গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
ফোন: ০২-৪১০৩১৪৩৫, ০২-৪১০৩১৪৩১
ই-মেইল: bgguidesho@gmail.com
ওয়েবসাইট: girlguides.org.bd
ফেসবুক: facebook.com/bggaHQ

## বিজ্ঞাপন

বিজ্ঞাপন সংক্রান্ত বিষয়ে যেকোন অনুসন্ধান প্রতিটি আঞ্চলিক কার্যালয় এবং ঢাকাস্থ জাতীয় কার্যালয় থেকে আনা সম্ভব। এ গাইড বার্তায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তুর ব্যাপারে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন কোন প্রকার দায়ী থাকবে না।

## প্রতি কপির মূল্য ৪০ টাকা মাত্র

বাৎসরিক চাঁদার হার : ডাক ১৫০.০০ টাকা মাত্র (বাংলাদেশ)
বাৎসরিক চাঁদার হার : ডাক ১৭০.০০ টাকা মাত্র (ভারত)

মুদ্রণে :
মদিনা প্রিন্টার্স এন্ড পাবলিশার্স
২৭৮/৩, এলিফ্যান্ট রোড, কাঁটাবন, ঢাকা-১২০৫

# সম্পাদকীয়



প্রিয় গাইড বোনেরা

আসসালামু আলাইকুম। প্রীতি নিন সবাই। বিজয়ের ৫৩তম বার্ষিকী পালন করছি আমরা। বিজয়ের এই মাসে শ্রদ্ধাভরে স্মরণ করছি বাংলাদেশের রূপকার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। বিনম্র শ্রদ্ধা জানাচ্ছি মহান মুক্তিযুদ্ধে যারা নিজেদের জীবন উৎসর্গ করেছেন একটি স্বাধীন দেশ লাভ করার জন্য।

পদার্পন করলাম আরেকটি নতুন বছরে। ২০২৪ সন আমাদের জন্য মঙ্গলময় হোক। সবার জন্য নতুন বছরের শুভেচ্ছা ও শুভকামনা।

বোনেরা এবারের গাইড বার্তাটি আমাদের জন্য বিশেষ একটি সংখ্যা। কারণ এই সংখ্যাটি আমাদের প্রথম জাতীয় কমিশনার বীর মুক্তিযোদ্ধা সৈয়দা সাজেদা চৌধুরী এমপির সম্মানে প্রকাশ করা হলো। তিনি একাধারে ছিলেন বাংলাদেশ গার্ল গাইডস এসোসিয়েশনের প্রথম জাতীয় কমিশনার, মহিলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক, বাংলাদেশ নারী পূনর্বাসন বোর্ডের পরিচালক ও সংসদ উপনেতা। বিগত ১১ সেপ্টেম্বর ২০২২, রবিবার ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ... ... রাজিউন)। মহান আল্লাহ যেন তাকে বেহেস্তবাসি করেন এই কামনা করি। প্রথম জাতীয় কমিশনার হিসেবে তিনি এসোসিয়েশনকে যেভাবে দৃঢ় ভিত্তির উপর স্থাপন করে গেছেন, এসোসিয়েশন তাঁর কাছে চির ঋণী হয়ে থাকবে।

প্রিয় বোনেরা, দেখতে দেখতে শীত বেশ জাঁকিয়ে বসেছে। বিশেষ করে উত্তর বঙ্গে শীতের প্রকোপ অনেক বেশি। আমরা প্রতিটি অঞ্চলে সাধ্যমত শীত বস্ত্র বিতরণের কার্যক্রম পালন করবো কারণ সেবা প্রদান গাইডের অন্যতম বৈশিষ্ট্য। শীতের পাশাপাশি নানা রকম শাক-সবজি, চারিদিকে বাহারি ফুলের সমাহার, পিঠে-পুলির গন্ধের আবেশ জানিয়ে দিচ্ছে শীত এসে গেছে।

গাইডিং এর কার্যক্রম বছরব্যাপি চলতে থাকে। বহুমূখী ও বহুমাত্রিক কার্যক্রম আপনারা পালন করে ছবিসহ ক্যাপশান লিখে গাইডবার্তার জন্য পাঠিয়ে দিবেন।

সকলের শান্তি ও সুস্বাস্থ্য কামনা করছি।

আপনাদেরই প্রিয়

**প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ**
ডি.এন.সি. (প্রোগ্রাম) ও প্রকাশনা কমিশনার
বাংলাদেশ গার্ল-গাইডস এসোসিয়েশন এবং
সাবেক অধ্যক্ষ, ইডেন গার্লস কলেজ, ঢাকা



# সৈয়দা সাজেদা চৌধুরীর প্রতি গভীর শ্রদ্ধাঞ্জলি

সৈয়দা সাজেদা চৌধুরী এম.পি ১৯৩৫ সালের ৮ মে, মাগুরা জেলায় জন্মগ্রহণ করেন। তিনি বাংলাদেশে একজন স্বনামধন্য বিশিষ্ট নাগরিক ও রাজনীতিবিদ ছিলেন। তিনি ছিলেন একজন মহান মুক্তিযোদ্ধা। দেশের স্বাধীনতায় তাঁর অনবদ্য অবদান ছিলো। ১৯৭১ সালে বাংলাদেশ স্বাধীনতা লাভের পর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭২ সালে সৈয়দা সাজেদা চৌধুরী এম.পি. মহোদয়ার হাতে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের দায়িত্বভার তুলে দেন। তিনিই বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের প্রথম জাতীয় কমিশনার ছিলেন। তিনি ১৯৭২ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত তিনি বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কমিশনার পদে অধিষ্ঠিত ছিলেন। ১৯৭৪ সালে তাঁর কাজের স্বীকৃতি স্বরূপ ভারত স্কাউটস এন্ড গাইডস্ থেকে 'রূপালী হাতী' (সিলভার এলিফ্যান্ট) পদকে ভূষিত হন। তিনি জাতীয় কমিশনারের দায়িত্বকালীন অবস্থায় গার্ল গাইডের কার্যক্রমকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য অগ্রণী ভূমিকা পালন করেন। তাঁরই আন্তরিক প্রচেষ্টায় বারই পাড়া জাতীয় ক্যাম্প সাইটে ৪ তলা ভবন ও বেইলী রোডে ১০ তলা ভবন নির্মিত হয়।

সৈয়দা সাজেদা চৌধুরী এম.পি. ছিলেন নারী নেতৃত্বের পথিকৃত। তাঁর বলিষ্ঠ নেতৃত্ব অনুকরণীয়। দেশের স্বাধীণতা অর্জন থেকে সমাজের বিভিন্ন অসংগতি দূর করতে তিনি ছিলেন সোচ্চার। মহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, বাংলাদেশ নারী পুনর্বাসন বোর্ডের পরিচালক, পরিবেশ ও বন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও বাংলাদেশ জাতীয় সংসদের নবম ও দশম সংসদের উপনেতার দায়িত্ব পালন করেন।

সংসদ উপনেতা সৈয়দা সাজেদা চৌধুরী এম.পি গত ১১ সেপ্টেম্বর ২০২২ তারিখ মৃত্যু বরণ করেন। তাঁর মৃত্যুতে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন একজন নিবেদিত প্রাণ অভিভাবক ও সুহৃদকে হারায়। এ শূন্যতা অপূরণীয়। বাংলাদেশ এবং গার্ল গাইডস্ এসোসিয়েশনে এই মহিয়সী নারীর অবদান চির স্মরণীয় হয়ে থাকবে। সকল স্তরের গাইডস্ সদস্যের পক্ষ থেকে এই বীর নারীর প্রতি রইল বিনম্র শ্রদ্ধা।

**কাজী জেবুন্নেছা বেগম**
জাতীয় কমিশনার
বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন
ও
গ্রেড ওয়ান কর্মকর্তা (অব.) জনপ্রশাসন মন্ত্রণালয়

# বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের প্রথম জাতীয় কমিশনার এর মৃত্যুতে ওয়াগস্ হতে প্রেরিত শোক বার্তা

ASIA PACIFIC REGION
WORLD ASSOCIATION
OF GIRL GUIDES
AND GIRL SCOUTS

13 September 2022

**Dear Bangladesh Girl Guides Association,**

We are deeply saddened to learn of the untimely demise of Madam Syeda Sajeda Chowdhury, MP, the first National Commissioner of Bangladesh Girl Guides Association (BGGA). On behalf of the Asia Pacific Region, we would like to extend our deepest sympathies to her family and our Girl Guiding family in Bangladesh.

The late Madam Sajeda Chowdhury was a valiant freedom fighter, Member of Parliament for six times, Deputy leader of the Bangladesh Parliament, former Minister and winner of the Independence Award (which is the highest civilian award of Bangladesh). After Bangladesh achieved independence in 1971, Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman established Bangladesh Girl Guides Association and bestowed upon Sajeda Chowdhury the responsibility to lead the Association, where she served as National Commissioner from 1972-1976. Throughout her life, she has been very supportive of the Girl Guiding Movement in Bangladesh and helped BGGA to achieve recognition at home and abroad. She played an active role in helping BGGA to secure the 11-acre land in Baraipara Gazipur for their national campsite and in getting the project to build the new 11-storey National Headquarters at Bailey Road, Dhaka, the capital of Bangladesh. Her contribution to the Girl Guiding Movement will be cherished.

Indeed we belong to Allah, and indeed to Him we will return.

May Allah forgive her shortcomings and reward her abundantly for her good deeds.

إنا لله وإنا إليه راجعون. أحسن الله عزاءكم، وعظم أجركم، وغفر لميتكم.
اللهم أغفر له وارحمه وعافه وأعف عنه وأدخله فسيح جناتك.

**Chempaka Emalin Pahamin**
**Char**
**Asia Pacific Regional Committee**

**Committee members:** Chempaka Emalin Pahamin, Chair; Mahnaz Hossain Pariba; Chris S. Y. Wong; Ginhani Prathana Liyanage, Vice Chair; Fiasha Mohamed; Malya Twayanabasu

**Ex-Officio members:** Heidi Jokinen, World Board Chair; Anna Segall, Chief Executive

**Registered Charity No.** 1159155 VAT No. 239406849

World Bureau, Olave Centre, 12c Lyndhurst Road, London NW3 5PQ, England
t: +44 (0)20 7794 1181 f: +44 (0)20 7431 3764 e: waggs@waggs.org w: waggs.org

# বাংলাদেশ গার্ল গাইডের সংক্ষিপ্ত ইতিহাস ও স্বাধীনতার পরবর্তী প্রথম জাতীয় কমিশনার সৈয়দা সাজেদা চৌধুরী এম.পি



বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের প্রথম জাতীয় কমিশনার, বীর মুক্তিযোদ্ধা, মহিলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, বাংলাদেশ নারী পুনর্বাসন বোর্ডের পরিচালক, পরিবেশ ও বন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ও বাংলাদেশ জাতীয় সংসদের নবম ও দশম সংসদের উপনেতা সৈয়দা সাজেদা চৌধুরী এম.পি'র প্রতি বিনম্র শ্রদ্ধা।

বাংলাদেশ সরকারের ১৯৭৩ সালের ৩১ নং আইনবলে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন মেয়েদের জন্য শিক্ষাশ্রয়ী প্রতিষ্ঠানরূপে স্বীকৃত। ১৯৯২ সালের ডিসেম্বর মাসে সরকার অনুমোদিত গঠন ও বিধির আওতায় এই প্রতিষ্ঠান পরিচালিত হয়। ৬ থেকে ৩০ বছর বয়সী বালিকা, কিশোরী ও তরুণীর জন্য অনুকূল অথবা প্রতিকূল যে কোন পরিস্থিতির উদ্ভব হোক না কেন তেমন পরিস্থিতির মোকাবিলা করার জন্য একটি উপযুক্ত বিশ্বজনীন প্রতিষ্ঠান-গার্ল গাইডস্ এসোসিয়েশন। গাইডের মর্মবাণী গাইড শিক্ষা আন্দোলনের গতিপথ নির্ধারণ করে এবং পরিবর্তনশীল বিশ্বের উপযুক্ত নাগরিক হতে শিক্ষা দেয়।

১৯৭১ সালে বাংলাদেশ স্বাধীনতা লাভের পর পূর্ব পাকিস্তান গার্ল গাইডস্ এসোসিয়েশন থেকে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন নামকরণ করা হয়। বঙ্গবন্ধু সৈয়দা সাজেদা চৌধুরীকে এর দায়িত্ব দেন। তিনিই প্রথম জাতীয় কমিশনার ছিলেন (১৯৭২-১৯৭৬)। তিনি বাংলাদেশ জাতীয় সংসদের উপনেতা ছিলেন।




২০১০ সালে গার্ল গাইডের শতবর্ষ অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও সৈয়দা সাজেদা চৌধুরী এম.পি





২০০৭ সালে অনুষ্ঠিত ১১ তম জাতীয় গাইড ক্যাম্পে প্রধান অতিথি সৈয়দা সাজেদা চৌধুরী এম. পি










২০১৩ সালে বারই পাড়া জাতীয় ক্যাম্প সাইটে ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধান অতিথি সৈয়দা সাজেদা চৌধুরী এম. পি





২০১৩ সালে অনুষ্ঠিত জাতীয় রেঞ্জার কাউন্সিল অধিবেশনে প্রধান অতিথি সৈয়দা সাজেদা চৌধুরী এম. পি

# গাইডিং কার্যক্রম সংবাদ

## ১৬ তম জাতীয় রেঞ্জার পরিষদ অধিবেশন ও নির্বাচন

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের "জাতীয় রেঞ্জার কাউন্সিল"-এর উদ্যোগে ৫ হতে ৮ আগস্ট, ২০২২ তারিখ ১৬ তম জাতীয় রেঞ্জার পরিষদ অধিবেশন ও নির্বাচন নিউ বেইলী রোড, গাইড হাউজ, জাতীয় কার্যালয়ে অনুষ্ঠিত হয়।

ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম) প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ প্রধান নির্বাচন কমিশনার এবং সাবিনা ফেরদৌস, ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন), সাহেদা হোসেন চৌধুরী, প্রশিক্ষণ কমিশনার, নুরজাহান আরা বেগম, গাইড কমিশনার, রীতা জেসমিন, রেঞ্জার কমিশনারসহ ৫ সদস্যের কমিটি নির্বাচন পরিচালনা করেন।

অধিবেশনের দ্বিতীয় দিনে জাতীয় রেঞ্জার কাউন্সিলের নির্বাচন অনুষ্ঠিত হয়। সভাপতি নির্বাচিত হন তাহমিনা বিনতে সিরাজ, সেক্রেটারি ফারিহা ওয়াহিদ ও কোষাধ্যক্ষ রূপা আক্তার। এছাড়াও গার্ল গাইডের ১০টি অঞ্চল হতে ২০ জন রেঞ্জার সদস্য নির্বাচিত হন। ২৩ জন সদস্য নিয়ে গঠিত জাতীয় রেঞ্জার কাউন্সিল জুন, ২০২৪ সাল পর্যন্ত সারা দেশে তাদের কার্যক্রম পরিচালনা করবেন।

নব নির্বাচিত জাতীয় রেঞ্জার কাউন্সিলকে শপথ বাক্য পাঠ করান জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম। পরে বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেসা মুজিবের জন্মদিন উপলক্ষে কেক কেটে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়।

এর আগে ৬ আগস্ট জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক, ড. মোঃ মশিউর রহমান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানের উদ্বোধন করেন। কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন ও অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। অনুষ্ঠানে বক্তব্য দেন সাবিনা ফেরদৌস, ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন), প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ, ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম), রীতা জেসমিন, রেঞ্জার কমিশনার ও জাতীয় রেঞ্জার কাউন্সিলের সেক্রেটারি তাহমিনা বিনতে সিরাজ। ধন্যবাদ জ্ঞাপন করে রেঞ্জার মৌমিতা।

১৬তম জাতীয় রেঞ্জার কাউন্সিল অধিবেশন, নির্বাচন এবং কর্মশালায় গার্ল গাইডের সকল অঞ্চল হতে রেঞ্জার গাইডার, রেঞ্জার, কমিশনার ও গাইড সদস্য সহ ৩৫০জন অংশগ্রহণ করেন।





জাতীয় রেঞ্জার কাউন্সিল অধিবেশন ও নির্বাচনে প্রধান অতিথির বক্তব্য দেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. মোঃ মশিউর রহমান (বামে) এবং জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম



নবনির্বাচিত জাতীয় রেঞ্জার কাউন্সিলকে শপথ বাক্য পাঠ করান জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম



জাতীয় কমিশনার ও নির্বাচন কমিটির সাথে নবনির্বাচিত জাতীয় রেঞ্জার কাউন্সিল



জাতীয় কমিশনার নবনির্বাচিত জাতীয় রেঞ্জার কাউন্সিলকে নিয়ে মাদক বিরোধ প্ল্যাকার্ড প্রদর্শন করে ধূমপান না করার আহ্বান জানান

## বিনম্র শ্রদ্ধায় জাতীয় শোক দিবস পালন

১৫ আগস্ট, জাতির পিতার ৪৭তম শাহাদাত বার্ষিকী। ১৯৭৫ সালের ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, সহধর্মিণী বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব সহ পরিবারের সবাই কিছু বিপথগামী সেনা সদস্যের হাতে নৃসংশ হত্যাযজ্ঞেরশিকার হন।





জাতীয় শোক দিবসে জাতীয় কার্যালয়ের উদ্যোগে শোক দিবস পালন

জাতীয় শোক দিবস উপলক্ষে ১৫ আগস্ট, ২০২২ বেইলী রোড, জাতীয় কার্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন ও অর্ধনমিতকরণ, কালো ব্যাজ ধারণ, পবিত্র কোরান তেলাওয়াত, দোয়া মাহফিল ও মুনাজাত, চিত্রাঙ্কন, রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কর্মময় জীবনের উপর মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের সভাপতি কাজী জেবুন্নেছা বেগম জাতির পিতার আদর্শকে লালন করে গার্ল গাইডের কার্যক্রমকে দৃঢ়তার সাথে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য গাইড সদস্যদের প্রতি আহবান জানান।




জাতীয় শোক দিবসে হলদে পাখিরা তাদের আঁকা ছবি প্রদর্শন করে

বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবন, জেল জুলুম ও কর্মময় জীবনের উপর কবিতা আবৃত্তি, মুক্ত আলোচনায় অংশ নেন ডেপুটি জাতীয় কমিশনার সাবিনা ফেরদৌস (প্রশাসন), প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ (প্রোগ্রাম), কোষাধ্যক্ষ জাহান আরা বেগম, সহযোগি কোষাধ্যক্ষ অধ্যক্ষ রাফিকা আফরোজ, রাজধানী অঞ্চলের আঞ্চলিক কমিশনার রওশন ইসলাম, গাইডার, হলদে পাখি, গাইড ও রেঞ্জার। বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের সকল অঞ্চল যথাযোগ্য মর্যাদা ও গুরুত্বের সাথে দিবসটি পালন করে।

## ইন্টারন্যাশনাল ডে অব দ্যা গার্ল উদযাপন

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের উদ্যোগে গাইড হাউজে ১১ অক্টোবর "ইন্টারন্যাশনাল ডে অব দ্যা গার্ল"-২০২২ উদযাপন করা হয়। এবছরের মর্মবাণী, "গার্লস্ স্পিক আপ, লিসেন টু গার্লস্"। অনুষ্ঠানে দিনব্যাপী কার্যক্রমে ছিলো, ইয়েস বিষয়ক সেশন. ওয়াগ্‌স প্রেরিত একটিভিটি প্যাকের উপর হলদে পাখি, গাইড, রেঞ্জার ও বিশেষ শিশুদের বিভিন্ন খেলা, বিষয় ভিত্তিক বক্তব্য, 'আমাদের কথা বলতে চাই' ইত্যাদি।

'গার্লস্ স্পিক আপ, লিসেন টু গার্লস্' মর্মবাণী সম্বলিত ফেস্টুন উড়ানোর মধ্য দিয়ে অনুষ্ঠানের শুভ সূচনা করেন প্রধান অতিথি বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কমিশনার এবং স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব কাজী জেবুন্নেছা বেগম।



বেইলী রোড গাইড হাউজে জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম গাইড সদস্যদের নিয়ে ফেস্টুন সম্বলিত বেলুন উড়িয়ে "ইন্টারন্যাশনাল ডে অব দ্যা গার্ল" উদযাপন করেন

গার্ল গাইডের আগামীর নেতৃত্বকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য হলদে পাখিরা দিনব্যাপী অনুষ্ঠান পরিচালনা করে। অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন সাবিনা ফেরদৌস, ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন), ও ধন্যবাদ জ্ঞাপন করেন প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ, ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম)। হলদে পাখি, গাইড, রেঞ্জার, কমিশনার ও গাইড সদস্য সহ ২৫০ জন অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

এডিস মশা ডিম পাড়ার ও বংশবিস্তারের স্থান




ডেঙ্গু থেকে বাঁচার উপায়, বাড়ির আঙ্গিনায় বৃষ্টির পানি জমতে দেয়া যাবেনা, নিয়মিত টবের পানি ফেলে পরিষ্কার করা। সচেতনতা বৃদ্ধি করা। আসুন ডেঙ্গু থেকে বাঁচতে আমরা নিজেরা সচেতন হই, অন্যকেও উৎসাহিত করি।




'ইন্টারন্যাশনাল ডে অব দ্যা গার্ল' উদযাপন অনুষ্ঠানে একজন হলদে পাখি তার অভিব্যক্তি ব্যক্ত করে



'ইন্টারন্যাশনাল ডে অব দ্যা গার্ল' উদযাপন অনুষ্ঠানে রেঞ্জাররা তাদের ভবিষ্যৎ পরিকল্পনার কথা ব্যক্ত করে

## রেঞ্জার কাউন্সিলের ১ম সভা অনুষ্ঠিত

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় রেঞ্জার কাউন্সিলের উদ্যোগে ১৫ অক্টোবর, ২০২২ তারিখ নিউ বেইলী রোড, গাইড হাউজে ১৬তম জাতীয় রেঞ্জার কাউন্সিলের ১ম সভা অনুষ্ঠিত হয়।






বেইলী রোড, গাইড হাউজ, জাতীয় কার্যালয়ে জাতীয় রেঞ্জার কাউন্সিলের প্রথম সভা অনুষ্ঠিত

Workshop on 'International Day of the Girls Activity pack 2022'& Certificate Giving Ceremony of 18th Girl Scouts e-Camp, Korea. Date: 16 October 2022 Arranged by: National Ranger Council, Bangladesh Girl Guides Association.




বেইলী রোড, গাইড হাউজ, জাতীয় কার্যালয়ে জাতীয় রেঞ্জার কাউন্সিলের উদ্যোগে 'International Day of the Girls Activity pack 2022'& Certificate Giving Ceremony of 18th Girl Scouts e-Camp, Korea. Date: 16 October 2022 অনুষ্ঠিত হয়

## ৯ম জাতীয় ঝাঁক অবকাশ

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের '৯ম জাতীয় ঝাঁক অবকাশ-২০২২' গাজীপুর জেলার কালিয়াকৈর বাড়ই পাড়াস্থ এসোসিয়েশনের নিজস্ব ক্যাম্প এলাকায় ২০ হতে ২৫ ডিসেম্বর পর্যন্ত অনুষ্ঠিত হয়। এবারের মর্মবাণী ঃ 'হাতে হাতে করি কাজ, গড়ে তুলি দেশকে আজ'।

২১ ডিসেম্বর, বুধবার ঝাঁক অবকাশের উদ্বোধন করেন কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের এবং অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।






৯ম জাতীয় ঝাঁক অবকাশে হলদে পাখিদের উদ্দেশ্যে বক্তব্য দেন ও ফেস্টুন উড়িয়ে অনুষ্ঠানের উদ্বোধন করেন জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম

ঝাঁক অবকাশ কর্মসূচির মধ্যে ছিলো বৃত্তের গান, ষষ্ঠকের গান, ঝাঁকের বাসা গুছানো, বুলেটিন বোর্ড সাজানো, গান শেখা, লঞ্চ যাত্রা, বিভিন্ন গিরো শেখা, কম্পাসের চারটি দিক সম্বন্ধে জ্ঞান, প্রাথমিক চিকিৎসা প্রশিক্ষণ, স্টপ দি ভায়োল্যান্স বিষয়ক প্রশিক্ষণ, রাস্তা চলাচলের সংকেত জানা ও মানা বিষয়ক সেশন, হলদে পাখিদের সাথে পরিচয় ও বন্ধুত্ব, গাইড সম্বন্ধে জানা, নিজ জেলা ও বাংলাদেশ সম্বন্ধে জানা, বৃক্ষ রোপন, নিজের বাসা গোছানো, সাহায্য করা, নিজ স্বাস্থ্য সম্পর্কে সচেতনতা, পরিস্কার পরিচ্ছন্নতা ও নন্দন পার্ক ভ্রমণ।



৯ম জাতীয় ঝাঁক অবকাশে হলদে পাখিরা মনোযোগ সহকারে সেশন গ্রহণ করছে

২৪ ডিসেম্বর, ঝাঁক অবকাশের র‍্যাভেল অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিকল্পনা বিভাগের সচিব জনাব মোঃ মামুন-আল-রশীদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের এবং অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জনাব মোঃ কামরুজ্জামান, উপপরিচালক, স্থানীয় সরকার, গাজীপুর, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, গাজীপুর, ডাঃ মোঃ আল-বেলাল, উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, সাবিনা ফেরদৌস, ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন), প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ (প্রোগ্রাম)। স্বাগত বক্তব্য দেন বেলা রাণী সরকার, হলদে পাখি কমিশনার, ধন্যবাদ দেন চাঁদ সুলতানা, ক্যাম্প কমিশনার।

এবারে লঞ্চ যাত্রা নিয়ে আয়োজিত ঝাঁক অবকাশে রাজধানী, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, কুমিল্লা, সিলেট, রংপুর ও ময়মনসিংহ এই দশটি অঞ্চলের উপজেলা, জেলার বিভিন্ন প্রাথমিক স্কুলের ৭ হতে ৮ বছর বয়সের হলদে পাখি, হলদে পাখি গাইডার, কমিশনার, স্থানীয় ও জেলা এসোসিয়েশনের গাইড সদস্য, রেঞ্জার, ট্রেইনার, অফিস স্টাফ সহ তিন শতাধিক গাইড সদস্য অংশ গ্রহণ করে।

গতানুগতিক জীবন থেকে বেড়িয়ে হলদে পাখীরা বহিরাঙ্গণ সিফার এই ঝাঁক অবস্থান কর্মসূচিতে অংশগ্রহণ করে প্রকৃত আনন্দ যাত্রা করে।



৯ম জাতীয় ঝাঁক অবকাশে হলদে পাখিদের সেশন প্রদান



ঝাঁক অবকাশে হলদে পাখিরা নিজেদের মতো করে খেলা করছে

জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগমের তত্বাবধানে জাতীয় ক্যাম্প সাইটের অবকাঠামোর উন্নয়ন ও নান্দনিক শোভা বর্ধনের ফলে হলদে পাখিদের অংশগ্রহন ছিল স্বতঃস্ফূর্ত।

# বরিশাল অঞ্চল

## বরিশাল অঞ্চলের জুলাই হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত বাস্তবায়িত কার্যক্রম

### জুলাই

**ওরিয়েনটেশন কর্মসূচি :** ২২ জুলাই হলদে পাখি সম্প্রসারণের লক্ষ্যে ১ দিনের ওরিয়েন্টেশন পটুয়াখালী জেলায় অনুষ্ঠিত হয়। ওরিয়েন্টেশনে ৪৫ জন শিক্ষিকা অংশগ্রহণ করেন।

**মৌলিক প্রশিক্ষণ :** ২৩ হতে ২৭ জুলাই পর্যন্ত পাঁচ দিনের মৌলিক প্রশিক্ষণ পটুয়াখালী জেলায় অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে ৪৫ জন শিক্ষিকা অংশগ্রহণ করেন।

**দীক্ষাদান :** ১০০ জন হলদে পাখি, ৩০০ জন গাইড ও ৫০ জন রেঞ্জারের দীক্ষাদান কর্মসূচি পটুয়াখালী জেলায় অনুষ্ঠিত হয়।

### আগস্ট

**১৬ তম জাতীয় রেঞ্জার কাউন্সিল :** ৫ থেকে ৮ আগস্ট পর্যন্ত ১৬ তম জাতীয় রেঞ্জার কাউন্সিল অনুষ্ঠিত হয়। রেঞ্জার কাউন্সিলে বরিশাল অঞ্চল থেকে ১৩ জন রেঞ্জার ও ১ জন যুবনেত্রী অংশগ্রহণ করেন।

জাতীয় শোক দিবস : ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালন করা হয়। ২০ জন রেঞ্জার জাতীর পিতার স্তম্ভে পুস্পস্তবক অর্পণ করেন এবং বরিশাল আঞ্চলিক কার্যালয়ে দোয়া মুনাজাত অনুষ্ঠিত হয়।

**দীক্ষাদান :** ২১ ও ২২ আগস্ট মেহেন্দিগঞ্জ উপজেলায় হলদে পাখি, গাইড, রেঞ্জারদের দীক্ষাদান ও ১ দিনের ডে ক্যাম্পে হলদে পাখি ১৮ জন, রেঞ্জার ৭০ জন, গাইড ১৫০ জন অংশগ্রহণ করে।

### সেপ্টেম্বর

**কমিটি গঠন :** ১২ সেপ্টেম্বর পিরোজপুর জেলায় জেলা কমিটি গঠন এবং ১৩৪ জন গাইডদের দীক্ষা দান করা হয়।

**দীক্ষাদান :** ৩০ সেপ্টেম্বর কলাপাড়া উপজেলায় দীক্ষাদান কর্মসূচী অনুষ্ঠিত হয়।

### অক্টোবর

**মিলাদ মাহফিল :** ১৯ অক্টোবর বরিশাল আঞ্চলিক কার্যালয়ের ভবন নির্মান কাজ সম্পন্ন হওয়ায় মিলাদ ও মাহফিল অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান বরিশালের মেয়র সেনিয়াবাদ সাদেক আব্দুল্লাহ।

### নভেম্বর

#### ক্যাম্প :

৩ নভেম্বর কোম্পানী ক্যাম্প বরিশাল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। ক্যাম্পে ২০০ জন গাইড অংশগ্রহণ করে।

#### দীক্ষাদান :

১৩ থেকে ১৫ নভেম্বর পটুয়াখালী জেলার রাঙ্গাবালী উপজেলায় গাইডারদের নিয়ে ১ দিনের ওরিয়েনটেশন এবং গাইডদের দীক্ষা দান করা হয়। ১৬ নভেম্বর দলীল উদ্দিন বালিকা বিদ্যালয়ে ১০০ জন গাইডকে দীক্ষাদান করা হয়।

#### বিদায় সংবর্ধনা :

২৬ নভেম্বর বরিশাল আঞ্চলিক কার্যালয়ের ট্রেইনার এর চাকুরী হতে অবসরজনিত বিদায় সংবর্ধনা আয়োজন করা হয়।

### ডিসেম্বর

#### মহান বিজয় দিবস :

১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস পালন উপলক্ষে ১৪ তারিখ পূর্ব প্রস্তুতির মহড়া বঙ্গবন্ধু উদ্যানে অনুষ্ঠিত হয়। মহড়ায় বরিশাল অঞ্চল হতে ৪০ জন গাইড ও ২০ জন রেঞ্জার অংশগ্রহণ করে।

১৬ ডিসেম্বর মহান বিজয় দিবসের কুচকাওয়াজে ৫০ জন গাইড এবং ২০ জন রেঞ্জার অংশ গ্রহণ করে।

#### ক্যাম্প :

১৮ ডিসেম্বর কোম্পানি ক্যাম্প অক্সফোর্ড মিশন হাইস্কুলে অনুষ্ঠিত হয়। ক্যাম্পে ১০০ জন গাইড অংশগ্রহণ করে।

#### ঝাঁক অবকাশ :

২০ থেকে ২৫- ডিসেম্বর ৯ম জাতীয় ঝাঁক অবকাশে বরিশাল হতে হলদে পাখি, বিজ্ঞ পাখি, যুবানেত্রী, রেঞ্জার সহ ১৬ জন অংশ গ্রহণ করেন।

#### শীতবস্ত্র বিতরণ :

২২ ডিসেম্বর অসহায় মানুষের মাঝে এন আর বি সি ব্যাংক এর সহযোগিতায় শীতবস্ত্র হিসেবে ১০০ টি কম্বল বিতরণ করা হয়।

# রাজধানী অঞ্চল

## জুলাই হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত বাস্তবায়িত কার্যক্রম

### স্বেচ্ছায় চক্ষুদান কর্মসূচি

২ নভেম্বর সন্ধানী কেন্দ্রীয় পরিষদ কর্তৃক আয়েজিত জাতীয় পর্যায়ে ‘জাতীয় সেচ্ছায় রক্তদান ও মরনোত্তর চক্ষুদান দিবস’ শহীদ ড. মিলন হল মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ২৫ জন রেঞ্জারসহ ট্রেইনার, তিথি দে অংশগ্রহন করেন।



জাতীয় সেচ্ছায় রক্তদান ও মরনোত্তর চক্ষুদান দিবসে রেঞ্জারদের অংশগ্রহণ

## দীক্ষাদান ও কোম্পানী ডে ক্যাম্প

২ নভেম্বর মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় আয়োজিত এক দিনের ডে ক্যাম্প অনুষ্ঠিত হয়। ক্যাম্প এ ১০০ জন হলদে পাখি ও ২০০ জন গাইড দীক্ষার গ্রহন করে। দীক্ষা প্রদান করেন রওশন ইসলাম, আঞ্চলিক কমিশনার, ইয়াসমিন আখতার বানু, অতিরিক্ত আঞ্চলিক কমিশনার এবং পরীক্ষা গ্রহন করেন মোসা ঃ কামরুন নাহার কেয়া, ট্রেইনার রাজধানী অঞ্চল।

উক্ত গাইড ডে ক্যাপ এ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রওশন ইসলাম, আঞ্চলিক কমিশনার, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইয়াসমিন আখতার বানু, অতিরিক্ত আঞ্চলিক কমিশনার, রাজধানী অঞ্চল, ক্যাম্প এ সভাপতিত্ব করেন অত্র প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক নাজমুন নাহার শাহীন। ক্যাম্পে দীক্ষাদান, বিভিন্ন বিষয়ের উপর সেশন প্রদান, সাংস্কৃতিক অনুষ্ঠান সহ বিভিন্ন কর্মসূচী রাখা হয়।

















## দীক্ষাদান

৩ নভেম্বর ওয়াই ডাব্লিউ সি এ হাই স্কুলে ১০০ জন গাইডের পরীক্ষা গ্রহন করেন তিথি দে ট্রেইনার, রাজধানী অঞ্চল ও হাজেরা শিউলি ওয়ারেন্ট গাইডার মোহাম্মদপুর জেলা। দীক্ষা প্রদান করেন সেলিনা চৌধুরী জেলা কমিশনার, মোহাম্মদপুর জেলা, হাজেরা শিউলি, তিথিদে।





৮ নভেম্বর আনোয়ারা মান্নাফ স্কুল এন্ড কলেজে ৫৫ জন গাইড ও ৬১ জন হলদেপাখি এবং মুসলিম মর্ডান হাই স্কুলে ২৭ জন গাইডের পরীক্ষা গ্রহন করেন হোসনে আরা বেগম ওয়ারেন্ট গাইডার তেজগাঁও জেলা এবং দীক্ষা প্রদান করেন সাবৃনা রশীদ জেলা কমিশনার উত্তর জেলা।

১২ নভেম্বর রাজধানী আইডিয়াল স্কুলে ৫০ জন গাইডের পরীক্ষা গ্রহন করেন আমেনা খাতুন, ওয়ারেনন্ট গাইডার এবং দীক্ষা প্রদান করেন ইয়াসমিন আখতার বানু অতিরিক্ত আঞ্চলিক কমিশনার, রাজধানী অঞ্চল।



রাজধানী অঞ্চলের দীক্ষাপ্রাপ্ত গাইড কোম্পানী




রাজধানী অঞ্চলের দীক্ষাপ্রাপ্ত গাইড কোম্পানী ও দীক্ষা প্রদান




রাজধানী অঞ্চলের দীক্ষাপ্রাপ্ত গাইড কোম্পানী ও দীক্ষা প্রদান

১৬ নভেম্বর বাংলা বাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ১২৭ জন হলদেপাখী ও ১৪৫ জন গাইডের পরীক্ষা গ্রহন করেন মোসাঃ কামরুন নাহার ও খায়রুন নাহার শিল্পি ওয়ারেন্ট গাইডার পুরাতন ঢাকা জেলা দীক্ষা দান করেন রওশন ইসলাম আঞ্চলিক কমিশনার ও ইয়াসমিন আখতার বানু অতিরিক্ত আঞ্চলিক কমিশনার। এসময় উপস্থিত ছিলেন প্রধান শিক্ষক জালাল উদ্দিন সরকার, স্থানীয় কমিশনার ও থানা শিক্ষা অফিসার (কোতোয়ালী) ফারহানা শাহীন লিপি, রাজিয়া সুলতানা আঞ্চলিক ও জেলা সেক্রেটারী। সার্বিক দায়িত্ব পালন করেন মোসা: কামরুন নাহার, ট্রেইনার, রাজধানী অঞ্চল।



গাইডদের দীক্ষাদান




২০ নভেম্বর সিলভারডেল প্রিপারেটরী এন্ড গার্লস হাই স্কুলে ৮০ জন গাইডের পরীক্ষা গ্রহন করেন মোসা: কামরুন নাহার জুনিয়র ট্রেইনার ও খায়রুন নাহার শিল্পি ওয়ারেন্ট গাইডার পুরাতন ঢাকা জেলা। দীক্ষা দান করেন রওশন ইসলাম আঞ্চলিক কমিশনার ও ইয়াসমিন আখতার বানু অতিরিক্ত আঞ্চলিক কমিশনার। উপস্থিত ছিলেন রাজিয়া সুলতানা আঞ্চলিক ও জেলা সেক্রেটারী। সার্বিক দায়িত্ব পালন করেন মোসাঃ কামরুন নাহার ট্রেইনার, রাজধানী অঞ্চল।

এডিস মশা ডিম পাড়ার ও বংশবিস্তারের স্থান



ডেঙ্গু থেকে বাঁচার উপায়, বাড়ির আঙ্গিনায় বৃষ্টির পানি জমতে দেয়া যাবেনা, নিয়মিত টবের পানি ফেলে পরিষ্কার করা। সচেতনতা বৃদ্ধি করা। আসুন ডেঙ্গু থেকে বাঁচতে আমরা নিজেরা সচেতন হই, অন্যকেও উৎসাহিত করি।







গাইড কোম্পানীকে দীক্ষাদান ও ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন







এডিস মশা ডিম পাড়ার ও বংশবিস্তারের স্থান



ডেঙ্গু থেকে বাঁচার উপায়, বাড়ির আঙ্গিনায় বৃষ্টির পানি জমতে দেয়া যাবেনা, নিয়মিত টবের পানি ফেলে পরিষ্কার করা। সচেতনতা বৃদ্ধি করা। আসুন ডেঙ্গু থেকে বাঁচতে আমরা নিজেরা সচেতন হই, অন্যকেও উৎসাহিত করি।



২০ নভেম্বর, ২০২২ সেন্ট ফ্রান্সিস জেভিয়ার্স গার্লস স্কুল এন্ড কলেজে ৪৫ জন হলদে পাখি ও ৮২ জন গাইডের পরীক্ষা গ্রহন করেন জুনিয়র ট্রেইনার মোসাঃ কামরুন নাহার ও ওয়ারেন্ট গাইডার খায়রুন নাহার শিল্পি। দীক্ষা প্রদান করেন রওশন ইসলাম, আঞ্চলিক কমিশনার, ইয়াসমিন আখতার বানু, অতিরিক্ত আঞ্চলিক কমিশনার, ফারহানা শাহীন লিপি, স্থানীয় কমিশনার ও থানা শিক্ষা অফিসার (কোতোয়ালী)। এছাড়াও উপস্থিত ছিলেন অত্র প্রতিষ্ঠনের অধ্যক্ষ, আঞ্চলিক সেক্রেটারীসহ গাইড সদস্যবৃন্দ।








## আয়কর রিটার্ন মেলা

২০ হতে ৩০ নভেম্বর, ২০২২ পর্যন্ত ১০ দিনব্যাপী কর অঞ্চল-৩ ঢাকা এর আয়কর রির্টান গ্রহন, বুথে শৃঙ্খলা রক্ষার দায়িত্ব পালন করেন রাজধানী অঞ্চলের রেঞ্জার সদস্যরা। সার্বিক দায়িত্ব পালন করেন কামরুন নাহার কেয়া ও তিথি দে ট্রেইনার।









২৩ নভেম্বর তেজগাঁও জেলা আয়োজিত এক দিনের ডে ক্যাম্প অনুষ্ঠিত হয় বি এ এফ শাহীন কলেজের তুর উদ্যানে। ক্যাম্পে উপস্থিত ছিলেন রওশন ইসলাম আঞ্চলিক কমিশনার, ইয়াসমিন আখতার বানু অতিরিক্ত আঞ্চলিক কমিশনার, আমিনা খাতুন জেলা কমিশনার সহ জেলা কার্যনির্বাহী কমিটির সদস্যগণ। ২০ জন গাইড ও ১০ জন রেঞ্জারের পরীক্ষা গ্রহন ও দীক্ষা দান করেন তিথি দে।














২৩ নভেম্বর ইনস্টিটিউট অব পাবলিক হেলথ স্কুল এন্ড কলেজে ৩৪ জন গাইডের পরীক্ষা গ্রহন ও দীক্ষা দান করেন আমেনা খাতুন ওয়ারেন্ট গাইডার, গুলশান বনানী জেলা।

২৩ নভেম্বর রামপুরা একরামুন্নেছা উচ্চ বিদ্যালয়ে ৯৪ জন গাইডের পরীক্ষা গ্রহন ও দীক্ষা দান করেন মাসুদা বেগম, ওয়ারেন্ট গাইডার, গুলশান বনানী জেলা। রমনা গাইড জেলা কর্তৃক অয়োজিত স্কুল পরিদর্শন, গাইড সম্প্রসারণ বিষয়ক আলোচনা ও দীক্ষা দানে প্রধান অতিথি ছিলেন মোঃ মোশতাক আহমেদ, থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, মতিঝিল, সম্মানিত অতিথি ছিলেন ইয়াসমিন আখতর বানু অতিরিক্ত আঞ্চলিক কমিশনার, রাজধানী অঞ্চল। সভাপতিত্ব করেন অধ্যক্ষ রফিকা আফরোজ, জেলা কমিশনার রমনা। উপস্থিত ছিলেন রমনা জেলা কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ। অনুষ্ঠানে ৫৫ জন গাইডকে দীক্ষা দান করা হয়। সার্বিক দায়িত্ব পালন করেন মোসাঃ কামরুন নাহার।

## অসমতা দূর করি এইডস মুক্ত বিশ্ব গড়ি

১ ডিসেম্বর বিশ্ব এইডস দিবস উপলক্ষে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক আয়োজিত র‍্যালি এবং ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিত সেমিনারে ট্রেইনার তিথিদের নেতৃত্বে ২৫ জন রেঞ্জার অংশগ্রহণ করেন।

এডিস মশা ডিম পাড়ার ও বংশবিস্তারের স্থান



ডেঙ্গু থেকে বাঁচার উপায়, বাড়ির আঙ্গিনায় বৃষ্টির পানি জমতে দেয়া যাবেনা, নিয়মিত টবের পানি ফেলে পরিষ্কার করা। সচেতনতা বৃদ্ধি করা। আসুন ডেঙ্গু থেকে বাঁচতে আমরা নিজেরা সচেতন হই, অন্যকেও উৎসাহিত করি।









## ৩৩ তম আঞ্চলিক পরিষদ অধিবেশন

৩ ডিসেম্বর, ২০২২ রাজধানী অঞ্চলের ৩৩ তম আঞ্চলিক পরিষদ অধিবেশন অনুষ্ঠিত হয় বি,এ,এফ শাহিন কলেজ, শাহীন হল, তেজগাঁও, ঢাকায়। অধিবেশনে প্রধান অতিথি ছিলেন কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন ও অতিরিক্ত সচিব ,স্বাস্থ্য সেবা বিভাগ ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। বিশেষ অতিথি ছিলেন, গ্রুপ ক্যাপ্টেন এ, কে, আব্দুর রাজ্জাক, জি ইউপি, পিএসসি, জিডি (পি) অধ্যক্ষ, বি,এ,এফ শাহীন কলেজ, সাবিনা ফেরদৌস, ডেপুটি জাতীয় কমিশনার (প্রসাশন) ও উপসচিব মহিলা ও শিশু বিষায়ক মন্ত্রণালয়। প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম) এবং ইয়াসমিন আখতার বানু অতিরিক্ত আঞ্চলিক কমিশনার। স্বাগত বক্তব্য দেন আমিনা খাতুন, তেজগাঁও জেলা কমিশনার। অধিবেশনে সভাপতিত্ব করেন রওশন ইসলাম, আঞ্চলিক কমিশনার, রাজধানী অঞ্চল। রাজধানী অঞ্চলের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হতে কাউন্সিলর, কমিশনার, রেঞ্জার ও গাইড সদস্য সহ ৩০০ জন অংশ গ্রহন করেন। সার্বিক দায়িত্বে ছিলেন ট্রেইনার কামরুন নাহার কেয়া ও তিথিদে।






৩৩ তম আঞ্চলিক পরিষদ অধিবেশনে জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগমকে গার্ড অব অনার ও ক্রেস্ট প্রদান

## আন্তর্জাতিক স্বেচ্ছাসেবী দিবস

৫ ডিসেম্বর, ২০২২ স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় আয়োজিত আন্তর্জাতিক স্বেচ্ছাসেবী দিবস অনুষ্ঠিত হয় LGED অডিটোরিয়াম। রাজধানী অঞ্চল হতে রাফাত জাহান মৌমিতা আন্তর্জাতিক স্বেচ্ছাসেবী দিবস উপলক্ষে পুরস্কার অর্জন করেন। ১০ জন রেঞ্জার অনুষ্ঠানে সেবা প্রধান করে। সার্বিক দায়িত্ব পালন করেন তিথী দে।









আন্তর্জাতিক স্বেচ্ছাসেবী দিবস অনুষ্ঠানে রেঞ্জারদের অংশগ্রহণ ও পুরস্কার হাতে রেঞ্জার

## পুরাতন ঢাকা জেলা কার্যালয় উদ্বোধন

৭ ডিসেম্বর পুরাতন ঢাকা জেলার জেলা কার্যালয় এর শুভ উদ্বোধন করেন কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গর্ল গাইডস্ এসোসিয়েশন ও অতিরিক্ত সচিব,স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। মোঃ শহিদুল ইসলাম, জেলা প্রশাসক, ঢাকা ও উপদেষ্টা, রাজধানী অঞ্চল। এছাড়া ও উপস্থিত ছিলেন রওশন ইসলাম, আঞ্চলিক কমিশনার, ইয়াসমিন অখতার বানু অতিরিক্ত আঞ্চলিক কমিশনার, পুরাতন ঢাকার জেলার জেলা কমিশনার ওবায়দা বানু সহ অন্যান্য জেলা কমিটির সদস্য। সার্বিক দায়িত্ব পালন করেন কামরুন নাহার কেয়া ও তিথি দে।





জেলা কার্যালয় এর শুভ উদ্বোধন করেন জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম ও মোঃ শহিদুল ইসলাম, জেলা প্রশাসক

## আন্তর্জাতিক মানবাধিকার দিবস

৮ ডিসেম্বর মুক্তিযুদ্ধ যাদুঘর, শেরে বাংলা নগর ঢাকায় আন্তর্জাতিক মানবাধিকার দিবস উদ্‌যাপিত হয়। অনুষ্ঠানে রাজধানী অঞ্চলের ১০ জন রেঞ্জার অংশ গ্রহন করে। সার্বিক দায়িত্ব পালন করেন তিথি দে।

## আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস

৯ ডিসেম্বর আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী সনদ United Nations Convention Against Corruption এর আলোকে দুর্নীতি দমন কমিশন "আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস-২০২২ আয়োজন করে প্রধান কার্যালয়, সেগুন বাগিচা ঢাকায়। দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের জন্য রাজধানী অঞ্চল হতে ১০০ জন রেঞ্জার  অংশগ্রহন করে। সার্বিক দায়িত্ব পালন করেন খাইরুন নাহার শিল্পী আঞ্চলিক ট্রেজারার, মোছাঃ কামরুন নাহার কেয়া ও তিথি দে।



আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস অনুষ্ঠানে রেঞ্জারদের অংশগ্রহণ

## রেঞ্জার, হলদে পাখি গাইডার কোর্স প্রশিক্ষণ ও অভিষেক পরীক্ষা

১০ হতে ১৩ ডিসেম্বর, ২০২২ ঢাকা বিশ্ববিদ্যালয় শামসুন নাহার হলে রেঞ্জারদের হলদে পাখি গাইডার কোর্স প্রশিক্ষণ ও অভিষেক পরীক্ষা, দীক্ষাদান ও ১৬তম দিবা ক্যাম্প অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি ছিলেন অধ্যাপক ডঃ মো আখতারুজ্জামান, উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়, বিশেষ অতিথি ছিলেন অধ্যাপক ডঃ এ এস এম মাকসুদ কামাল প্রোঃ উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়, সভাপত্বি করেন অধ্যাপক ডঃ লাফিফা জামাল।

রেঞ্জার ইউনিট উপদেষ্টা কাউন্সিল ঢাকা বিশ্ববিদ্যালয়, সার্বিক সহযোগিতায় ছিলেন নাজমা আফরিন মাতাব্বর ও রোমানা পাপড়ি রেঞ্জার গাইডার ঢাকা বিশ্ববিদ্যালয়। অনুষ্ঠানে বাংলাদেশ গর্লস গাইড্স এসোসিয়েশন হতে জাহান আরা বেগম  কোষাধ্যক্ষ এবং অধ্যক্ষ রফিকা আফরোজ সহযোগী কোষাধ্যক্ষ উপস্থিত ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়-এর ৫ টি হল হতে ১১০ জন রেঞ্জার এর পরীক্ষা গ্রহন ও দীক্ষাদান করেন তিথি দে, সেশন পরিচালনা করেন কামরুন নাহার কেয়া ও তিথি দে।



হলদে পাখি গাইডার কোর্স প্রশিক্ষণ ও অভিষেক পরীক্ষায় রেঞ্জারদের অংশগ্রহণ

১২ ডিসেম্বর হলিক্রস স্কুল এন্ড কলেজে ১৮০ হলদে পাখি ও ৩০৩ গাইডের পরীক্ষা গ্রহন করেন, তিথি দে দীক্ষা প্রদান করেন রওশন ইসলাম আঞ্চলিক কমিশনার, ইয়াসমিন আখতার বানু অতিরিক্ত আঞ্চলিক কমিশনার, আমিনা খাতুন জেলা কমিশনার তেজগাঁ জেলা। এছাড়া ও উক্ত প্রতিষ্ঠানের গাইডারবৃন্দ উপস্থিত ছিলেন।



দীক্ষাপ্রাপ্ত এক ঝাঁক গাইড

### ৯ম জাতীয় ঝাঁক অবকাশ

“হাতে হাতে করি কাজ গড়ে তুলি দেশকে আজ” এই মর্মবানীকে সামনে রেখে ২০ হতে ২৫ ডিসেম্বর, ২০২২ পর্যন্ত বাড়ই পাড়া, কালিয়াকৈর, জাতীয় ক্যাম্প এলাকায় গাজীপুরে ৬ দিন ব্যাপী হলদে পাখি ঝাঁক অবকাশ অনুষ্ঠিত হয়। রাজধানী অঞ্চল হতে রওশন ইসলাম আঞ্চলিক কমিশনার, কামরুন নাহার কেয়া, তিথি দে, বিভিন্ন প্রতিষ্ঠান থেকে ২৯ জন হলদে পাখি, ৯ জন গাইডার, ৩ জন রেঞ্জার, কমিশনার সহ ৫০ অংশগ্রহন করেন।





৯ম জাতীয় ঝাঁক অবকাশে হলদে পাখিদের মাঝে জাতীয় কমিশনার ও সনদ গ্রহণ করছেন ট্রেইনার কেয়া (ডানে)

## চট্টগ্রাম অঞ্চল

### জুলাই হতে ডিসেম্বর, ২০২২ পর্যন্ত বাস্তবায়িত কার্যক্রম

### জাতীয় রেঞ্জার কাউন্সিল অধিবেশন

৫ আগস্ট, ২০২২ জাতীয় কার্যালয়, ঢাকায় অনুষ্ঠিত ১৬তম জাতীয় রেঞ্জার কাউন্সিল অধিবেশন ও নির্বাচনে রাজধানী অঞ্চল হতে পাঁচজন রেঞ্জার এবং একজন ট্রেইনার অংশগ্রহন করেন।

### আঞ্চলিক ঝাঁক অবকাশ

১০ সেপ্টেম্বর, ২০২২ প্রাথমিক বিদ্যালয়ে গাইডিং কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী ২০২২ উপলক্ষে “৮ম আঞ্চলিক ঝাঁক অবকাশ” ডাঃ খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় চট্টগ্রামে অনুষ্ঠিত হয়। উক্ত কর্মসূচীতে

প্রধান অতিথি ছিলেন প্রফেসর মুস্তফা কামরুল আখতার- চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম। গেষ্ট অব অনার সাবিনা ফেরদৌস, ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন), বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, মোঃ শহীদুল ইসলাম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চট্টগ্রাম, রাহেনোরা বেগম, সদস্য, জাতীয় কার্যনির্বাহী কমিটি, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, শাহেদা আক্তার - প্রধান শিক্ষক, ডাঃ খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়। সভাপতিত্ব করেন নিরূপা দেওয়ান - আঞ্চলিক কমিশনার, চট্টগ্রাম অঞ্চল।



প্রধান অতিথি ও বিশেষ অতিথিকে হলদে পাখিরা ফুলেল শুভেচ্ছা জানায়

কর্মসূচীতে অংশগ্রহনকারী শিক্ষা প্রতিষ্ঠান প্রবর্ত্তক স্কুল এন্ড কলেজ হতে ২৪ জন হলদে পাখি ও ২ জন বিজ্ঞ পাখি, বাংলাদেশ মহিলা সমিতি বালিকা উচ্চ বিদ্যালয় এন্ড কলেজ (দিবা শাখা) ২৯ জন হলদে পাখি ও ১ জন বিজ্ঞ পাখি, বাংলাদেশ মহিলা সমিতি বালিকা উচ্চ বিদ্যালয় এন্ড কলেজ (প্রাতঃ শাখা) ২৪ জন হলদে পাখি ও ২ জন বিজ্ঞ পাখি, সেন্ট স্কলাসটিকা বালিকা উচ্চ বিদ্যালয় এন্ড কলেজ ২১ জন হলদে পাখি ও ২ জন বিজ্ঞ পাখি, চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ ২৪ জন হলদে পাখি ও ৩ জন বিজ্ঞ পাখি, সুলতানপুর আজিজিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় ৫ জন হলদে পাখি ও ১ জন বিজ্ঞ পাখি, হাটহাজারী মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় ৪ জন হলদে পাখি ও ২ জন বিজ্ঞ পাখি এবং ডাঃ খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের গাইড ১০ জন, রেঞ্জার ২ জন, আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্য ৫ জন, অফিস স্টাফ ৫ জন সহ ১৭৬ জন অংশগ্রহন করেন। "For here better World — We here" প্রতিপাদ্য বিষয় নিয়ে বিভিন্ন কর্মসূচীর মধ্য দিয়ে হলদে পাখির ঝাঁক অবকাশ সম্পন্ন হয়।



হলদে পাখিদের কার্যক্রম পরিদর্শন করেন ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন) সাবিনা ফেরদৌস

বৃত্তের গান দিয়ে শুরু করা হয় এবং বৃত্তের গান দিয়ে র‌্যাভেল কর্মসূচী সমাপ্তি হয়। রিক্রুট টেস্ট কার্ড বিষয়ক সেশন, বৃত্তের গান, ষষ্টকের গান শেখানো হয়। শিশুদের স্বাস্থ্য রক্ষা ও নিয়ম বিষয়ে সেশন প্রদান করেন চৌধুরী ফাহমী নাহিদা নাজনীন, আঞ্চলিক ট্রেজারার, চট্টগ্রাম অঞ্চল। হলদে্ পাখিদের বাসা তৈরী কর্মসূচীতে সহযোগিতা করেন পাপড়ি ধর, যুবানেত্রী, দিপাঞ্জলী পারিয়াল, মৈত্রী নন্দী, বেলিনা নাজনীন, বিজ্ঞ পাখি। "Free Being Me" বিষয়ে সেশন প্রদান করেন ফাহমিদা আকতার আঁখি, চেয়ারম্যান, আঞ্চলিক রেঞ্জার কাউন্সিলর, রাইয়া চৌধুরী, রেঞ্জার, শৈলমুক্ত রেঞ্জার ইউনিট।

র‌্যাভেল অনুষ্ঠানে সাংস্কৃতিক পর্বে দেশাত্ববোধক গানের সাথে নৃত্য পরিবেশন করেন চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ এর হলদে পাখিরা, লাঠি নৃত্য পরিবেশন করেন প্রবর্তক স্কুল এন্ড কলেজ এর হলদে পাখিরা। সবশেষে বৃত্তের গান গেয়ে র‌্যাভেল অনুষ্ঠান এর সমাপ্তি ঘোষণা করা হয়।

**গাইড কমিশনার প্রশিক্ষণ:** ২৫ হতে ২৯অক্টোবর, ২০২২ পর্যন্ত চট্টগ্রাম অঞ্চলের ব্যবস্থাপনায় ঠাকুরছড়া উচ্চ বিদ্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলায় "Shine your light" থিমকে কেন্দ্র করে পাঁচদিন ব্যাপী গাইড কমিশনার প্রশিক্ষণ কর্মসূচী অনুষ্ঠিত হয়। কর্মসূচীতে ৩৫টি মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান হতে ৩৫ জন শিক্ষিকা অংশগ্রহন করেন। সমাপনী অনুষ্ঠানে শিক্ষিকাদের দীক্ষাদান করেন নিরূপা দেওয়ান- আঞ্চলিক কমিশনার, চট্টগ্রাম অঞ্চল। প্রশিক্ষণে অংশগ্রহনকারীদের সনদপত্র প্রদান করেন উত্তম খীসা, জেলা শিক্ষা অফিসার, খাগড়াছড়ি পার্বত্য জেলা। অনুষ্ঠানে প্রধান বক্তা ছিলেন প্রফেসর রীতা দত্ত, সদস্য, আঞ্চলিক কার্যনির্বাহী কমিটি। গেস্ট অব অনার কার্ণেজী চাকমা, প্রধান শিক্ষক, ঠাকুরছড়া উচ্চ বিদ্যালয়, খাগড়াছড়ি, মোশফেকা আক্তার চৌধুরী, আঞ্চলিক সচিব, মিজ শ্রীলা তালুকদার, জেলা গাইড কমিশনার, খাগড়াছড়ি পার্বত্য জেলা। প্রশিক্ষণ পরিচালনা করেন ইসরাত জাহান শিল্পী, ট্রেইনার।

**রেঞ্জার ইনভেস্টটিচার প্রশিক্ষণ:** ২৭ হতে ২৯ সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত "Our World, Our Peaceful Future" প্রতিপাদ্য বিষয়ে চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলায় কাটিরহাট মহিলা কলেজে রেঞ্জার ইনভেস্টটিচার প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। কর্মসূচীতে টেন্ডার ফুট বিষয়ে পূনরাবৃত্তি "V" ফরমেশনে পতাকা উত্তোলন, বিশ্ব পতাকা, জাতিসংঘ পতাকা, জাতীয় পতাকা সম্পর্কে আলোচনা, রেঞ্জার এর ৮ দফা কর্মসূচী, ইউনিট, কমিটি সম্পর্কে আলোচনা, লগ বুক প্রদর্শনী, নৈপূণ্যসূচক ব্যাজ ও সার্টিফিকেট নিয়ে আলোচনা, আন্তর্জাতিক জ্ঞান ইত্যাদি বিষয়ে সেশন প্রদান করেন ইসরাত জাহান শিল্পী, ট্রেইনার, চট্টগ্রাম অঞ্চল। এছাড়াও "Free Being Me" বিষয়ে সেশন প্রদান করেন, রেঞ্জার ফাহমিদা আকতার আঁখি এবং রাইয়া চৌধুরী।

প্রশিক্ষণে নাজিরহাট কলেজ হতে ৫০ জন এবং কাটিরহাট মহিলা ডিগ্রী কলেজ হতে ৫০ জন সহ ১০০ জন রেঞ্জার অংশগ্রহন করেন। এছাড়া উদালিয়া চা বাগানে হাইকিং কর্মসূচী পালন করা হয়। কর্মসূচীর সমাপনী দিনের অনুষ্ঠানে সভাপতি ছিলেন কল্যাণ নাথ - অধ্যক্ষ, কাটির হাট ডিগ্রী কলেজ এবং প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোহাম্মদ গোলাম কিবরিয়া, অধ্যক্ষ নাজিরহাট কলেজ। আরও উপস্থিত ছিলেন প্রশিক্ষণে অংশগ্রহনকারী ২টি কলেজের রেঞ্জার গাইডারবৃন্দ।

৩ হতে ৫ নভেম্বর, ২০২২ পর্যন্ত কক্সবাজার জেলার সৈকত বালিকা উচ্চ বিদ্যালয়ে রেঞ্জার ইনভেস্টটিচার প্রশিক্ষণ কর্মসূচী অনুষ্ঠিত হয়। কক্সবাজার সিটি কলেজ হতে ৫০ জন এবং বায়তুশশরফ জব্বারিয়া একাডেমী হতে ৫০ জন সহ ১০০ জন রেঞ্জার অংশগ্রহন করেন। ইনভেস্টটিচার কোর্স বিষয়ে সেশন প্রদান করেন ইসরাত জাহান শিল্পী, ট্রেইনার, চট্টগ্রাম অঞ্চল। "Free Being Me" বিষয়ে সেশন প্রদান করেন রেঞ্জার বীথি চাকমা, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

**সভাঃ** ৭ জুলাই, ২০২২ চট্টগ্রাম জেলার সকল জেলা এবং উপজেলার স্থানীয় ও জেলা গাইড কমিশনার ও গাইড সদস্যাদের উপস্থিতিতে ডাঃ খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে গাইডিং কার্যক্রম সম্প্রসারণ বিষয়ক সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে ছিলেন মুহাম্মদ ফরিদুল আলম হোসাইনী, জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম জেলা। প্রধান বক্তা প্রফেসর রীতা দত্ত, স্থানীয় গাইড কমিশনার,চট্টগ্রাম জেলা সদর, সভাপতি জনাব শাহেদা আক্তার - প্রধান শিক্ষক, ডাঃ খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম। কর্মসূচীতে গাইড, রেঞ্জার, গাইড সদস্য এবং অফিস স্টাফসহ ৪০ জন অংশগ্রহন করেন।

১৯ জুলাই, ২০২২ কে.বি.আমান আলী রোড, চকবাজার, চট্টগ্রাম এর অস্থায়ী কার্যালয়ে আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সকল সদস্য উপস্থিত ছিলেন।

**স্থানীয় এসোসিয়েশন এর কমিটি গঠনঃ** ৩ আগস্ট, ২০২২ চট্টগ্রাম জেলার ফঠিকছড়ি উপজেলায় ধুরুং খুলশী লায়ন্স স্কুল এন্ড কলেজের হলরুমে স্থানীয় এসোসিয়েশন এর কমিটি গঠন এবং সাধারণ সভা অনুষ্ঠিত হয়। কর্মসূচীতে প্রধান অতিথি ছিলেন সাব্বির রাহমান সানি, উপজেলা নির্বাহী অফিসার, ফটিকছড়ি, চট্টগ্রাম। সভাপতিত্ব করেন জনাব ডঃ সেলিম রেজা- মাধ্যমিক শিক্ষা অফিসার, ফটিকছড়ি উপজেলা, চট্টগ্রাম।

কমিটিতে স্থানীয় গাইড কমিশনার হিসেবে নির্বাচন করা হয় ঝর্ণা রাণী পাল, শিক্ষক, রাঙ্গামাটিয়া উচ্চ বিদ্যালয়, সম্পাদিকা বিবি শায়েমা, শিক্ষক, আজিমপুর আদর্শ উচ্চ বিদ্যালয় এবং কোষাধ্যক্ষ মিলি আকতার শরীফ, শিক্ষক, সমিতির হাট উচ্চ বিদ্যালয়। ১১ জন সদস্য বিশিষ্ট কমিটি গঠিত হয়।

১৯ নভেম্বর, ২০২২ কক্সবাজার জেলায় কক্সবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে কক্সবাজার জেলা সদর এবং চকরিয়া উপজেলায় নতুন কমিটি গঠন করা হয়।

**মত বিনিময় সভাঃ** ২৩ নভেম্বর, ২০২২ চট্টগ্রাম জেলার আনোয়ারা উপজেলায় গাইডিং সম্প্রসারণের উদ্দেশ্যে মাদ্রাসা, সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং মাধ্যমিক বিদ্যালয় এর প্রধান শিক্ষকদের নিয়ে মত বিনিময় সভা উপজেলা নির্বাহী কর্মকর্তার অফিসে অনুষ্ঠিত হয়। কর্মসূচীতে প্রধান অতিথি ছিলেন শেখ জোবায়ের আহমেদ, উপজেলা নির্বাহী কর্মকর্তা, আনোয়ারা উপজেলা, চট্টগ্রাম। বিশেষ অতিথি, মোঃ আনোয়ারুল কাদের, প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, আনোয়ারা উপজেলা, চট্টগ্রাম, আ.ন.ম.নাজমুল উলা, একাডেমিক সুপারভাইজার, মাধ্যমিক শিক্ষা অফিস, আনোয়ারা, চট্টগ্রাম। প্রধান বক্তা, প্রফেসর রীতা দত্ত, সদস্য, আঞ্চলিক কার্যনির্বাহী কমিটি, চট্টগ্রাম অঞ্চল। সভাপতিত্ব করেন ফেরদৌস হোসেন, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, আনোয়ারা, চট্টগ্রাম। কর্মসূচী পরিচালনা করেন ট্রেইনার ইসরাত জাহান। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হতে ৭৫ জন অংশগ্রহন করেন।

৫ ডিসেম্বর, ২০২২ বান্দরবান পার্বত্য জেলায় বান্দরবান সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় এর সেমিনার কক্ষে প্রধান শিক্ষক এবং শিক্ষিকাগণের উপস্থিতিতে উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান এ গাইডিং কার্যক্রম সম্প্রসারণের বিষয়ে মত বিনিময় সভা এবং ৭টি উপজেলায় স্থানীয় এসোসিয়েশন এর কমিটি গঠন করা হয়। কর্মসূচীতে উপস্থিত ছিলেন সরিৎ কুমার চাকমা, জেলা শিক্ষা অফিসার, বান্দরবান পার্বত্য জেলা। সভাপতিত্ব করেন জেলা গাইড কমিশনার স্মৃতি কণা দে। কর্মসূচী বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদান করেন ট্রেইনার ইসরাত জাহান। কর্মসূচীতে ৬০ জন অংশগ্রহন করেন।

১২ ডিসেম্বর, ২০২২ চট্টগ্রাম জেলার সীতাকুন্ড উপজেলায় সকল সরকারি-বেসরকারি প্রাথমিক, নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক বিদ্যালয়, সমমানের মাদ্রাসা এবং কারিগরী শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং কার্যক্রম সম্প্রসারণের উদ্দেশ্যে প্রতিষ্ঠান প্রধানগণের উপস্থিতিতে উপজেলা ভিত্তিক সীতাকুন্ড উপজেলার সম্মেলন কক্ষে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। কর্মসূচীতে প্রধান অতিথি ছিলেন মোঃ শাহাদাত হোসেন, উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, সীতাকুন্ড উপজেলা, চট্টগ্রাম। বিশেষ অতিথি মোহাম্মদ নুরুচ্ছোফা, উপজেলা শিক্ষা অফিসার, সীতাকুন্ড উপজেলা, মোশফেকা আক্তার চৌধুরী, জেলা গাইড কমিশনার, চট্টগ্রাম জেলা। আরো উপস্থিত ছিলেন নাজনীন হক চৌধুরী, স্থানীয় গাইড কমিশনার, সীতাকুন্ড উপজেলা, চট্টগ্রাম। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন এস. মোস্তফা আলম সরকার, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সীতাকুন্ড উপজেলা, চট্টগ্রাম। সভায় সার্বিক দিক পরিচালনায় ছিলেন ট্রেইনার ইসরাত জাহান। মত বিনিময় সভায় ১০৫ জন গাইড সদস্য অংশগ্রহন করেন।

**দীক্ষাদানঃ** ২৮ আগস্ট, ২০২২ হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজে গাইড ও রেঞ্জারদের দীক্ষা দান কর্মসূচী পালন করা হয়। কর্মসূচীতে আগ্রাবাদ মহিলা কলেজ হতে ২৩ জন রেঞ্জার, সিলভার বেলস্ হাই স্কুল হতে ২৩ জন গাইড এবং হালিশহর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ এর ৪৮জন গাইড দীক্ষা গ্রহন করেন। একই সংগে "Free Being Me" কর্মসূচীর উপর সেশন প্রদান করেন রেঞ্জার ফাহমিদা আকতার আঁখি, রেঞ্জার, শৈলমুক্ত রেঞ্জার ইউনিট।

২৯ আগস্ট, ২০২২ চট্টগ্রাম সেনানিবাস এ চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ এর ৪২ জন রেঞ্জার দীক্ষা গ্রহন করেন।

৩০ আগস্ট ফটিকছড়ি উপজেলায় নাজিরহাট বালিকা উচ্চ বিদ্যালয় এ ৬২ জন গাইড এবং নানুপুর বালিকা উচ্চ বিদ্যালয়ের ১১০ জন গাইড দীক্ষা গ্রহন করেন।

১ সেপ্টেম্বর, ২০২২ বাকলিয়া সরকারি উচ্চ বিদ্যালয় এ ১২০ জন গাইড দীক্ষা গ্রহন করেন।

৩ সেপ্টেম্বর কক্সবাজার জেলা বায়তুশ শরফ জব্বারিয়া একাডেমীর ৩৬ জন গাইড, কক্সবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ৫১ জন গাইড, আমেনা খাতুন বালিকা উচ্চ বিদ্যালয়ের ৪১ জন গাইড দীক্ষা গ্রহন করেন। দীক্ষাদান করেন জেলা গাইড কমিশনার সামসুন্নাহার বেগম।

৫ সেপ্টেম্বর সিডিএ পাবলিক স্কুল এন্ড কলেজের ৮০ জন গাইড এবং ২০ জন রেঞ্জার দীক্ষা গ্রহন করেন। ৮ সেপ্টেম্বর জামাল খান রোডস্থ ডাঃ খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের দিবা শাখার ২৪০ জন এবং প্রাতঃ শাখার ২৪০ জন সহ ৪৮০ জন দীক্ষা গ্রহন করেন। ১৪ সেপ্টেম্বর গুলএজার বেগম সিটি কর্পোরেশন মুসলিম বালিকা উচ্চ বিদ্যালয়ের ৭০ জন গাইড দীক্ষা গ্রহন করেন। ১৮ সেপ্টেম্বর অংকুর সোসাইটি বালিকা উচ্চ বিদ্যালয়ের ১৮১ জন গাইড দীক্ষা গ্রহন করেন। দীক্ষা দান করেন প্রফেসর রীতা দত্ত।

১৬ অক্টোবর প্রবর্ত্তক স্কুল এন্ড কলেজের ৪০ জন গাইড এবং ২৫ জন রেঞ্জার দীক্ষা গ্রহন করেন। ২৮ অক্টোবর খাগড়াছড়ি পার্বত্য জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান দীক্ষাদান কর্মসূচীতে অংশগ্রহন করেন। ৪২১ জন গাইড এবং ২০০ জন হলদে পাখিদের দীক্ষা দান করেন জেলা গাইড কমিশনার শ্রীলা তালুকদার, খাগড়াছড়ি।

৬ নভেম্বর, ২০২২ কক্সবাজার জেলার সৈকত বালিকা উচ্চ বিদ্যালয়ের ২০০ জন এবং আমেনা খাতুন বালিকা উচ্চ বিদ্যালয়ের ৮০ জন সহ ২৮০ জন গাইড দীক্ষা গ্রহন করেন। ১০ নভেম্বর চট্টগ্রাম জেলার পাঁচলাইশ থানার হাজী চাঁন্দ মিঞা সওদাগর উচ্চ বিদ্যালয়ে ২০০জন গাইড দীক্ষা গ্রহন করেন। ১২ নভেম্বর হালিশহরে সিলভার বেলস্ গার্লস হাই স্কুলের ২০০ জন গাইড দীক্ষা গ্রহন করেন। দীক্ষা দান করেন ইসরাত জাহান শিল্পী। ১০ নভেম্বর হাজী চাঁন্দ মিঞা সওদাগর উচ্চ বিদ্যালয়ে ২০০ জন গাইড দীক্ষা গ্রহন করেন। ২২ নভেম্বর রাঙ্গুনিয়া উপজেলায় বেগম ইকবাল জাকির হোসেন বালিকা উচ্চ বিদ্যালয়ের ৪৬ জন, রাঙ্গুনিয়া মজুমদারখীল উচ্চ বিদ্যালয়ের ৩২ জন পোমরা শহীদ জিয়া নগর উচ্চ বিদ্যালয়ের ৩৪ জন সহ ১১২ জন গাইড এর পরীক্ষা ও দীক্ষা দান অনুষ্ঠিত হয়।

**জাতীয় শোক দিবস পালন:** ১৫ আগস্ট, ২০২২ সর্বকালের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭ তম শাহাদাত বার্ষিকীতে বিনম্র শ্রদ্ধা ও ফুলেল শুভেচ্ছা জানানো হয় মুরাদপুরাস্থ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর মুজিব কর্ণারে। কর্মসূচীতে হলদে পাখি, গাইড, রেঞ্জার, গাইড সদস্য ও অফিস স্টাফ সহ ৪৫ জন উপস্থিত থেকে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালন করেন। এছাড়া চট্টগ্রাম অঞ্চলের ৫ টি জেলার সকল উপজেলায় যথাযোগ্য মর্যাদার সাথে দিবসটি পালন করা হয়।

২৪ নভেম্বর, মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে কুচকাওয়াজ ও ডিসপ্লে উপ-কমিটির সভা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় ট্রেইনার মোছাঃ শায়লা শাবরিন উপস্থিত ছিলেন।



জাতীয় শোক দিবসে গাইড সদস্যদের শ্রদ্ধা নিবেদন

**মহান বিজয় দিবস পালন:** ১৬ ডিসেম্বর,২০২২ গৌরবময় মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়। কর্মসূচীতে বাকলিয়া সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় হতে ১৫ জন গাইড এবং অপর্ণাচরণ সিটি কর্পোরেশন বালিকা স্কুল এন্ড কলেজ হতে ১৫ জন গাইড, ২ জন গাইডার এবং ২ জন ট্রেইনার এম.এ. আজিজ স্টেডিয়ামের মাঠে কুচকাওয়াজে অংশগ্রহন করেন। এছাড়াও চট্টগ্রাম অঞ্চলের আওতাধীন ৫ টি জেলার প্রত্যেকটি উপজেলায় গাইড সদস্যরা দিবসটির বিভিন্ন কর্মসূচীতে অংশগ্রহন করেন।



মহান বিজয় দিবসে গাইড সদস্যদের অংশগ্রহণ

### আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস পালন

৯ ডিসেম্বর, ২০২২ আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস যথাযোগ্য মর্যাদায় মানববন্ধন ও জেলা শিল্প কলা একাডেমী মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। কর্মসূচীতে বাকলিয়া সরকারি উচ্চ বিদ্যালয় হতে ২০ জন গাইড, অপর্ণাচরণ সিটি কর্পোরেশন স্কুল এন্ড কলেজ হতে ২০ জন রেঞ্জার, ওমর গণি এম.ই.এস. কলেজ হতে ১০ জন রেঞ্জার, গাইড গাইডার ২ জন অফিস স্টাফ ২ জন সহ ৫৪ জন অংশগ্রহন করেন।

## কুমিল্লা অঞ্চল

### জুলাই - ডিসেম্বর ২০২২ মাস পর্যন্ত বাস্তবায়িত কাজের প্রতিবেদন

### মৌলিক কোর্স প্রশিক্ষণ

২৭-৩১ আগস্ট ২০২২ তারিখ ফেনী ল্যাবরেটরী হাইস্কুলে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের ৪২ জন গাইডারদের নিয়ে ৫ দিনব্যাপী গাইডারদের মৌলিক কোর্স প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানের সমাপনী ও সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মোমেনা আক্তার, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ফেনী এবং বিশেষ অতিথি ছিলেন কাজি সলিম উল্লাহ, জেলা শিক্ষা অফিসার, ফেনী। সভাপতিত্ব করেন জাহান আরা বেগম, আঞ্চলিক কমিশনার, কুমিল্লা অঞ্চল ও অবসরপ্রাপ্ত যুগ্মসচিব। প্রশিক্ষণটি পরিচালনা করেন ট্রেইনার নূরুন নাহার।









২৭-৩১ আগস্ট ২০২২ ফেনী ল্যাবরেটরী হাইস্কুলে কারিগরি ও মাদ্রাসার শিক্ষিকাদের ৫ দিনব্যাপী মৌলিক কোর্স প্রশিক্ষণ।



## ১ দিনের ওরিয়েন্টেশন কোর্স ও ৫ দিনের মৌলিক কোর্স প্রশিক্ষণ

১১ সেপ্টেম্বর, ২০২২ লেডী দেহলভী বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়াম, চাঁদপুর সদর, চাঁদপুরে ২০২১-২০২২ অর্থ বছরে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৪৫ জন শিক্ষিকাদের নিয়ে ০১ দিনের ওরিয়েন্টেশন কোর্স এবং ১২-১৬ সেপ্টেম্বর ২০২২ তারিখ মৌলিক কোর্স প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত কোর্সের সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রফেসর ফারহানা হক, উপ-সচিব (সমন্বয় ও মনিটরিং), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও বিশেষ অতিথি ছিলেন মোঃ আব্দুর রেজ্জাক সিদ্দিকী, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত), চাঁদপুর। আরো উপস্থিত ছিলেন ঢাকাস্থ জাতীয় কার্যালয়ের প্রশিক্ষণ কমিশনার ও জাতীয় কমিশনারের একান্ত সচিব অনুষ্ঠানের সভাপতিত্ব করেন জাহান আরা বেগম, আঞ্চলিক কমিশনার, কুমিল্লা অঞ্চল। প্রশিক্ষণটি পরিচালনা করেন ট্রেইনার নূরুন নাহার।







এডিস মশা ডিম পাড়ার ও বংশবিস্তারের স্থান



ডেঙ্গু থেকে বাঁচার উপায়, বাড়ির আঙ্গিনায় বৃষ্টির পানি জমতে দেয়া যাবেনা, নিয়মিত টবের পানি ফেলে পরিষ্কার করা। সচেতনতা বৃদ্ধি করা। আসুন ডেঙ্গু থেকে বাঁচতে আমরা নিজেরা সচেতন হই, অন্যকেও উৎসাহিত করি।










১ দিনের ওরিয়েন্টেশন কোর্স ও ৫ দিনের মৌলিক কোর্স প্রশিক্ষণ

## দীক্ষা দান

৬ সেপ্টেম্বর, ২০২২ বেগম খোরশেদা কালুমিয়া উচ্চ বিদ্যালয়, দাউদকান্দিতে দীক্ষা দান অনুষ্ঠিত হয়। ৫০ জন মেয়েদের টেন্ডারফুট পরীক্ষা গ্রহণ শেষে দীক্ষা দেন প্রাক্তন আঞ্চলিক কমিশনার, সিলেট অঞ্চল ও অত্র বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা খোরশেদা বেগম।




দীক্ষা দান

## নতুন হলদে পাখিদের টেস্ট কার্ড (রিক্রুট টেস্ট কার্ড) বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠান

১৯ অক্টোবর, ২০২২ চাঁদপুর গভ. টেকনিক্যাল হাইস্কুল, বাবুর হাট, চাঁদপুর সদর, চাঁদপুর নতুন হলদে পাখিদের টেস্ট কার্ড (রিক্রুট টেস্ট কার্ড) বিষয়ক প্রশিক্ষণ ও ২৪০ জন হলদে পাখিদের ইউনিফর্ম প্রদান করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ফাতেমা মেহের ইয়াসমিন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চাঁদপুর এবং বিশেষ অতিথি ছিলেন আব্দুর রেজ্জাক সিদ্দিকী, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চাঁদপুর। আরো উপস্থিত ছিলেন উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সদর উপজেলা। আঃ কার্যনির্বাহী কমিটির সদস্যসহ জেলা ও স্থানীয় কমিশনারগণ, প্রধান শিক্ষকগণ, বিজ্ঞ পাখিবৃন্দ, জেলা ও স্থানীয় এসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির সদস্যগণ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সেলিনা আক্তার, আঞ্চলিক সেক্রেটারী, কুমিল্লা অঞ্চল ও সাবেক উপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, কুমিল্লা। চাঁদপুর গভ. টেকনিক্যাল হাইস্কুলের ৫০ জন গাইড মেয়েদের টেন্ডারফুট পরীক্ষা গ্রহণ শেষে দীক্ষা দেন আঞ্চলিক সেক্রেটারী ও গাইড জেলা কমিশনার আলেয়া ফেরদৌসী।







নতুন হলদে পাখিদের টেস্ট কার্ড (রিক্রুট টেস্ট কার্ড) বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠান, চাঁদপুর জেলা

## অঞ্চল পর্যায়ে জেলা (কমিটি) ভিত্তিক সাংগঠনিক ওয়ার্কশপ

১৩ অক্টোবর, ২০২২ অঞ্চল পর্যায়ে জেলা ভিত্তিক সাংগঠনিক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। কর্মসূচিতে প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার, সদর উপজেলা, নোয়াখালী জেলা। আরো উপস্থিত ছিলেন আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্যসহ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, নোয়াখালী জেলা এবং কুমিল্লা অঞ্চলের ৬ জেলার গাইড জেলা কমিশনার ও জেলা কমিটির সদস্যবৃন্দ। সভাপতিত্ব করেন জাহান আরা বেগম, আঞ্চলিক কমিশনার, কুমিল্লা অঞ্চল।





অঞ্চল পর্যায়ে জেলা (কমিটি) ভিত্তিক সাংগঠনিক ওয়ার্কশপ

## দীক্ষা দান

১৭ অক্টোবর, ২০২২ কুমিল্লা মডার্ণ হাইস্কুলের ২৯০ জন মেয়েদের টেন্ডারফুট পরীক্ষা গ্রহন শেষে দীক্ষা দেন ট্রেইনার নূরুন নাহার। দীক্ষা শেষে অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষক বক্তব্য রাখেন।




২৩ অক্টোবর, ২০২২ কুমিল্লা সরকারি কলেজ রেঞ্জার ইউনিট কর্তৃক আয়োজিত টেন্ডার ফুট পরীক্ষা শেষে ২৫ রেঞ্জারদের দীক্ষা দেওয়া হয়। দীক্ষা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রফেসর মো ঃ বাহাদুর হোসেন, অধ্যক্ষ, কুমিল্লা সরকারি কলেজ, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাহান আরা বেগম, আঞ্চলিক কমিশনার, কুমিল্লা অঞ্চল। সভাপতি ছিলেন মোসা ঃ হালিমা আক্তার, ক্যাপ্টেন, কুমিল্লা সরকারি কলেজ, কুমিল্লা। দীক্ষা প্রদান করেন জাহান আরা বেগম, আঞ্চলিক কমিশনার, সেলিনা আক্তার, আঞ্চলিক সেক্রেটারী ও নূরুন নাহার, আঞ্চলিক ট্রেইনার, কুমিল্লা অঞ্চল।



কুমিল্লা মডার্ণ হাইস্কুলে দীক্ষা দান




কুমিল্লা সরকারি কলেজ রেঞ্জার ইউনিট কর্তৃক আয়োজিত টেন্ডার ফুট পরীক্ষা ও রেঞ্জারদের দীক্ষা দান

২৫ অক্টোবর ২০২২ তারিখ বাঙ্গরা উমালোচন উচ্চ বিদ্যালয়, মুরাদনগর, কুমিল্লায় টেন্ডারফুট পরীক্ষা শেষে ৫০ জন গাইড মেয়েকে দীক্ষা দেন ট্রেইনার নূরুন নাহার ও স্থানীয় কমিশনার সৈয়দা হাছিনা আক্তার।

২০ নভেম্বর, ২০২২ পাঁচকিত্তা উচ্চ বিদ্যালয় ও আকাব্বরের নেছা বালিকা উচ্চ বিদ্যালয়, মুরাদনগর, কুমিল্লা দীক্ষা দান কর্মসূচি অনুষ্ঠিত হয়। টেন্ডারফুট পরীক্ষা শেষে ৯০ জন গাইড মেয়েদের গাইডের দীক্ষা দেন ট্রেইনার নূরুন নাহার।




দীক্ষাদান, আকাব্বরের নেছা বালিকা উচ্চ বিদ্যালয় ও পাঁচকিত্তা উচ্চ বিদ্যালয়, মুরাদনগর, কুমিল্লা

২২ নভেম্বর ২০২২ তারিখ চান্দ্রাবাজার ইয়াকুব আলী স্মারক উচ্চ বিদ্যালয়, চাঁদপুর সদর উপজেলায় ১৫০ জন মেয়েদের টেন্ডারফুট পরীক্ষা শেষে দীক্ষা দেন সেলিনা আক্তার, আঞ্চলিক সেক্রেটারী ও ট্রেইনার নূরুন নাহার।

২৩ নভেম্বর, ২০২২ সংরাইশ সালেহা আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয়, সদর উপজেলা, কুমিল্লায় ৬০ জন মেয়েদের টেন্ডারফুট পরীক্ষা শেষে দীক্ষা দেন এড. ফাহমিদা জেবিন, স্থানীয় কমিশনার, আদর্শ সদর উপজেলা, কুমিল্লা ও সেলিনা আক্তার, আঞ্চলিক সেক্রেটারী।

১৮ ডিসেম্বর, ২০২২ বাতাবাড়িয়া হাইস্কুল এবং গভর্ণমেন্ট ল্যাবরেটরী হাই স্কুলসহ মোট ১৫০ জন মেয়েদের টেন্ডারফুট পরীক্ষা শেষে দীক্ষা দেন অতিরিক্ত আঞ্চলিক কমিশনার, গাইড জেলা কমিশনার, কুমিল্লা আদর্শ উপজেলার স্থানীয় গাইড কমিশনার ও আঞ্চলিক সেক্রেটারী প্রমূখ।

## আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সভা

আঞ্চলিক কমিশনার জাহান আরা বেগম এর সভাপতিত্বে ৩১ অক্টোবর, ২০২২ কার্যনির্বাহী কমিটির সভা গাইড হাউজে অনুষ্ঠিত হয়।



আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সভা

## গাইড গাইডার কোর্স প্রশিক্ষণ

১৩ হতে ১৭ নভেম্বর, ২০২২ গভ. মডেল গার্লস হাই স্কুল, ব্রাহ্মণবাড়িয়ায় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের ৪০ জন শিক্ষিকাদের নিয়ে ৫ দিনব্যাপী মৌলিক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি ছিলেন মো. জুলফিকার হোসেন, জেলা শিক্ষা কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া ও বিশেষ অতিথি ছিলেন জীবন ভট্টাচার্য্য, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলা।



ব্রাহ্মণবাড়িয়া জেলায় কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষিকাদের ৫ দিনব্যাপী মৌলিক প্রশিক্ষণ কোর্সে সনদ বিতরণ

ব্রাহ্মণবাড়িয়া জেলার গাইড জেলা কমিশনার ও অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা পারভীন আক্তার স্থানীয় কমিশনার আসমা বেগম ও জেলা কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন জাহান আরা বেগম, আঞ্চলিক কমিশনার, কুমিল্লা অঞ্চল। প্রশিক্ষণটি পরিচালনা করেন ট্রেইনার নূরুন নাহার।

## কমিটি গঠন

১৭ নভেম্বর, ২০২২ ব্রাহ্মণবাড়িয়া জেলায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষিকাদের উপস্থিতিতে গভ. মডেল গার্লস হাই স্কুলের প্রধান শিক্ষিকার অফিস কক্ষে ব্রাহ্মণবাড়িয়া জেলা ও স্থানীয় কমিটি গঠন করা হয়। সভাপতিত্ব করেন জাহান আরা বেগম, আঞ্চলিক কমিশনার, কুমিল্লা অঞ্চল।

২৩ নভেম্বর, ২০২২ ব্রাহ্মণবাড়িয়া জেলার কসবা উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষিকাদের উপস্থিতিতে কসবা



বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকার অফিস কক্ষে কসবা উপজেলায় স্থানীয় কমিটি গঠন করা হয়। কমিটি গঠনে উপস্থিত ছিলেন মোসাম্মৎ নূরুন নাহার, ট্রেইনার।

## জাতীয় শোক দিবস

বঙ্গবন্ধুর শেখ মুজিবুর রহমান এর ৪৭ তম শাহাদত বার্ষিকীতে কুমিল্লা গাইড অঞ্চলের পক্ষ থেকে জাতির পিতার মূরালে পুস্পস্তবক অর্পন করেন পাপড়ী বসু, অতিরিক্ত আঃ কমিশনার, রোকসানা ফেরদৌস মজুদার, গাইড জেলা কমিশনার ও প্রধান শিক্ষিকা, নবাব ফয়জুন্নেছা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় এবং আদর্শ সদর উপজেলা কুমিল্লা'র বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের গাইড, রেঞ্জার, গাইডার, আঞ্চলিক ট্রেইনার কমিশনারসহ অনেকে।




জাতীয় শোক দিবস র্যালিতে রেঞ্জারদের অংশগ্রহণ

## একটি সফল হাইকিং

২০ জুলাই, ২০২২ কুমিল্লা অঞ্চলের পক্ষ থেকে একটি হাইকিং কার্যক্রম পরিচালিত হয়। কুমিল্লা অঞ্চলের সুযোগ্য আঞ্চলিক কমিশনার ও অবসরপ্রাপ্ত যুগ্মসচিব জাহান আরা বেগমের নেতৃত্বে ৮টি শিক্ষা প্রতিষ্ঠানের ১৯ জন গাইড ও রেঞ্জার এবং ৪ জন গাইড শিক্ষকসহ বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড) কোটবাড়ি, কুমিল্লা থেকে সকাল ৯:০০ টায় যাত্রা শুরু করে হেঁটে কোটবাড়ি বিশ্বরোড, দিদার মার্কেট, দৌলতপুর, ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা রেলওয়ে স্টেশন, পুলিশ লাইন হয়ে জেলা প্রশাসকের কার্যালয়ে শেষ হয়।






হাইকিং এ রেঞ্জারদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ

## রেঞ্জার কাউন্সিল অধিবেশন ও নির্বাচন

১৬ তম জাতীয় রেঞ্জার কাউন্সিল অধিবেশন ও নির্বাচন, ২০২২ এ কুমিল্লা অঞ্চল হতে ১৪ জন রেঞ্জার ও ১ জন অভিভাবক ঢাকাস্থ জাতীয় কার্যালয়ে ৫ থেকে ৮ আগস্ট ২০২২ তারিখ পর্যন্ত অবস্থানপূর্বক নির্বাচনে অংশগ্রহণ করেন।

## জাতীয় শিশু দিবস, পুষ্টি, ডেঙ্গু, পরিস্কার পরিচ্ছন্নতা, ট্রাফিক সচেতনতামূলক প্রশিক্ষণ

১৩ অক্টোবর, ২০২২ নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নোয়াখালীতে জাতীয় শিশু দিবস, পুষ্টি, ডেঙ্গু, পরিস্কার পরিচ্ছন্নতা, ট্রাফিক সচেতনতামূলক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। কর্মসূচিতে উপস্থিত ছিলেন আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্যসহ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, নোয়াখালী জেলা। আরো উপস্থিত ছিলেন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকগণ, সহকারী শিক্ষকগণ, বিজ্ঞ পাখি গাইডার, হলদে পাখিসহ মোট ৬০ জন। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন পাপড়ী বসু, অতিক্তি আঞ্চলিক কমিশনার।





জাতীয় শিশু দিবস/ পুষ্টি/ ডেঙ্গু/ পরিস্কার পরিচ্ছন্নতা/ ট্রাফিক সচেতনতামূলক প্রশিক্ষণ এবং অঞ্চল পর্যায়ে জেলা কমিটি ভিত্তিক সাংগঠিক ওয়ার্কশপ

## অঞ্চল পর্যায়ে জেলা (কমিটি) ভিত্তিক সাংগঠিক ওয়ার্কশপ

১৩ অক্টোবর, ২০২২ অঞ্চল পর্যায়ে জেলা ভিত্তিক সাংগঠিক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। কর্মসূচিতে প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার, সদর উপজেলা, নোয়াখালী। আরো উপস্থিত ছিলেন আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্যসহ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, নোয়াখালী এবং কুমিল্লা অঞ্চলের ৬ জেলার কমিটির প্রতিনিধিবৃন্দ। সভাপতিত্ব করেন জাহান আরা বেগম, আঞ্চলিক কমিশনার, কুমিল্লা অঞ্চল।

এডিস মশা ডিম পাড়ার ও বংশবিস্তারের স্থান



ডেঙ্গু থেকে বাঁচার উপায়, বাড়ির আঙ্গিনায় বৃষ্টির পানি জমতে দেয়া যাবেনা, নিয়মিত টবের পানি ফেলে পরিষ্কার করা। সচেতনতা বৃদ্ধি করা। আসুন ডেঙ্গু থেকে বাঁচতে আমরা নিজেরা সচেতন হই, অন্যকেও উৎসাহিত করি।





নতুন হলদে পাখিদের টেস্ট কার্ড (রিক্রুট টেস্ট কার্ড) বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠান, চাঁদপুর জেলা

## কার্নিভাল

হলদে পাখি কর্মসূচি সম্প্রসারণের লক্ষ্যে ৯ নভেম্বর, ২০২২ চাঁদপুর গভ. টেকনিক্যাল হাই স্কুলের অডিটোরিয়াম, চাঁদপুর সদরে হলদে পাখি কার্নিভাল ও আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠিত হয়। চাঁদপুর জেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের হলদে পাখির ঝাঁক অংশগ্রহণ করে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বশির আহমেদ, অতিরিক্তি জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), চাঁদপুর। বিশেষ অতিথি ছিলেন ফাতেমা মেহের ইয়াসমিন, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, চাঁদপুর। সভাপতি ছিলেন জাহান আরা বেগম, আঞ্চলিক কমিশনার, কুমিল্লা অঞ্চল।






হলদে পাখি কার্নিভাল, গভ. টেকনিক্যাল হাইস্কুল, চাঁদপুর সদর

## ১৬ তম জাতীয় রেঞ্জার কাউন্সিল

১৬তম জাতীয় রেঞ্জার কাউন্সিলের ১ম সভা ঢাকাস্থ জাতীয় কার্যালয়ে ১৫ ও ১৬ অক্টোবর ২০২২ তারিখ অনুষ্ঠিত হয়। সভায় কুমিল্লা গাইড অঞ্চল হতে ২ রেঞ্জার অংশগ্রহণ করেন।

## Adolescent Nutrintion Challenges During Covid'19 Sutution in Bangladesh

২ নভেম্বর, ২০২২ বাংলাদেশ সরকারের স্বাস্থ্য মন্ত্রণালয়ের উদ্যোগে ও বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের সহযোগিতায় কুমিল্লা সিটি কর্পোরেশন Adolescent Nutrintion Challenges During Covid'19 Sutution in Bangladesh শীর্ষক গবেষণায় কুমিল্লা গাইড অঞ্চলের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ১২ জন গাইড ও ০২ জন গাইডার এবং আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্যসহ ট্রেইনার অংশগ্রহণ করেন।

## দূর্নীতিবিরোধী দিবস

৯ ডিসেম্বর, ২০২২ কুমিল্লা জেলা প্রশাসন ও জেলা দূর্নীতি দমন কমিশনের উদ্যোগে আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস উপলক্ষ্যে কুমিল্লা টাউন হলে মানববন্ধন ও আলোচনা সভা'র আয়োজন করা হয়। উক্ত কর্মসূচিতে কুমিল্লা গাইড অঞ্চলের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের গাইড ও গাইডারসহ মোট ৩৫ জন অংশগ্রহণ করেন।




আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবসে গাইডদের মানববন্ধন

## বিজয় দিবস

জেলা প্রশাসক, কুমিল্লা জেলা কর্তৃক বিজয় দিবস ২০২২ উদ্‌যাপন উপলক্ষে কুমিল্লা জেলা স্টেডিয়ামে কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়। কুচকাওয়াজে কুমিল্লা গাইড জেলার আদর্শ সদর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হতে হলদে পাখি ও গাইড দল অংশগ্রহণ করে।



বিজয় দিবসে গাইডদের অংশগ্রহণ

## ৩য় আঞ্চলিক পরিষদ অধিবেশন

১৭ ডিসেম্বর, ২০২২ তারিখ লক্ষ্মীপুর কলেজিয়েট উচ্চ বিদ্যালয়, লক্ষ্মীপুর সদরে দিনব্যাপী কুমিল্লা গাইড অঞ্চলের ৩য় আঞ্চলিক পরিষদ অধিবেশন অনুষ্ঠিত হয়। অধিবেশনে প্রধান অতিথি ছিলেন কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন ও অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।



আঞ্চলিক পরিষদ অধিবেশনে জাতীয় কমিশনারকে গার্ড অব. অনার প্রদান

বিশেষ অতিথি ছিলেন মো ঃ আনোয়ার হোছাইন আকন্দ, জেলা প্রশাসক ও জেলা ম্যাজিষ্ট্রেট, লক্ষ্মীপুর। আরো উপস্থিত ছিলেন ডেপুটি জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), লক্ষ্মীপুর জেলা শিক্ষা কর্মকর্তা, লক্ষ্মীপুর, জেলা সিভিল সার্জন, লক্ষ্মীপুর, কুমিল্লা গাইড অঞ্চলের আওতায় ৬টি জেলার গাইড, জেলা কার্যনির্বাহী কমিটির সদস্যগণ, কাউন্সিলারগণ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, শিক্ষকবৃন্দ, গাইড, রেঞ্জারসহ অন্যান্য অতিথিবৃন্দ। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন জাহান আরা বেগম, আঞ্চলিক কমিশনার, কুমিল্লা অঞ্চল।




আঞ্চলিক পরিষদ অধিবেশনে বক্তব্য দেন জাতীয় কমিশনার

## ৯ম জাতীয় ঝাঁক অবকাশ

২০ হতে ২৫ ডিসেম্বর ২০২২ বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন এর ৯ম জাতীয় ঝাঁক অবকাশ ২০২২ জাতীয় ক্যাম্প সাইট বাড়ইপাড়াস্থ, কালিয়াকৈর উপজেলা, গাজীপুরে অনুষ্ঠিত হয়। উক্ত কর্মসূচিতে কুমিল্লা গাইড অঞ্চল হতে ১০ জন হলদে পাখি, ২ জন রেঞ্জার ও ২ জন বিজ্ঞ পাখিসহ ১৫ জন অংশগ্রহণ করেন।





৯ম জাতীয় ঝাঁক অবকাশ ২০২২ এর আলোকচিত্র

# ঢাকা অঞ্চল

## জুলাই হতে ডিসেম্বর, ২০২২ পর্যন্ত কার্যক্রম

**গাইড গাইডার ওরিয়েন্টেশন কর্মসুচী:** ২৫ জুলাই, ২০২২ নরসিংদী জেলার শিবপুর উপজেলায় শিবপুর উপজেলাধীন বিভিন্ন মাধ্যমিক মাদ্রাসা, কারিগরি ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং কর্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে এক দিনের গাইড গাইডার ওরিয়েন্টেশন কর্মসুচী শিবপুর সরকারি পাইলট মডেল উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। ৪৩টি প্রতিষ্ঠান হতে ৪৩ জন শিক্ষক প্রশিক্ষণ গ্রহন করেন। ওরিয়েন্টেশন কর্মসুচী উদ্বোধন করেন উপজেলা নিবার্হী অফিসার ও শিবপুর উপজেলা গার্ল গাইডস্ কমিটির উপদেষ্টা জিনিয়া জিন্নাত। উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব হারুনুর রশীদ খান, উপজেলা মাধ্যামিক ও প্রাথমিক শিক্ষা অফিসার, বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও উপজেলা স্কাউট সম্পাদক এবং প্রশিক্ষণে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত থেকে প্রশিক্ষণ শেষে প্রশিক্ষনার্থীদের হাতে সার্টিফিকেট তুলে দেন। প্রশিক্ষণে ঢাকা আঞ্চলিক কমিটির সদস্য রওশন হায়দার উপস্থিত ছিলেন। কর্মসূচী আয়োজন করেন স্থানীয় কমিশনার নার্গিস সুলতানা। প্রশিক্ষণ পরিচালনা করেন তাছলিমা আক্তার ট্রেইনার, ঢাকা অঞ্চল।

**ইনভেস্টিটিচার ট্রেইনিং :** ২৪ হতে ২৬ জুলাই, ২০২২ পর্যন্ত ঢাকা জেলার মোফাজ্জল মোমেনা চাকলাদার মহিলা কলেজে রেঞ্জারদের ইনভেস্টিটিচারস প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণে ঢাকা জেলার ৪টি কলেজ হতে ৭৪ জন রেঞ্জার অংশগ্রহণ করে।



**কমিটি গঠন:** ২১ জুলাই, ২০২২ গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলায় গার্ল গাইডস্ কমিটি গঠন করা হয়। সভা অনুষ্ঠিত হয় জাতির পিতা বঙ্গবন্ধু সরকারি হাই স্কুলে। সভায় সভাপতিত্ব করেন যোবেদা আখতার, জেলা কমিশনার, গাজীপুর। জাতির পিতা বঙ্গবন্ধু সরকারি হাই স্কুলের প্রধান শিক্ষকসহ ৩০ টির অধিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক উপস্থিত থেকে ৯ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। সভায় উপস্থিত ছিলেন গাজীপুর জেলার সদর উপজেলার স্থানীয় কমিশনার নুরুন্নাহার আক্তার এবং ঢাকা আঞ্চলিক কার্যালয় হতে কাজী শামীমা, জুনিয়র ট্রেইনার।

**জাতীয় রেঞ্জার পরিষদ অধিবেশন:** ৬ হতে ৯ আগস্ট, ২০২২ জাতীয় কার্যালয় আয়োজিত জাতীয় রেঞ্জার পরিষদ অধিবেশনে ঢাকা অঞ্চল হতে ১ জন রেঞ্জার গাইডার ও ১২ জন রেঞ্জার অংশগ্রহণ করেন।

**গাইড গাইডার বেসিক কোর্স প্রশিক্ষণ:** ২৭ হতে ৩১ আগস্ট, ২০২২ পর্যন্ত দিনব্যাপী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে নরসিংদী জেলার শিবপুর উপজেলায় শিবপুর সরকারি পাইলট মডেল উচ্চ বিদ্যালয়ে গাইড গাইডার বেসিক কোর্স প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪৫ জন মহিলা শিক্ষক ও শিবপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহন করেন।


প্রধান অতিথি হিসেবে প্রশিক্ষণের উদ্বোধন করেন উপজেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক শামসুল আলম ভুইয়া। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক নুরুদ্দীন মো: আলমগীর ও শিক্ষকবৃন্দ।

সমাপনী অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার জিনিয়া জিন্নাত গার্ল গাইডের দীক্ষা ব্যাজ প্রতিজ্ঞার মাধ্যমে গ্রহন করনে। এসময় উপস্থিত ছিলেন সহকারী কমিশনার ভুমি শরীফ মোহাম্মদ হেলাল উদ্দীন, উপজেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক আলহাজ্ব শামসুল আলম ভুইয়া, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান তাপসী রাবেয়া, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো: আলতাফ হোসেন, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো: রুহুল সগীর, শিবপুর সরকারি পাইলট মডেল উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক নুরুদ্দীন মো: আলমগীর, জেলা কমিশনার তাহমিনা ফেরদৌসী, শিবপুর উপজেলা গার্ল গাইডস্ কমিশনার নাগিস সুলতানা এবং উপজেলা গার্ল গাইডস্ এসোসিয়েশনের কর্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ।



প্রশিক্ষণার্থীদের মধ্যে সার্টিফিকেট বিতরণ করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা ও দীক্ষা ব্যাজ প্রদান করেন, মনোহরদী উপজেলার স্থানীয় কমিশনার আল্পনা রায়, জেলা কমিশনার তাহমিনা ফেরদৌসী। পাঁচদিন ব্যাপী প্রশিক্ষণ পরিচালনা করেন ট্রেইনার তাছলিমা আক্তার। সকলকে ধন্যবাদ জানিয়ে ট্যাপ্স এর মাধ্যমে প্রশিক্ষনের সমাপ্তি ঘোষনা করা হয়।

এডিস মশা ডিম পাড়ার ও বংশবিস্তারের স্থান




ডেঙ্গু থেকে বাঁচার উপায়, বাড়ির আঙ্গিনায় বৃষ্টির পানি জমতে দেয়া যাবেনা, নিয়মিত টবের পানি ফেলে পরিষ্কার করা। সচেতনতা বৃদ্ধি করা। আসুন ডেঙ্গু থেকে বাঁচতে আমরা নিজেরা সচেতন হই, অন্যকেও উৎসাহিত করি।

**জেলা কার্যালয় উদ্বোধন:** ২৮ আগস্ট, ২০২২ জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট ড. রহিমা খাতুন প্রদত্ত সমন্বিত সরকারি অফিস ভবন, লেক পাড়ে মাদারীপুর জেলা এসোসিয়েশন অফিস উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিমুল কুমার সাহা, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)। বিশেষ অতিথি ছিলেন নাসির উদ্দিন আহমেদ, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মাদারীপুর ও রওশান হায়দার, সদস্য আঞ্চলিক কার্যনির্বাহী কমিটি।



জেলা কার্যালয়ের শুভ উদ্বোধন, মাদারীপুর

আরও উপস্থিত ছিলেন রওশান ইসলাম, আঞ্চলিক কমিশনার, রাজধানী অঞ্চল, শিউলি আক্তার, জেলা কমিশনার মুন্সিগঞ্জ জেলা এবং মাদারীপুর জেলা ও স্থানীয় এসোসিয়েশনের সদস্যগণ, গাইড ও হলদে পাখি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এস, এম এমরাতুন্নেছা, মাদারীপুর জেলা কমিশনার।

**বিজ্ঞ পাখি গাইডার প্রশিক্ষণ:** ২৮ আগস্ট হতে ১ সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত ঢাকা অঞ্চল আয়োজিত ৫ দিনব্যাপী শিক্ষা প্রতিষ্ঠানে গাইডিং কার্যক্রম সম্প্রসারণের উদ্দেশ্যে ঢাকা অঞ্চলের মাদারীপুর জেলা কার্যালয়ে বিজ্ঞ পাখি গাইডার প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে মাদারীপুর জেলার সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে ৪৫ জন শিক্ষক প্রশিক্ষণ গ্রহন করেন।



সনদপত্র হাতে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীবৃন্দ

প্রশিক্ষণে বিশেষ অতিথি ছিলেন নাসির উদ্দিন আহমেদ, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মাদারীপুর, রওশান ইসলাম, আঞ্চলিক কমিশনার, রাজধানী অঞ্চল, শিউলি আক্তার, জেলা কমিশনার মুন্সিগঞ্জ জেলা এবং মাদারীপুর জেলা ও স্থানীয় এসোসিয়েশনের সদস্যগণ, গাইড ও হলদে পাখি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এস, এম এমরাতুন্নেছা, মাদারীপুর জেলা কমিশনার।

প্রশিক্ষণের সমাপনীতে প্রশিক্ষণার্থীদের মধ্যে সার্টিফিকেট প্রদান করেন জেলা কমিশনার এস, এম এমরাতুন্নেছা। আরও অতিথি ছিলেন জেলা সেক্রেটারী ও জেলা ও সদর স্থানীয় কমিটির সদস্যগণ। ৫ দিনব্যাপী প্রশিক্ষণ পরিচালনা করেন ট্রেইনার নাজনীন ইসলাম, ঢাকা অঞ্চল। প্রশিক্ষণটি ট্যাপস এর মাধ্যমে শেষ হয়।

**জাতীয় শোক দিবস পালন :** ১৫ আগস্ট, ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে ঢাকা আঞ্চলিক কার্যালয়ে আঞ্চলিক কমিশনারের নেতৃত্বে জাতীয় পতাকা অর্ধনমিত করা, কালো ব্যাজ ধারন, দোয়া মাহফিল ও মোনাজাত অনুষ্ঠিত হয়। সবশেষে ১৯৭৫ সালের ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সহধর্মীনি বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা সহ পরিবারের সদস্যগণের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া করা হয়।



জাতীয় শোক দিবস পালন

**হলদে পাখির কার্যক্রম পরিদর্শন :** হলদে পাখির কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে গাজীপুর জেলায় ৩০ আগস্ট, ২০২২ জয়দেবপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে সমন্বয় সভায় অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি ছিলেন মোহাম্মদ মোফাজ্জল হোসেন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গাজীপুর। সমন্বয় সভা পরিদর্শনের জন্য জাতীয় কার্যালয় হতে বেলা রাণী সরকার, হলদে পাখি কমিশনার, শাহনাজ মালিক আহমেদ প্রকাশনা কমিশনার, সাবিনা বেগম, জনসংযোগ, প্রচার ও প্রকাশনা কর্মকর্তা এবং ঢাকা আঞ্চলিক কার্যালয় হতে কাজী শামীমা, ট্রেইনার উপস্থিত ছিলেন।



হলদে পাখি কার্যক্রম পরিদর্শনে গাইড সদস্যবৃন্দ

**দীক্ষা দান অনুষ্ঠান :** ৫ ও ৬ সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত টাঙ্গাইল জেলার সখিপুর উপজেলায় ৪৯ টি শিক্ষা প্রতিষ্ঠানে ৮০ জন হলদে পাখি, ৬০ জন রেঞ্জার ও ৬৬০ জন গাইড সহ ৮০০ জনের পরীক্ষা ও দীক্ষা প্রদান করা হয়। দীক্ষা দান অনুষ্ঠানটি সখিপুর পি এম পাইলট সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন লায়লা খানম, জেলা কমিশনার, টাংগাইল জেলা। হলদে পাখি, গাইড ও রেঞ্জারদের দীক্ষা প্রদান করেন কাজী শামীমা, ট্রেইনার।

৬ সেপ্টেম্বর, মাদারীপুর জেলার বিভিন্ন উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানে দীক্ষা দান অনুষ্ঠিত হয়। দীক্ষা প্রদান করেন মাদারীপুর জেলা কমিশনার এস এম এমরাতুন্নেছা। মোট ৮০০ জন গাইড দীক্ষা গ্রহণ করেন। মাদারীপুর সদরের চরমুগরিয়া বালিকা উচ্চ বিদ্যালয়ে ১০০ জন গাইড, মাদারীপুর উচ্চ বিদ্যালয়ের ১০০ জন গাইড, চরমুগরিয়া মহাবিদ্যালয়ের ৪৭ জন গাইডকে দীক্ষা প্রদান করা হয়।





৮ সেপ্টেম্বর, ধামরাই উপজেলার ধামরাই সরকারি মহিলা কলেজের ২৪ জন রেঞ্জারকে দীক্ষা প্রদান করেন ওয়ারেন্ট গাইডার ঝর্ণা রানী।

১১ সেপ্টেম্বর, মাদারীপুর জেলার বিভিন্ন উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানে দীক্ষা দান অনুষ্ঠিত হয়। দীক্ষা প্রদান করেন মাদারীপুর জেলা কমিশনার এস এম এমরাতুন্নেছা। মোট ৮০০ জন গাইডারকে দীক্ষা প্রদান করা হয়। শিবচর উপজেলার সরকারি শেখ ফজিলাতুননেছা পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের ১৩০ জন গাইড, মোঃ সহিদ হোসেন উচ্চ বিদ্যালয়ের ২৮ জন গাইড, পাচ্চর বালিকা উচ্চ বিদ্যালয়ের ১৭০ জন গাইডকে দীক্ষা প্রদান করা হয়।

একই দিন মানিকগঞ্জ জেলার মানিকগঞ্জ এস, কে সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ২০০ জন হলদে পাখি ও ৩০০ জন গাইডকে দীক্ষা প্রদান করেন ট্রেইনার নাজনীন ইসলাম।

১২ সেপ্টেম্বর, ২০২২ মাদারীপুর জেলার রাজৈর উপজেলার রাজৈর পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের ১৫০ জন, শহীদ সরদার সাজাহান উচ্চ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ২৫ জন, কদম বাড়ী উচ্চ বিদ্যালয়ের ৩৬ জন এবং চতুস্পপল্লি উচ্চ বিদ্যালয়ের ১৪ জন গাইডকে দীক্ষা প্রদান করা হয়।





**বিশ্ব নদী দিবস :** বিশ্ব নদী দিবস ২০২২ উদযাপনের লক্ষ্যে সাভার উপজেলা চত্বরে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ও নদ নদীর অবৈধ দখল ও দূষণ বন্ধকরণ সম্পর্কিত একটি বর্নাঢ্য র‍্যালি বের হয়। র‍্যালি ও আলোচনা সভায় উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান মঞ্জুরুল আলম রাজিব ও সাভার উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ মাজহারুল ইসলাম এবং কামরুন্নাহার, জেলা কমিশনার, ঢাকা অঞ্চল ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাভার এবং ঢাকা জেলার বিভিন্ন কলেজের রেঞ্জারগণ।



বিশ্ব নদী দিবসের আলোচনা অনুষ্ঠানে উপস্থিত অতিথি ও গাইড সদস্যবৃন্দ

**বিজ্ঞ পাখি গাইডার বেসিক কোর্স প্রশিক্ষণ :** ২৫ হতে ২৯ সেপ্টেম্বর তারিখ নরসিংদী জেলা আয়োজিত ৫ দিনব্যাপী নরসিংদী জেলা সদর এর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে হলদে পাখি কার্যক্রম সম্প্রসারণের উদ্দেশ্যে নরসিংদী জেলার ভেলানগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিজ্ঞ পাখি গাইডার বেসিক কোর্স প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

প্রশিক্ষণে সদর উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয় হতে ৪০ জন মহিলা শিক্ষক প্রশিক্ষণ গ্রহন করেন। প্রশিক্ষণের সমাপনীতে প্রশিক্ষণার্থীদের মধ্যে সার্টিফিকেট প্রদান করেন প্রধান অতিথি



উপজেলা শিক্ষা অফিসার মো: রফিকুল ইসলাম রুমী সদর উপজেলা নরসিংদী জেলা। এসময় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলার আহাম্মদ হোসেন ইন্সট্রাক্টর, ইউ আর সি ভেলানগর, নরসিংদী জেলা।

**দীক্ষা দান :** ৫-৬ সেপ্টেম্বর, ২০২২ টাঙ্গাইল জেলার সখিপুর উপজেলায় ৪৯ টি শিক্ষা প্রতিষ্ঠানের ৮০ জন হলদে পাখি, ৬০ জন রেঞ্জার ও ৬৬০ জন গাইডসহ মোট ৮০০ জনের পরীক্ষা ও দীক্ষা প্রদান করা হয়। দীক্ষা অনুষ্ঠানটি সখিপুর পি এম পাইলট সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন লায়লা খানম, জেলা কামিশনার, টাংগাইল জেলা। হলদে পাখি, গাইড ও রেঞ্জারদের দীক্ষা প্রদান করেন কাজী শামীমা, ট্রেইনার।



**হলদে পাখি গাইডার প্রশিক্ষণ :** ১১ হতে ১৫ সেপ্টেম্বর, ২০২২ গাইডিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে হলদে পাখি গাইডার কোর্স প্রশিক্ষণ ফরিদপুর জেলার প্রাইমারী টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, ফরিদপুরে ৫ দিন ব্যাপি অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণের সমাপনি অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন লিটন ঢালী, উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর সদর। বিশেষ অতিথি ছিলেন কুব্বত আলী খান, পি টি আই সুপারেনটেডেন্ট। সভাপতিত্ব করেন রেহানা জাহান, জেলা কমিশনার, ফরিদপুর জেলা। প্রশিক্ষণে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হতে ৪৯ জন হলদে পাখি গাইডার প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষণ পরিচালনা, পরীক্ষা ও দীক্ষা প্রদান করেন কাজী শামীমা ট্রেইনার। প্রশিক্ষণার্থীদের মাঝে সার্টিফিকেট বিতরণ করেন জনাব লিটন ঢালী, উপজেলা নির্বাহী অফিসার, ফরিদপুর সদর, জনাব মো: কুব্বত আলী খান, সুপারেনটেন্ট, পি টি আই, ফরিদপুর ও রেহানা জাহান, জেলা কমিশনার, ফরিদপুর জেলা। ৫ দিন ব্যাপী প্রশিক্ষণটি ট্যাপস্ এর মাধ্যমে শেষ হয়।



**আন্তর্জাতিক কন্যা শিশু দিবস :** ১১ অক্টোবর, ২০২২ জাতীয় কার্যালয় আয়োজিত 'International Day of Girl' কর্মসূচী জাতীয় কার্যালয় অডিটোরিয়াম ঢাকায় অনুষ্ঠিত হয়। কর্মসূচীতে ঢাকা অঞ্চল হতে মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ১২ জন গাইড ও গাইডার সহ ঢাকা আঞ্চলিক কার্যালয়ের ট্রেইনার অংশগ্রহন করেন।

**আন্তর্জাতিক দূর্যোগ প্রশমন দিবস :** ১৩ অক্টোবর, ২০২২ দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় আয়োজিত আন্তর্জাতিক দূর্যোগ প্রশমন দিবস উদ্বোধনী অনুষ্ঠান ওসমানী স্মৃতি মিলনায়তন ঢাকায় অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ঢাকা অঞ্চল হতে আঞ্চলিক কমিটির সদস্য রওশান হায়দার ও দুই জন ট্রেইনার অংশগ্রহণ করেন।

**জাতীয় রেঞ্জার কাউন্সিল :** ১৫ হতে ১৬ অক্টোবর, ২০২২ জাতীয় কার্যালয় আয়োজিত ১৬তম জাতীয় রেঞ্জার কাউন্সিলের প্রথম সভায় ঢাকা অঞ্চল হতে আঞ্চলিক রেঞ্জার কাউন্সিলের দুইজন সদস্য অংশগ্রহণ করেন।

**ভিজিট :** ২৪ অক্টোবর, ২০২২ মানিকগঞ্জ জেলার সাটুরিয়া উপজেলা ও বান্দুটিয়া সদর উপজেলায় জমি সংক্রান্ত বিষয়ে আলোচনার জন্য জেলা প্রশাসকের সাথে সাক্ষাত করেন।



**কমিটি গঠন :** ২৭ অক্টোবর, ২০২২ শরীয়তপুর জেলায় ৭ সদস্য বিশিষ্ট জেলা কমিটি গঠন করা হয়। কমিটি গঠনে উপস্থিত ছিলেন কাজল ইসলাম ও রওশন হায়দার, সদস্য আঞ্চলিক কার্যালয় নির্বাহী কমিটি। এসময় উপস্থিত ছিলেন ট্রেইনার তাছলিমা আক্তার, কাজী শামীমা ও গাইডারবৃন্দ। ঐ দিন পালং উচ্চ বিদ্যালয়ের ২৮ জন গাইডকে দীক্ষাদান প্রদান করেন ট্রেইনার তাছলিমা আক্তার।

# খুলনা অঞ্চল

## আগস্ট হতে ডিসেম্বর ২০২২

**গাইড গাইডার কোর্স প্রশিক্ষণ :** খুলনা অঞ্চলের উদ্যোগে ৩১ জুলাই হতে ৪ আগস্ট, ২০২২ পর্যন্ত গাইড গাইডার প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয় রেলওয়ে মাধ্যমিক বালিকা বিদ্যালয়, খুলনা প্রাঙ্গণে। প্রশিক্ষণে খুলনা জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৪৫ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ পরিচালনা করেন খুলনা অঞ্চলের ট্রেইনার শিরিন গুলশান আরা ও নূরুন্নাহার।

**দীক্ষা দান :** খুলনা অঞ্চলের নিম্নে উল্লেখিত প্রতিষ্ঠানসমূহে দীক্ষা প্রদান করা হয়। দীক্ষা দান করেন খুলনা অঞ্চলের ট্রেইনারদ্বয় ও যশোর জেলার ওয়ারেন্ট গাইডার।

**জাতীয় শোক দিবস উদ্‌যাপন :** ১৫ আগস্ট, ২০২২ খুলনা জেলা প্রশাসনের আয়োজনে বঙ্গবন্ধুর ৪৭তম শাহাদত বার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে শোক র‌্যালীর আয়োজন করা হয়। র‌্যালীতে খুলনা অঞ্চলের গাইড, রেঞ্জার, সদস্যসহ মোট ৫০ জন অংশগ্রহণ করেন। শোকর‌্যালী শহীদ হাদিস পার্ক হতে শুরু করে জেলা প্রশাসকের কার্যালয়ে এসে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্প অর্পন করা হয়। একই সাথে খুলনা অঞ্চলের নিম্নোক্ত প্রতিষ্ঠানে হলদে পাখি, গাইড, রেঞ্জার ও সদস্যবৃন্দ যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদ্‌যাপন করেন।



শোক র‌্যালীতে রেঞ্জারদের অংশগ্রহণ

**কার্নিভাল :** সরকারি প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের হলদে পাখিদের গাইডিং সম্প্রসারণের লক্ষ্যে খুলনা অঞ্চলের আয়োজনে গত ০৪/০৯/২০২২ তারিখ যশোর জেলার জেস গার্ডেন পার্ক, বাহাদুরপুর যশোরে দিনব্যাপী কার্নিভালের আয়োজন করা হয়। কার্নিভালে খুলনা অঞ্চলের, যশোর, নড়াইল ও কুষ্টিয়া জেলার প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের হলদে পাখি, বিজ্ঞ পাখি, সদস্যবৃন্দ ও রেঞ্জাররা অংশগ্রহণ করেন। কার্নিভালে উপস্থিত ছিলেন নিভা রাণী পাঠক, আঞ্চলিক কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, খুলনা অঞ্চল।

কার্নিভালটি পরিদর্শন করেন বেলা রাণী সরকার, হলদে পাখি কমিশনার, তানজিনা বিনতে মোশারফ, জেনারেল সেক্রেটারী। এছাড়াও উপস্থিত ছিলেন, খালেদা বেগম, অতিরিক্ত আঞ্চলিক কমিশনার, খুলনা অঞ্চল। যশোর, কুষ্টিয়া, চুয়াডাঙা, মাগুরা, নড়াইল জেলার কমিশনারবৃন্দ ও যশোর জেলার কার্য নির্বাহী কমিটির সদস্যবৃন্দ। কার্নিভালে সার্বিকভাবে সহযোগিতায় ছিলেন খুলনা অঞ্চলের ট্রেইনার শিরিন গুলশান আরা ও নূরুন্নাহার।

**বিজ্ঞ পাখি কোর্স প্রশিক্ষণ, কুষ্টিয়া জেলা :** গত ১৪-১৬ সেপ্টেম্বর ২০২২ তারিখ পর্যন্ত বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, খুলনা অঞ্চলের আয়োজনে কুষ্টিয়া সরকারি মহিলা কলেজে বিজ্ঞ পাখি কোর্স প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে কুষ্টিয়া সরকারি মহিলা কলেজের ২৫ জন রেঞ্জার অংশগ্রহণ করে। প্রশিক্ষণের সমাপনী দিনে দীক্ষা দান ও সনদ প্রদান করা হয়। এসময়ে উপস্থিত ছিলেন প্রফেসর শিশির কুমার রায়, অধ্যক্ষ, কুষ্টিয়া সরকারি মহিলা কলেজ, কুষ্টিয়া, প্রফেসর একে. এম জালাল উদ্দিন উপাধ্যক্ষ, কুষ্টিয়া সরকারি মহিলা কলেজ, কুষ্টিয়া, ড. আকলিমা খাতুন, রেঞ্জার ইউনিট প্রধান, কুষ্টিয়া সরকারি মহিলা কলেজ, কুষ্টিয়া, মোঃ ওয়াহিদুজ্জামান, সম্পাদক, শিক্ষক পরিষদ, প্রফেসর মীর মোশারফ হোসেন, রোভার ইউনিট প্রধান,আশরাফ আলী, রেড ক্রিসেন্ট ইউনিট প্রধান, জেবুন্নেসা সবুজ, জেলা কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, কুষ্টিয়া জেলা, এছাড়াও উপস্থিত ছিলেন অত্র কলেজের বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান শিক্ষকমন্ডলী, বিজ্ঞ পাখি কোর্স প্রশিক্ষণটি পরিচালনা করেন খুলনা অঞ্চলের ট্রেইনারদ্বয়।

**যশোর জেলা :** বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, খুলনা অঞ্চলের আয়োজনে ২৫-২৭ সেপ্টেম্বর ২০২২ তারিখ পর্যন্ত যশোর সরকারি মাইকেল মধুসুদন কলেজে রেঞ্জার ইউনিটের সদস্যদের নিয়ে বিজ্ঞ পাখি কোর্স প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে অত্র কলেজের ২০ জন রেঞ্জার অংশগ্রহণ করে। প্রশিক্ষণটির সমাপনী দিনে দীক্ষাদান ও সনদ প্রদান করা হয়। এসময়ে প্রধান অতিথি ছিলেন প্রফেসর মর্জিনা আক্তার,

অধ্যক্ষ, সরকারি মাইকেল মধুসুদন কলেজ, যশোর, সভাপতি ছিলেন নিভা রাণী পাঠক, আঞ্চলিক কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, খুলনা অঞ্চল। আরো উপস্থিত ছিলেন চাঁদ সুলতানা, জেলা সেক্রেটারী, যশোর জেলা, সার্বিকভাবে সহযোগিতায় ছিলেন জনাব নাসরিন সুলতানা, রেঞ্জার ইউনিট প্রধান, সরকারি মাইকেল মধুসুদন কলেজ, যশোর। প্রশিক্ষণটি পরিচালনা করেন খুলনা অঞ্চলের ট্রেইনারদ্বয়।

**খুলনা জেলা :** গত ২৮-৩০ সেপ্টেম্বর ২০২২ তারিখ পর্যন্ত বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, খুলনা অঞ্চলের আয়োজনে খুলনা সরকারি মহিলা কলেজ প্রাঙ্গণে বিজ্ঞ পাখি কোর্স প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে খুলনা জেলা সদর ও তেরখাদা উপজেলার বিভিন্ন কলেজের ৫০জন রেঞ্জার অংশগ্রহণ করে। সার্বিকভাবে সহযোগিতায় ছিলেন মেঘলা আখতার ও শাহিনা বেগম, রেঞ্জার গাইডার খুলনা সরকারি মহিলা কলেজ, খুলনা। প্রশিক্ষণের সমাপনী দিনে দীক্ষা দান ও সদন প্রদান করা হয়। প্রশিক্ষণটি পরিচালনা করেন খুলনা অঞ্চলের ট্রেইনারদ্বয়।

## ময়মনসিংহ অঞ্চল

### জুলাই হতে ডিসেম্বর ২০২২

**স্থানীয় ডে ক্যাম্প ত্রিশাল উপজেলা :** ৩১ আগস্ট, ২০২২ ময়মনসিংহ জেলার ত্রিশাল উপজেলায় ১ দিনের ডে ক্যাম্প ত্রিশাল নজরুল বালিকা উচ্চ বিদ্যালয় অনুষ্ঠিত হয়। ক্যাম্পে ত্রিশাল উপজেলার ৯টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ২০০ জন গাইড মেয়ে অংশগ্রহণ করেন। ক্যাম্প উদ্বোধন করেন প্রধান অতিথি আখতারুজ্জামান, উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল। বিশেষ অতিথি ছিলেন ঝিল্লুর রহমান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ত্রিশাল শাহিনা আক্তার,একাডেমিক সুপারভাইজার, ত্রিশাল, শামছুন্নাহার বেগম, আঞ্চলিক সেক্রেটারী, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, ময়মনসিংহ অঞ্চল। মালেকা পারভীন, আঞ্চলিক কোষাধ্যক্ষ, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, ময়মনসিংহ অঞ্চল এবং সভানেত্রী ছিলেন আছমা আক্তার, স্থানীয় কমিশনার, বাংলাদেশ গর্লি গাইডস এসোসিয়েশন ত্রিশাল, ময়মনসিংহ। সবশেষে ছিলো তাঁবু জলসা অনুষ্ঠান। অগ্নি প্রজ্জলনের মধ্য দিয়ে তাঁবু জলসা শুরু হয়। গাইডরা মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে। ডে ক্যাম্প পরিচালনা করেন ইসতেয়ারা হোসেন, ট্রেইনার, ময়মনসিংহ অঞ্চল।



অগ্নি প্রজ্জলনের মধ্যদিয়ে তাঁবু জলসা অনুষ্ঠান শুরু

**মাদারগঞ্জ :** ১১/০৯/২২তারিখ মাদারগঞ্জ উপজেলায় ১ দিনের ডে ক্যাম্প বালিঝুড়ী রওশন আরা বালিকা উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। ক্যাম্পে ৬টি প্রতিষ্ঠান থেকে ১৫০ জন গাইড মেয়ে অংশগ্রহণ করেন। ক্যাম্পে প্রধান অতিথি ছিলেন ওবায়দুর রহমান বেলাল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মাদারগঞ্জ, জামালপুর। বিশেষ অতিথি মির্জা গোলাম কিবরিয়া কবির, মেয়র, মাদারগঞ্জ পৌরসভা। ক্যাম্পে সভাপতিত্ব করেন নাজমা আক্তার জাহান স্থানীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস এসোসিয়েশন, মাদারগঞ্জ উপজেলা।

এডিস মশা ডিম পাড়ার ও বংশবিস্তারের স্থান



ডেঙ্গু থেকে বাঁচার উপায়, বাড়ির আঙ্গিনায় বৃষ্টির পানি জমতে দেয়া যাবেনা, নিয়মিত টবের পানি ফেলে পরিষ্কার করা। সচেতনতা বৃদ্ধি করা। আসুন ডেঙ্গু থেকে বাঁচতে আমরা নিজেরা সচেতন হই, অন্যকেও উৎসাহিত করি।





গাইড মেয়েদের প্রাথমিক চিকিৎসার উপর সেশন প্রদান করে রেঞ্জার হাদিয়া জাহান ভাবনা

ক্যাম্পে গাইড মেয়েদের প্রাথমিক চিকিৎসার উপর সেশন প্রদান করেন হাদিয়া জাহান ভাবনা, আঞ্চলিক রেঞ্জার কাউন্সিলের সেক্রেটারী, ময়মনসিংহ অঞ্চল। ক্যাম্পে আরোও কর্মসূচীর মধ্যে ছিলো গ্যাজেট তৈরী, তাঁবু উত্তোলন। সবশেষে ছিলো তাঁবু জলসা। অগ্নি প্রজ্জলনের মধ্য দিয়ে মহাতাঁবু জলসা শুরু হয়। অনুষ্ঠানে গাইড মেয়েরা মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে।

**ঝাঁক অবকাশ :** ২৩ আগস্ট, ২০২২ ময়মনসিংহ অঞ্চল কর্তৃক আয়োজিত হলদে পাখীদের ঝাঁক অবকাশ অনুষ্ঠিত হয় প্রিমিয়াম আইডিয়াল হাই স্কুল, সদর, ময়মনসিংহ। ময়মনসিংহ অঞ্চলের চার উপজেলা হতে প্রাথমিক বিদ্যালয়ের হলদে পাখীরা অংশগ্রহন করে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শফিকুর রেজা বিশ্বাস, বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ এবং উপদেষ্টা বাংলাদেশ গার্ল গাইডস এসোসিয়েশন, ময়মনসিংহ অঞ্চল। প্রধান অতিথি ফেষ্টুন উড়িয়ে ঝাঁকের শুভ উদ্বোধন ঘোষনা করেন। বিশেষ অতিথি ছিলেন নাছিমা আক্তার, অতিরিক্ত আঞ্চলিক কমিশনার, ময়মনসিংহ অঞ্চল, চাঁন মিয়া, প্রধান শিক্ষক, প্রিমিয়ার আইডিয়াল হাই স্কুল। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন রওশন আরা খান, আঞ্চলিক কমিশনার, ময়মনসিংহ অঞ্চল। সমন্বয়কারী ছিলেন শামছুন্নাহার, আঞ্চলিক সেক্রেটারী, ময়মনসিংহ অঞ্চল। সবশেষে হলদে পাখীদের সমন্বয়ে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হয়।




ঝাঁক অবকাশে বক্তব্য রাখেন বিভাগীয় কমিশনার শফিকুর রেজা বিশ্বাস

**স্থানীয় কমিটি গঠন মুক্তাগাছা :** ১৭ আগস্ট, ২০২২ ময়মনসিংহ জেলার মুক্তাগাছা উপজেলায় ১১ জন সদস্য বিশিষ্ট স্থানীয় কমিটি গঠন করা হয়। এতে স্থানীয় কমিশনার করা হয় জেসমিন খান, উপজেলা একাডেমিক সুপারভাইজার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মুক্তাগাছা, ময়মনসিংহ এবং সেক্রেটারী, কানিজ ফাতেমা,সহকারী শিক্ষক, নগেন্দ্র নারায়ণ পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় , মুক্তাগাছা, ময়মনসিংহ। কোষাধ্যক্ষ মুর্সিদা আক্তার কাকলী, উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ।

**রেঞ্জার গাইডার প্রশিক্ষণ, ময়মনসিংহ সদর :** ৩ হতে ৭ আগস্ট, ২০২২ পর্যন্ত ময়মনসিংহ জেলার সদর উপজেলায় মহিলা সমিতি উদয়ন উচ্চ বিদ্যালয়ে ৫ দিন ব্যাপী রেঞ্জার গাইডার প্রশিক্ষন অনুষ্ঠিত হয়। প্রশিক্ষনটি উদ্বোধন করেন প্রধান অতিথি রওশন আরা খান আঞ্চলিক কমিশনার, ময়মনসিংহ অঞ্চল। বিশেষ অতিথি ছিলেন নাছিমা আক্তার, অতিরিক্ত আঞ্চলিক কমিশনার, ময়মনসিংহ অঞ্চল, মালেকা পারভীন, আঞ্চলিক কোষাধক্ষ্য, ময়মনসিংহ অঞ্চল। অনুষ্ঠানে সভাপতি ছিলেন শামছুন্নাহার, স্থানীয় কমিশনার, ময়মনসিংহ সদর।

প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন রওশন আরা খান আঞ্চলিক কমিশনার, ময়মনসিংহ অঞ্চল। বিশেষ অতিথি ছিলেন নাছিমা আক্তার, অতিরিক্ত আঞ্চলিক কমিশনার, ময়মনসিংহ অঞ্চল, মোস্তাফিজুর রহমান ভূঞা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ সদর। সভাপতি ছিলেন শামছুন্নাহার, স্থানীয় কমিশনার, ময়মনসিংহ সদর। প্রধান অতিথি প্রশিক্ষণার্থীদের মাঝে সার্টিফিকেট প্রদান করেন।



**গাইড গাইডার প্রশিক্ষণ, নেত্রকোণা সদর :** ৩ হতে ৭ সেপ্টেম্বর, ২০২২ নেত্রকোণা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ৫ দিন ব্যাপী প্রশিক্ষন অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষনে নেত্রকোনা জেলার সদর উপজেলার বিভিন্ন প্রতিষ্ঠান থেকে ৪০ জন প্রশিক্ষনার্থী অংশগ্রহন করেন। প্রশিক্ষনটি উদ্বোধন করেন প্রধান অতিথি অঞ্জনা খান মজলিস, জেলা প্রশাসক, নেত্রকোনা জেলা। বিশেষ অতিথি ছিলেন মাহামুদা আক্তার, উপজেলা নির্বাহী অফিসার নেত্রকোণা সদর, স্বপ্না রাণী সরকার, প্রধান শিক্ষক, নেত্রকোণা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, নেত্রকোণা। সভাপতি ছিলেন ফেরদৌস আরা ইয়াসমিন, স্থানীয় কমিশনার, সদর, নেত্রকোণা।



গাইড গাইডার প্রশিক্ষণে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হতে অংশগ্রহণকারীবৃন্দ

প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জনাব হাবিবা রহমান খান, মাননীয় সাংসদ সদস্য ও জেলা কমিশনার, জেলা গার্ল গাইডস্ এসোসিয়েশন, নেত্রকোণা জেলা। প্রধান অতিথি প্রশিক্ষণার্থীদের দীক্ষা ও সার্টিফিকেট প্রদান করেন।



প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ বিতরণ করেন জনাব হাবিবা রহমান খান
মাননীয় সাংসদ ও জেলা গাইড কমিশনার নেত্রকোণা

**বঙ্গমাতা জাতীয় দিবস :** ৮ আগস্ট, ২০২২ বঙ্গবন্ধুর সহধর্মিনী শেখ ফজিলাতুন্নেসা মুজিবের জন্মদিন। এই দিনটি সরকারিভাবে বঙ্গমাতা জাতীয় দিবস হিসেবে পালন করে আসছে। জুম এ্যাপসের মাধ্যমে কার্যনির্বাহী কমিটির সকল সদস্য আলোচনার মাধ্যমে দিনটি পালন করা হয়।

**জাতীয় শোক দিবস :** ১৫ আগস্ট, ২০২২ জাতীয় শোক দিবস এবং বঙ্গবন্ধুর ৪৭তম শাহাদত বার্ষিকী বিনম্র শ্রদ্ধায় শোক দিবস সারাদেশে পালিত হয়। বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, ময়মনসিংহ অঞ্চল সার্কিট হাউজ সংলগ্ন বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করেন ও আঞ্চলিক গাইড হাউজে আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।



ময়মনসিংহ অঞ্চলের গাইড সদস্যদের জাতীয় শোক দিবস পালন

অন্যান্য জেলা ও উপজেলা সমুহে যথাযথ নিয়মে ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী পালিত হয়।



শেরপুর জেলা হালুয়াঘাট



**আন্তর্জাতিক সাক্ষরতা দিবস :** ৮ সেপ্টেম্বর, ২০২২ আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালনে কলমাকান্দা উপজেলায় বাল্য বিবাহ প্রতিরোধে জনসচেতনতা মূলক আলোচনা করা হয় এবং নিরক্ষরমুক্ত বাংলাদেশ গড়ার দৃঢ় প্রত্যয় গ্রহন করা হয়। অন্যান্য জেলা ও উপজেলা সমুহে যথ যথ নিয়মে উক্ত দিবসের তাৎপর্য তুলে ধরে বিভিন্ন কর্মসূচীর আয়োজন করা হয়।

# রাজশাহী অঞ্চল

## জুলাই হতে ডিসেম্বর-২০২২ পর্যন্ত কার্যক্রম

**জাতীয় শোক দিবস পালন, রাজশাহী অঞ্চল :** ১৫ আগস্ট, ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন উপলক্ষে রাজশাহী গাইড হাউজে আলোচনা সভা ও দোয়া খায়ের অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে হলদে পাখি, গাইড, রেঞ্জার, সদস্য, কমিশনার ও অফিস স্টাফসহ প্রায় ১৫০জন অংশ গ্রহণ করেন।



**রাজশাহী কলেজ :** ১৫ আগস্ট, ২০২২ জাতীয় শোক দিবস পালন উপলক্ষে রাজশাহী কলেজের উদ্যোগে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন করা হয়। অনুষ্ঠানে রাজশাহী কলেজের রেঞ্জারবৃন্দ অংশগ্রহণ করেন।



**নওগাঁ :** ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালন উপলক্ষে নওগাঁ জেলা গার্ল গাইডস্ এর পক্ষ থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে পুষ্প স্তবক অর্পন করা হয়।




**নাটোর :** ২২ আগস্ট, ২০২২ জাতীয় শোক দিবস উপলক্ষে নাটোর জেলা গার্ল গাইডস্ এসোসিয়েশন এর উদ্যোগে প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়।

**সদস্য সংগ্রহ সপ্তাহ উদ্‌যাপন ও ইউনিফর্ম বিতরণ (রাজশাহী অঞ্চল) :**

২৮ আগস্ট, ২০২২ রাজশাহী গাইড হাউজে সদস্য সংগ্রহ সপ্তাহ উদ্‌যাপন ও হলদে পাখিদের মাঝে ইউনিফর্ম বিতরণ করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ, ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম), বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন এবং সভাপতি ছিলেন আঞ্চলিক কমিশনার সিরাজুম মুনিরা। সম্মানীত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ফেরদৌসী আকতার ডলি, গাইড সম্প্রসারণ কমিশনার, তানজিনা বিনতে মোশাররফ, জেনারেল সেক্রেটারী এবং শামীম আহমেদ খান, থানা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজশাহী সদর। রাজশাহী সদরের ৪৭ টি সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে ১৫০ জন হলদে পাখিদের মধ্যে ইউনিফর্ম বিতরণ ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ রেঞ্জার গাইডার রোজিনা আফরোজ ও শ্রেষ্ঠ রেঞ্জার ইশরাত জাহান তামান্নার হাতে শ্রেষ্ঠ সম্মাননা পুরষ্কার তুলে দেন ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম) প্রফেসর ইয়াসমিন আহমেদ ও অতিথিবৃন্দ।



হলদে পাখিদের মাঝে ইউনিফর্ম বিতরণ

**গাইড গাইডার প্রশিক্ষণ কোর্স (রাজশাহী সদর) :** ১১-১৫ সেপ্টেম্বর ২০২২, রাজশাহী সদর গার্ল গাইডস্ কর্তৃক আয়োজিত গাইড হাউজে গাইড গাইডার প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণের সমাপনী ও সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ড. শরমিন ফেরদৌস চৌধুরী, উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, রাজশাহী। বিশেষ অতিথি ছিলেন মোহাম্মদ নাসির উদ্দীন, জেলা শিক্ষা অফিসার, রাজশাহী এবং সাবরীনা শারমীন, জেলা কমিশনার, রাজশাহী জেলা এবং সভাপতিত্ব করেন ইসাবেলা সাত্তার, স্থানীয় কমিশনার, রাজশাহী সদর। রাজশাহী জেলার বিভিন্ন উপজেলার শিক্ষা প্রতিষ্ঠান থেকে ৪৩ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

**হলদে পাখি গাইডার প্রশিক্ষণ কোর্স (সিরাজগঞ্জ সদর) :** ২-৬ আগস্ট, ২০২২ প্রাথমিক বিদ্যালয়ে গাইডিং সম্প্রসারণের লক্ষ্যে হলদে পাখি গাইডার প্রশিক্ষণ কোর্স হৈমবালা বালিকা উচ্চ বিদ্যালয়, সিরাজগঞ্জে অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে সিরাজগঞ্জ সদর থেকে ৪৬জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।



হলদে পাখি গাইডার প্রশিক্ষণে প্রশিক্ষণরত হলদে পাখি গাইডারবৃন্দ

**জেলা পরিষদ অধিবেশন, চাঁপাইনবাবগঞ্জ :** ১০ সেপ্টেম্বর, ২০২২ চাঁপাইনবাবগঞ্জ জেলা গার্ল গাইডস্ এসোসিয়েশনের উদ্যোগে জেলা পরিষদ অধিবেশন কল্যাণী মহিলা সংসদে অনুষ্ঠিত হয়। অধিবেশনে জেলা কমিশনার, সেক্রেটারী, ট্রেজারার, কার্যনির্বাহী কমিটির সদস্য ও অন্যান্য সদস্যসহ ৪০ জন উপস্থিত ছিলেন।

**সিরাজগঞ্জ :** ১১ সেপ্টেম্বর ২০২২ বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন সিরাজগঞ্জ জেলার উদ্যোগে জেলা পরিষদ অধিবেশন অনুষ্ঠিত হয়। অধিবেশনে প্রধান আলোচক ছিলেন এলিজা পারভীন, মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর উপজেলা ও জেলা কমিশনার, সিরাজগঞ্জ। আরও উপস্থিত ছিলেন শামীম আরা লাজ, সেক্রেটারী, সিরাজগঞ্জ জেলাসহ প্রায় ৪০ জন সদস্য।

**বিশ্ব নদী দিবস উদ্‌যাপন :** ২৫ সেপ্টেম্বর, ২০২২ বিশ্ব নদী দিবস উদ্‌যাপন উপলক্ষে রাজশাহী জেলা প্রশাসনের কার্যালয় হতে র‍্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। র‍্যালী ও আলোচনা সভায় ১৫ জন রেঞ্জার অংশগ্রহণ করে।

**সভা :** ২৮ সেপ্টেম্বর ২০২২ উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহীর সভা কক্ষে ৪৯ তম উপ-আঞ্চলিক স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি উপ-অঞ্চলের গ্রীষ্মকালীন খেলাধুলার প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। সভায় রাজশাহী গার্ল গাইডস্ এসোসিয়েশনের পক্ষ থেকে আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্য কিবরিয়া আকতার বানু অংশগ্রহণ করেন।

**Yess Girls Movement National Task Force :** ৪ সেপ্টেম্বর, ২০২২ রাজশাহী সদরের মাদারবখশ গার্হস্থ্য অর্থনীতি কলেজের ১০৫ জন রেঞ্জার, ৬ সেপ্টেম্বর হাজী জমির উদ্দীন শাফিনা মহিলা কলেজের



১০০জন রেঞ্জার, ৭ সেপ্টেম্বর বঙ্গবন্ধু কলেজের ৭০ জন রেঞ্জার, ৮ সেপ্টেম্বর বরেন্দ্র কলেজের ৬৫ জন রেঞ্জার এবং ১১ সেপ্টেম্বর রাজশাহী সরকারি মহিলা কলেজের ১০৬ জন রেঞ্জারকে Yess Girl Movement National Task Force সম্পর্কে অবহিত করা হয়। প্রোগ্রামে সার্বিকভাবে সহযোগিতা প্রদান করে রেঞ্জার ইশরাত জাহান তামান্না ও লামিয়া তাসনিম।

**ফায়ার সার্ভিস বিষয়ক মৌলিক প্রশিক্ষণ ও মহড়া :** ২৬-২৮ সেপ্টেম্বর, ২০২২ রাজশাহী কলেজে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর সহযোগিতায় মৌলিক প্রশিক্ষণ ও মহড়া অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে রাজশাহী কলেজের রেঞ্জার ইউনিট অংশগ্রহণ করেন।

**সভা :** ১৭, ২১ আগস্ট ও ৮ সেপ্টেম্বর, ২০২২ রাজশাহী গাইড হাউজে আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আঞ্চলিক কমিশনার সিরাজুম মুনিরা এবং রাজশাহী অঞ্চলের ৮টি জেলা থেকে জেলা কমিশনার ও অন্যান্য সদস্যসহ ১০০ জন উপস্থিত ছিলেন।

**কমিটি গঠন, পুঠিয়া, রাজশাহী :** ৩০ জুলাই, ২০২২ রাজশাহী জেলার পুঠিয়া উপজেলা নির্বাহী অফিসের সভাকক্ষে কমিটি গঠন ও মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। কমিটি গঠন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নুরুল হাই মোহাম্মদ আনাছ পি এন উপজেলা নির্বাহী অফিসার, পুঠিয়া, রাজশাহী।

**দীক্ষা দান :** ২৮ জুলাই, ২০২২ পাবনা জেলা সদরের স্কয়ার কিন্ডার গার্ডেন স্কুল এন্ড কলেজের ১৪৫ জন হলদে পাখি, ১১৮ জন গাইড ও ১৭ জন রেঞ্জারদের পরীক্ষা গ্রহণ ও দীক্ষা প্রদান করা হয়।

৬ আগস্ট, চাঁপাইনবাবগঞ্জ জেলার ভোলাহাট উপজেলার ২৭০ জন গাইডদের পরীক্ষা গ্রহণ ও দীক্ষা প্রদান করা হয়।

৭ আগস্ট, রাজশাহী সদরের মসজিদ মিশন একাডেমীতে ৩৫ জন গাইডদের পরীক্ষা গ্রহণ ও দীক্ষা প্রদান করা হয়।

২১ আগস্ট, রাজশাহী সদর উপজেলার বি.বি. হিন্দু একাডেমীতে ৫১ জন গাইড, পবা উপজেলার কাটাখালী বালিকা বিদ্যালয়ের ৭৭ জন গাইড ও জয়পুর দাখিল মাদ্রাসার ২০ জন গাইডদের পরীক্ষা গ্রহণ ও দীক্ষা প্রদান করা হয়।

৭ আগস্ট, চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলার ২১৬ জন গাইডদের পরীক্ষা গ্রহণ ও দীক্ষা প্রদান করা হয়।

৮ আগস্ট, নওগাঁ সদর উপজেলার পি. এম বালিকা উচ্চ বিদ্যালয় ও বি এম স্কুল এন্ড কলেজ এর ২৫০ জন গাইডদের পরীক্ষা গ্রহণ ও দীক্ষা প্রদান করা হয়।

৯ আগস্ট, চাঁপাই নবাবগঞ্জ জেলার গোমস্তাপুর উপজেলার ৩০২ জন গাইডদের পরীক্ষা গ্রহণ ও দীক্ষা প্রদান করা হয়।

১০ আগস্ট, রাজশাহী জেলার পুঠিয়া উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ২০০ জন গাইডদের পরীক্ষা গ্রহণ ও দীক্ষা প্রদান করা হয়।

১১ আগস্ট, চাঁপাইনবাবগঞ্জ জেলা সদর উপজেলার ২৭২জন গাইডদের পরীক্ষা গ্রহণ ও দীক্ষা প্রদান করা হয়।

১১ আগস্ট, পাবনা সদরের কালেক্টরেট মডেল স্কুল এন্ড কলেজের ১৭৪ জন হলদে পাখি ও ২০৪ জন গাইডদের পরীক্ষা গ্রহণ ও দীক্ষা প্রদান করা হয়।

১১ আগস্ট, পাবনা সদরের পুলিশ লাইনস্ স্কুল এন্ড কলেজের ১৩০ জন হলদে পাখি ও ১৮০ জন গাইডদের পরীক্ষা গ্রহণ ও দীক্ষা প্রদান করা হয়।

১৪ আগস্ট, পাবনা সদরের কালেক্টরেট পাবলিক স্কুল এন্ড কলেজের হলদে পাখি ২২৯ জন এবং গাইড ৩৫৪ জনের পরীক্ষা গ্রহণ ও দীক্ষা প্রদান করা হয়।

১৪ আগস্ট, চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলার ৪৬২ জন গাইডদের পরীক্ষা গ্রহণ ও দীক্ষা দান অনুষ্ঠিত হয়।

২৫ আগস্ট, সিরাজগঞ্জ জেলার কাজীপুর উপজেলায় ১৫০ জন গাইডদের পরীক্ষা গ্রহণ ও দীক্ষা প্রদান করা হয়।

৩০ আগস্ট, নাটোর জেলার সিংড়া উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৯৩১ জন গাইডদের পরীক্ষা গ্রহণ ও দীক্ষা প্রদান করা হয়।

৩১ আগস্ট, পাবনা জেলার চাটমোহর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে আগত ৩৮৯ জন গাইডদের পরীক্ষা গ্রহণ ও দীক্ষা প্রদান করা হয়।

৪ সেপ্টেম্বর, নাটোর জেলার বাগাতি পাড়া উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে আগত ৩৮৫ জন গাইডদের পরীক্ষা গ্রহণ ও দীক্ষা প্রদান করা হয়।

৭ সেপ্টেম্বর, রাজশাহী জেলার বাঘা উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে আগত ২৮৪ জন গাইডদের পরীক্ষা গ্রহণ ও দীক্ষা প্রদান করা হয়।

৬ সেপ্টেম্বর, পাবনা জেলার ভাঙ্গুরা উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে আগত ১০৩৬ জন গাইডদের পরীক্ষা গ্রহণ ও দীক্ষা প্রদান করা হয়।

৭ সেপ্টেম্বর, রাজশাহী সদরের সরকারি বালিকা বিদ্যালয়, হেলেনাবাদ, স্কুলের ১৯০ জন গাইডদের পরীক্ষা গ্রহণ ও দীক্ষা প্রদান করা হয়।

১১ সেপ্টেম্বর, নাটোর সদরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে আগত ৭৫৪ জন গাইডদের পরীক্ষা গ্রহণ ও দীক্ষা প্রদান করা হয়।

১১ সেপ্টেম্বর, রাজশাহী জেলার পবা উপজেলার ১৬০ জন গাইডদের পরীক্ষা গ্রহণ ও দীক্ষা প্রদান করা হয়।

১২ সেপ্টেম্বর, রাজশাহী জেলার মোহনপুর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে আগত ৩০৫ জন গাইডদের পরীক্ষা গ্রহণ ও দীক্ষা প্রদান করা হয়।

১২ সেপ্টেম্বর, রাজশাহী জেলার চারঘাট উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে আগত ৩০০ জন গাইডদের পরীক্ষা গ্রহণ ও দীক্ষা প্রদান করা হয়।

১৩ সেপ্টেম্বর, রাজশাহী জেলার বাগমারা উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে ৫৮৭ জন গাইডদের পরীক্ষা গ্রহণ ও দীক্ষা প্রদান করা হয়।



দীক্ষাপ্রাপ্ত গাইড কোম্পানী

১৮ সেপ্টেম্বর, জয়পুরহাট সদরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে আগত ১৫৪ জন গাইডদের পরীক্ষা গ্রহণ ও দীক্ষা প্রদান করা হয়।

২০ সেপ্টেম্বর, সিরাজগঞ্জ সদরের গৌরী আরবান উচ্চ বালিকা বিদ্যালয়ের ১৩০ জন গাইডদের পরীক্ষাগ্রহণ ও দীক্ষা প্রদান করা হয়।

২৫ সেপ্টেম্বর, রাজশাহী ক্যান্টনমেন্ট স্কুল এন্ড কলেজের ১৮ জন গাইডদের পরীক্ষা গ্রহণ ও দীক্ষা প্রদান করা হয়।

২৯ সেপ্টেম্বর, পাবনা সদরের ৪৫৪ জন গাইড ও ১০০ জন হলদে পাখি ও ২৪ জন রেঞ্জারদের পরীক্ষা গ্রহণ ও দীক্ষা প্রদান করা হয়।

২৯ সেপ্টেম্বর, বগুড়া জেলার কাটনার সেন্ট্রাল গার্লস স্কুলের ১০০ জন গাইডদের পরীক্ষা গ্রহণ ও দীক্ষা প্রদান করা হয়।

১২ অক্টোবর, সিরাজগঞ্জ সদর উপজেলার ঘোড়াচরা উচ্চ বিদ্যালয় এর ২২ জন এবং বাহুকা উচ্চ বিদ্যালয় এর ২০ জন গাইডদের দীক্ষা প্রদান করা হয়।

**আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালন:** ৮ সেপ্টেম্বর, ২০২২ আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালন উপলক্ষে রাজশাহী কলেজের উদ্যোগে বর্নাঢ্য র‍্যালী অনুষ্ঠিত হয়। র‍্যালীতে রাজশাহী কলেজের রেঞ্জার ইউনিট অংশগ্রহণ করেন।




**International Day of the Girl:** ১১ অক্টোবর ২০২২ রাজশাহী গাইড হাউজে International Day of the Girl পালন করা হয়। উক্ত অনুষ্ঠানে রেঞ্জার, গাইডার, সদস্য, কমিশনার ও অফিস স্টাফসহ প্রায় ১০০ জন অংশগ্রহণ করেন

**জেলা পরিষদ অধিবেশন (রাজশাহী জেলা) :** ১৫ অক্টোবর ২০২২ রাজশাহী গাইড হাউজে রাজশাহী জেলা পরিষদ অধিবেশন

অনুষ্ঠিত হয়। উক্ত অধিবেশনে প্রধান অতিথি ছিলেন আব্দুল জলিল, জেলা প্রশাসক, রাজশাহী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জয়া মারিয়া পেরেরা, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) রাজশাহী, সিরাজুম মুনিরা, আঞ্চলিক কমিশনার, রাজশাহী অঞ্চল এবং সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন সাবরীনা শারমিন। বনি, গাইড জেলা কমিশনার, রাজশাহী। রাজশাহী জেলার বিভিন্ন উপজেলা থেকে স্থানীয় কমিশনার, সদস্য, গাইডার, রেঞ্জার ও অফিস স্টাফসহ প্রায় ১৫০ জন উপস্থিত ছিলেন।




৬ষ্ঠ জেলা পরিষদ অধিবেশনে বক্তব্য দেন রাজশাহী জেলার জেলা প্রশাসক জনাব আব্দুল জলিল

**পুষ্টি বিষয়ক প্রোগ্রাম :** ২০ অক্টোবর, ২০২২ স্বাস্থ্য মন্ত্রণালয়ে "Adolescent Nutrition Challenges During Covid-19" শীর্ষক গবেষণা কার্যক্রমের অংশ হিসেবে রাজশাহী অঞ্চলের নবাবগঞ্জ জেলায় মুক্তদল স্কাউট ভবনে গাইড ও গাইডার এর সমন্বয়ে Field Test অনুষ্ঠিত হয়। উক্ত Technical Working Group-এ ১২ জন গাইড ও ২ জন গাইডার অংশগ্রহণ করেন।

**আঞ্চলিক পরিষদ অধিবেশন :** ২২ অক্টোবর, ২০২২ রাজশাহী গাইড হাউজে ২১তম আঞ্চলিক পরিষদ অধিবেশন অনুষ্ঠিত হয়। অধিবেশনে প্রধান অতিথি ছিলেন কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বিশেষ অতিথি ছিলেন এ. এন. এম মঈনুল ইসলাম, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি) রাজশাহী বিভাগ। সম্মানীত অতিথি ছিলেন সাবিনা ফেরদৌস, ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন) এবং জাহান আরা বেগম কোষাধ্যক্ষ। রাজশাহী অঞ্চলের বিভিন্ন জেলা থেকে গাইডার, সদস্য, কমিশনার, রেঞ্জার ও অফিস স্টাফসহ প্রায় ৪০০ জন অধিবেশনে অংশগ্রহণ করেন।



অধিবেশনে বক্তব্য দেন জাতীয় কমিশনার কাজী জেবুন্নেছা বেগম

**সংবর্ধনা অনুষ্ঠান :** ২২ অক্টোবর, ২০২২ জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২২-এ শ্রেষ্ঠ রেঞ্জার গাইডার রোজিনা আফরোজ ও শ্রেষ্ঠ রেঞ্জার ইসরাত জাহান তামান্নাকে রাজশাহী কলেজের পক্ষ থেকে সংবর্ধনা প্রদান করা হয়। সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন ও অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। সভাপতি ছিলেন প্রফেসর মোহা: আব্দুল খালেক, অধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী। রেঞ্জার, গাইডার, সদস্যসহ প্রায় ৫০ জন উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

**ঈদ-ই-মিলাদুন্নবি পালন :** ২৭ অক্টোবর, রাজশাহী গাইড হাউজে ঈদ-ই-মিলাদুন্নবি উদযাপন করা হয়। অনুষ্ঠানে হলদে পাখি, গাইড, রেঞ্জার, গাইডার, সদস্য ও অফিস স্টাফসহ প্রায় ১২০ জন উপস্থিত ছিলেন।

**সভা :** ২৮ অক্টোবর, ২০২২ নওগাঁ জেলা সদরের স্থানীয় ক্যাম্পের পূর্ব প্রস্তুতিমূলক সভায় দিল মনোয়ারা পারভীন, ট্রেইনার, রাজশাহী অঞ্চল অংশগ্রহণ করেন।

৭ নভেম্বর রাজশাহী গাইড হাউজে আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সভা এবং দুপুর ২টায় রাজশাহী জেলা কমিটির সভা অনুষ্ঠিত হয়।

**কমিটি গঠন :** ১৪ নভেম্বর পাবনা জেলার ১৫জন সদস্য নিয়ে কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি গঠন অনুষ্ঠানে এডিসি (শিক্ষা ও আইসিটি), পাবনা জেলা শিক্ষা অফিসার, পাবনা ও সিরাজুম মুনিরা, আঞ্চলিক কমিশনার, রাজশাহী অঞ্চলসহ ১০০জন সদস্য উপস্থিত ছিলেন।

**উদ্ভাবনী মেলা :** ১৬ নভেম্বর উদ্ভাবনী মেলা রাজশাহী কলেজিয়েট স্কুল প্রাঙ্গনে অনুষ্ঠিত হয়। উক্ত মেলায় ১০ জন রেঞ্জার অংশগ্রহণ করেন।

**গাইড গাইডার প্রশিক্ষণ কোর্স (সিরাজগঞ্জ) :** ১৩-১৭ নভেম্বর, ২০২২ রায়গঞ্জ উপজেলা গার্ল গাইডস্ এসোসিয়েশনের উদ্যোগে ৫দিন ব্যাপী গাইড গাইডার প্রশিক্ষণ কোর্স রায়গঞ্জ উপজেলা সদর বালিকা উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে রায়গঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে ২৯ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

**শীতবস্ত্র বিতরণ :** ১৮ নভেম্বর, ২০২২ রাজশাহী জেলা সদরের উদ্যোগে রাজশাহী রেলওয়ের পাশের বস্তির গরীব ও দুঃস্থদের মাঝে শীতবস্ত্র বিরতণ করা হয়।



২৭ নভেম্বর রাজশাহী অঞ্চলের উদ্যোগে গরীব ও দুঃস্থ মহিলাদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়।

**স্থানীয় গাইড ক্যাম্প, নওগাঁ সদর :** ১৮ নভেম্বর নওগাঁ জেলা সদরের উদ্যোগে স্থানীয় গাইড ডে ক্যাম্প অনুষ্ঠিত হয়। উক্ত ক্যাম্পে সদরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে, গাইড, গাইডার, প্রধান শিক্ষকসহ মোট ২০০ জন অংশগ্রহণ করেন। ক্যাম্পের তাবু জলসা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন খালিদ মেহেদী হাসান, পি.এ. এ জেলা প্রশাসক, নওগাঁ। বিশেষ অতিথি ছিলেন মোঃ লুৎফর রহমান, জেলা শিক্ষা অফিসার, সিরাজুম মুনিরা, আঞ্চলিক কমিশনার, রাজশাহী অঞ্চল, নিলীমা আকতার জাহান, জেলা কমিশনার, নওগাঁ জেলা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন লায়লা আরজুমান্দ বানু, স্থানীয় কমিশনার, নওগাঁ জেলা সদর। ক্যাম্পে জাতীয় ক্যাম্প কমিশনার চাঁদ সুলতানা ও রাজশাহী অঞ্চলের ৩ জন ট্রেইনার দিলারা বেগম, তানজিমা বিনতে হান্নান, দিল মনোয়ারা পারভীন উপস্থিত ছিলেন।

**স্থানীয় গাইড ক্যাম্প (বাগমারা, রাজশাহী) :** ২০-২১ নভেম্বর ২০২২ বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন বাগমারা উপজেলা কর্তৃক আয়োজিত ৮ম উপজেলা গাইড ক্যাম্প চাঁন পাড়া আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত ক্যাম্পে আঞ্চলিক কমিশনার, সিরাজুম মুনিরা, ভবানীগঞ্জ পৌরসভা মেয়র, মোঃ আব্দুল মালেক মন্ডল, সাইদা খানম, উপজেলা নির্বাহী অফিসার, বাগমারা, রাজশাহী, রাজশাহী অঞ্চলের ০২ জন ট্রেইনার, দিলারা বেগম ও তানজিমা বিনতে হান্নান, মোছাঃ নাজমা খানম, স্থানীয় কমিশনার এবং গাইডার, সদস্য, রেঞ্জার, গাইড সহ প্রায় ৪০০ জন উপস্থিত ছিলেন।



**গাইড গাইডার প্রশিক্ষণ কোর্স (বগুড়া) :** ৪-৮ ডিসেম্বর ২০২২ বগুড়া জেলা গার্ল গাইডস্ এসোসিয়েশনের উদ্যোগে কার্টনার সেন্ট্রাল বালিকা উচ্চ বিদ্যালয়ে ৫ দিন ব্যাপী গাইড গাইডার প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে ৫১ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

**সভা :** ৫ ডিসেম্বর, ২০২২ রাজশাহী অঞ্চলের কার্যনির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হয়।

**হলদে পাখি গাইডার প্রশিক্ষণ :** ১১-১৫ ডিসেম্বর, ২০২২ ০৫ দিন ব্যাপী পুঠিয়া উপজেলার ২৮টি প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের ২৮ জন শিক্ষিকার সমন্বয়ে হলদে পাখি গাইডার প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণটি পরিচালনা করেন দিল মনোয়ারা পারভীন, ট্রেইনার, রাজশাহী অঞ্চল। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নুরুল হাই মোহাম্মদ আনাছ পি. এ. এ উপজেলা নির্বাহী অফিসার, পুঠিয়া উপজেলা ও এ. বি. এম ছানোয়ার হোসেন, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পুঠিয়া।

**রোকেয়া দিবস পালন :** ১২ ডিসেম্বর, ২০২২ বেগম রোকেয়া দিবস পালন উপলক্ষে রাজশাহী গাইড হাউজে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় রেঞ্জার, গাইড, সদস্য, কমিশনার ও অফিস স্টাফসহ ১৫০ জন অংশগ্রহণ করেন।

**মহান বিজয় দিবস পালন (নওগাঁ) :** ১৬ ডিসেম্বর, ২০২২ বিজয় দিবস পালন উপলক্ষে কুচকাওয়াজে নওগাঁ সদরের বিয়াম ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজের গাইড দল তৃতীয় স্থান অধিকার করেছে।

বিজয় দিবস উপলক্ষে জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত কুচকাওয়াজ অনুষ্ঠানের মার্চ পাস্টে রাজশাহী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের গাইড দল অংশগ্রহণ করে।



বিজয় দিবসে পুরস্কার বিতরণ

২৭ ডিসেম্বর, ২০২২ মহান বিজয় দিবস পালন উপলক্ষে রাজশাহী অঞ্চলের উদ্যোগে গাইড হাউজে ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে হলদে পাখি, গাইড, রেঞ্জার, গাইডার, সদস্য, ট্রেইনার ও অফিস স্টাফসহ মোট ২০০জন অংশগ্রহণ করেন।

**দীক্ষা দান :** ১৭ ডিসেম্বর, ২০২২ নাটোর সদরের বিভিন্ন বিদ্যালয়ের ৫০জন হলদে পাখিদের দীক্ষা প্রদান করা হয়।

১৭ ডিসেম্বর বগুড়া সরকারি বালিকা বিদ্যালয়ে ৫০ জন হলদে পাখিকে দীক্ষা প্রদান করা হয়।

২০ ডিসেম্বর রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মন্নুজান হলের রেঞ্জার ইউনিটের উদ্যোগে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়।

**৯ম জাতীয় ঝাঁক অবকাশ :** ২০-২৫ ডিসেম্বর ২০২২ প্রাথমিক বিদ্যালয়ের হলদে পাখিদের নিয়ে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের এর জাতীয় ক্যাম্প সাইট, বাড়ই পাড়া, কালিয়াকৈর, গাজীপুরে ৯ম জাতীয় ঝাঁক অবকাশ অনুষ্ঠিত হয়।

ঝাঁক অবকাশের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন, অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

২৪ ডিসেম্বর, ঝাঁক অবকাশের র‍্যাভেল অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিকল্পনা বিভাগের সচিব জনাব মোঃ মামুন আল-রশীদ, প্রধান অতিথি ছিলেন। কাজী জেবুন্নেছা বেগম বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কমিশনার এবং অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। ক্যাম্পে রাজশাহী অঞ্চল হতে ৪৮ জন হলদে পাখি, বিজ্ঞ পাখি, সদস্য ও ট্রেইনার অংশগ্রহণ করেন।

# রংপুর অঞ্চল

## আগস্ট

**কমিটি গঠন :** ২ আগস্ট, ২০২২ কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলায় কমিটি গঠন করা হয়।

**জন্মদিন পালন :** ৫ আগস্ট, ২০২২ বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন শেখ কামালের ৭৩ তম জন্মদিন উপলক্ষে রংপুর টাউন হল মিলনায়তনে ৩৫ জন গাইড পুস্পস্তবক অর্পন এবং আলোচনা সভায় অংশগ্রহণ করে।




বঙ্গবন্ধু ও বঙ্গমাতার জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন শেখ কামালের ৭৩ তম জন্মবার্ষিকী উদযাপন অনুষ্ঠানে অংশগ্রহণকারী গাইড দল

৮ আগস্ট, ২০২২ বঙ্গমাতার জন্মদিন উপলক্ষে রংপুর শিল্পকলা একাডেমীতে আলোচনা সভায় অংশগ্রহণ করেন রংপুর জেলা কোষাধ্যক্ষ ফ্লোরা সায়েমা আখতার ও ৩০ জন গাইড।

**১৬ তম জাতীয় রেঞ্জার কাউন্সিল অধিবেশন ও নির্বাচন :** ৬ ও ৭ আগস্ট, ২০২২ জাতীয় কার্যালয়ে অনুষ্ঠিত ১৬তম জাতীয় রেঞ্জার কাউন্সিল অধিবেশন ও নির্বাচনে রংপুর অঞ্চলের ১২ জন রেঞ্জার, ১ জন পর্যবেক্ষক হিসেবে সায়মা আফরোজ প্রভা এবং রেঞ্জার গাইডার নিগার সুলতানা অংশগ্রহণ করেন।



১৬ তম জাতীয় রেঞ্জার কাউন্সিল অধিবেশন ও নির্বাচন এ রংপুর অঞ্চলের রেঞ্জারবৃন্দ

**জাতীয় শোক দিবস পালন :**

১৫ আগস্ট, ২০২২ জাতীয় শোক দিবস উপলক্ষে রংপুর শহরের ডিসির মোড়ে অবস্থিত বঙ্গবন্ধুর ম্যুরালে সকল শিক্ষা প্রতিষ্ঠান থেকে আগত গাইড দল পুষ্পস্তবক অর্পন করেন। এ সময় উপস্থিত ছিলেন আঞ্চলিক কমিশনার ফরিদা ইয়াসমীন সহ গাইড সদস্যবৃন্দ।



জাতীয় শোক দিবস উপলক্ষে র‍্যালীতে অংশগ্রহণকারী গাইড দল

**দীক্ষা দান :** ৭ আগস্ট, ২০২২ ঠাকুরগাঁও জেলা সদরের সি. এম. আইয়ুব বালিকা উচ্চ বিদ্যালয়ের ৫৮ জন গাইড ও আর. কে. স্টেট উচ্চ বিদ্যালয়ের ৫৯ জন সহ মোট ১১৭ জন গাইড ও গাইডারদের দীক্ষা প্রদান করেন সালেহা খাতুন, ওয়ারেন্ট গাইডার, ঠাকুরগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও আজিজা আক্তার জাহান, ওয়ারেন্ট গাইডার, হাজিপাড়া আদর্শ উচ্চ বিদ্যালয়।

১১ আগস্ট ঠাকুরগাঁও সদরের আইডিয়াল বালিকা উচ্চ বিদ্যালয়ের ২৩ জন গাইড, সালন্দর উচ্চ বিদ্যালয়ের ৭০ জন গাইড ও হাজী কমরুল হুদা বালিকা উচ্চ বিদ্যালয়ের ১০০ জন গাইড সহ ১৯৩ জন গাইডকে দীক্ষা প্রদান করা হয়।

২৬ আগস্ট নীলফামারী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রভাতী শাখার ১২০ গাইড ও মুক্ত দলের ৪০ গাইড সহ ১৬০ জন গাইডকে দীক্ষা প্রদান করা হয়।

২৮ আগস্ট রংপুর সদরের ৩ টি প্রতিষ্ঠান এ দীক্ষা প্রদান করা হয়। মুন্সিপাড়া বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২৪ জন হলদে পাখিকে দীক্ষা প্রদান করা হয়। মরিয়ম নেছা বালিকা উচ্চ বিদ্যালয়ের ৭৫ জন গাইড ও শিক্ষাঙ্গন উচ্চ বিদ্যালয়ের ৩৬ জন গাইড সহ ১১১ জন গাইডকে দীক্ষা প্রদান করা হয়।



মুন্সিপাড়া বালিকা সরকারি প্রাথমিক বিদ্যালয় রংপুর এর দীক্ষাপ্রাপ্ত হলদে পাখির ঝাঁক



রংপুর সদরের শিক্ষাঙ্গন উচ্চ বিদ্যালয়ে গাইডদের দীক্ষা দেন রাজিয়া সুলতানা, ওয়ারেন্ট গাইডার, দি মিলেনিয়াম স্টারস্ স্কুল এন্ড কলেজ



বেগম রোকেয়া বালিকা উচ্চ বিদ্যালয়ের গাইডদের দীক্ষা দেন রোকসানা বেগম, ওয়ারেন্ট গাইডার, বেগম রোকেয়া বালিকা উচ্চ বিদ্যালয়

৩০ আগস্ট, ২০২২ রংপুর সদরের বেগম রোকেয়া বালিকা উচ্চ বিদ্যালয়ের ১৮০ জন গাইড, মোসলেম উদ্দিন বালিকা উচ্চ বিদ্যালয়ের ৫০ জন গাইড ও শালবন সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়ের ৬০ জন গাইড সহ ২৯০ জন গাইডকে দীক্ষা প্রদান করা হয়।




মরিয়মনেছা বালিকা উচ্চ বিদ্যালয়, রংপুর এর নতুন দীক্ষাপ্রাপ্ত গাইড দল




বেগম রোকেয়া বালিকা উচ্চ বিদ্যালয়ের নতুন দীক্ষাপ্রাপ্ত গাইড দল

**গাইডিং সম্প্রসারণের লক্ষ্যে পরিদর্শন :** ২৩ আগস্ট, ২০২২ ঠাকুরগাঁও জেলার বালিয়াডাঙ্গী উপজেলায় হলদে পাখির কার্যক্রম পরিদর্শনের উদ্দেশ্যে লাহিড়ীরহাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের হলদে পাখির ঝাঁকের কার্যক্রম পরিদর্শন করা হয়। এরপর ঠাকুরগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ঠাকুরগাঁও, দিনাজপুর ও পঞ্চগড়ের জেলা কমিশনারদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন আঞ্চলিক কমিশনার ফরিদা ইয়াসমীন। এ সময় গাইড সদস্যবৃন্দ ও অঞ্চলের ট্রেইনারদ্বয় উপস্থিত ছিলেন।

**পেট্রোল লিডার প্রশিক্ষণ :** ২৭ হতে ২৯ আগস্ট, ২০২২ রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় গাইড কোম্পানী কর্তৃক পেট্রোল লিডার প্রশিক্ষণের আয়োজন করা হয়। তিন দিন ব্যাপী এই প্রশিক্ষণে ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণি পর্যন্ত প্রভাতী ও দিবা শাখার ৮৮ জন অংশগ্রহণ করে। সকল বিষয়ে সেশন প্রদান করেন রোকসানা বেগম, ওয়ারেন্ট গাইডার, বেগম রোকেয়া বালিকা উচ্চ বিদ্যালয়, তাহিরা আক্তার বানু, ওয়ারেন্ট গাইডার, রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় এবং ট্রেইনার সুমাইয়া তাবাস্সুম।

পেট্রোল লিডার প্রশিক্ষণের সমাপনী ও সনদপত্র বিতরণীতে প্রধান অতিথি ছিলেন জিলুফা সুলতানা, উপসচিব, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর। বিশেষ অতিথি ছিলেন ফরিদা ইয়াসমীন, আঞ্চলিক কমিশনার, মোছাঃ রোকসানা বেগম, জেলা কমিশনার ও জেলা শিক্ষা অফিসার এবং ওয়ালেদা বেগম, আঞ্চলিক কোষাধ্যক্ষ। সভাপতি ছিলেন শাকিলা ইসলাম, প্রধান শিক্ষক, রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়।





রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের গাইডদের পেট্রোল লিডার প্রশিক্ষণের সমাপনী ও সনদপত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন জিলুফা সুলতানা, উপসচিব, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর

**নৈপুণ্যসূচক ব্যাজ পরীক্ষা :** ২৮ ও ২৯ আগস্ট, ২০২২ রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের উদ্যোগে ৫টি বিষয়ের উপর নৈপুণ্যসূচক ব্যাজ পরীক্ষা অনুষ্ঠিত হয়। ১ম দিনের পরীক্ষার বিষয় ছিল প্রাথমিক চিকিৎসা, স্যানিটেশন ও O.R.T. এবং ২য় দিনের বিষয় ছিল সূচীশিল্প ও রাঁধুনী।

পরীক্ষক ছিলেন ফরিদা ইয়াসমীন, আঞ্চলিক কমিশনার, মোছাঃ রোকসানা বেগম, জেলা কমিশনার ও জেলা শিক্ষা অফিসার এবং রোকসানা বেগম, ওয়ারেন্ট গাইডার, বেগম রোকেয়া বালিকা উচ্চ বিদ্যালয়। ৫ বিষয়ে নৈপুণ্যসূচক পরীক্ষায় ৯০ জন গাইড অংশগ্রহণ করে।




রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের রাঁধুনি নৈপুণ্যসূচক ব্যাজ পরীক্ষায় অংশগ্রহণকারী গাইড দল

**দীক্ষা দান : নীলফামারী সদর :** ৩ নভেম্বর, ২০২২ নীলফামারী সদরের ২টি প্রতিষ্ঠান রাবেয়া বালিকা বিদ্যানিকেতনের ৪০ জন গাইড ও ছমির উদ্দিন স্কুল এন্ড কলেজের ৬০ জন গাইড সহ ১০০ জন গাইডকে দীক্ষা প্রদান করেন শিরিন বানু, ওয়ারেন্ট গাইডার, নীলফামারী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়।

**সৈয়দপুর উপজেলা :** ৩ নভেম্বর, ২০২২ নীলফামারী জেলার সৈয়দপুর উপজেলার সৈয়দপুর পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় ও মহাবিদ্যালয়ের ২০ জন হলদে পাখি, ১০৫ জন গাইড ও ৪২ জন রেঞ্জার কে দীক্ষা প্রদান করেন রংপুর অঞ্চলের ট্রেইনার তানিয়া আমিন। দীক্ষা দান অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন অত্র বিদ্যালয়ের অধ্যক্ষ এবং স্থানীয় কমিশনার বিলকিস বানু।

**কুড়িগ্রাম সদর :** ১০ নভেম্বর, ২০২২ কুড়িগ্রাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ৭৫৭ জন গাইডকে দীক্ষা দেয়া হয়। দীক্ষা দেন জেলা কমিশনার রুখসানা পারভীন।

কুড়িগ্রাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ১০০ জন হলদে পাখি, এম.এ. সাত্তার উচ্চ বিদ্যালয়ে ১০০ জন গাইড ও কুড়িগ্রাম বালিকা উচ্চ বিদ্যালয় (পুরাতন গার্লস) এর ৫১৭ জন গাইডকে দীক্ষা দেন ট্রেইনার সুমাইয়া তাবাস্সুম।

**গাইবান্ধা সদর :** ১২ নভেম্বর, ২০২২ গাইবান্ধা সদরের ৪টি প্রতিষ্ঠান গাইবান্ধা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ১১৪ জন গাইড, আসাদুজ্জামান বালিকা উচ্চ বিদ্যালয়ের ২৫০ জন গাইড, পুলিশ লাইন্স স্কুল এন্ড কলেজের ২৬ জন গাইড ও স্বাধীনতা রজতজয়ন্তী বালিকা উচ্চ বিদ্যালয়ের ৫০ জন গাইড সহ ৪৪০ জন গাইড কে দীক্ষা প্রদান করা হয়।

**গংগাচড়া উপজেলা :** ১৪ নভেম্বর, ২০২২ রংপুর জেলার গংগাচড়া উপজেলার গংগাচড়া মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৮৯ জন হলদে পাখি কে দীক্ষা প্রদান করেন রংপুর অঞ্চলের ট্রেইনার তানিয়া আমিন। গংগাচড়া মডেল সরকারি উচ্চ বিদ্যালয়ের ৪১ জন গাইড, গংগাচড়া আদর্শ উচ্চ বিদ্যালয়ের ৫১ জন গাইড, হাজী দেলওয়ার হোসেন বালিকা উচ্চ বিদ্যালয়ের ৪২০ জন গাইড, গংগাচড়া সিনিয়র আলিম মাদ্রাসার ৬৪ জন গাইড, উত্তর পানাপুকুর উচ্চ বিদ্যালয়ের ৭০ জন গাইড ও বাগপুর মাসুম আলী প্রামানিক উচ্চ বিদ্যালয়ের ৩০ জন সহ মোট ৬৭৬ জন গাইড কে দীক্ষা প্রদান করেন রোকসানা বেগম, ওয়ারেন্ট গাইডার, বেগম রোকেয়া বালিকা উচ্চ বিদ্যালয় এবং ট্রেইনার তানিয়া আমিন।





কুড়িগ্রাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের দীক্ষাপ্রাপ্ত হলদে পাখি কেব্যাজ পরিয়ে দেন ট্রেইনার সুমাইয়া তাবাস্সুম



হাজী দেলওয়ার হোসেন বালিকা উচ্চ বিদ্যালয়ের দীক্ষাপ্রাপ্ত গাইড দল



গংগাচড়া আদর্শ উচ্চ বিদ্যালয়ের নতুন দীক্ষাপ্রাপ্ত গাইড কোম্পানী



গংগাচড়া সিনিয়র আলিম মাদ্রাসার গাইডদের প্রতিজ্ঞা করানো হচ্ছে



কুড়িগ্রাম বালিকা উচ্চ বিদ্যালয়ের দীক্ষাপ্রাপ্ত গাইড কোম্পানী



বাগপুর মাসুম আলী প্রামানিক উচ্চ বিদ্যালয়ের  দীক্ষাপ্রাপ্ত গাইড দল

১৫ নভেম্বর, ২০২২ রংপুর জেলার গংগাচড়া উপজেলার ৭টি প্রতিষ্ঠান কোলকোন্দ মোহাম্মদ আলী মেমোরিয়াল উচ্চ বিদ্যালয়ের ৯০ জন গাইড, কোলকোন্দ আব্দুস সামাদ দ্বিমুখী উচ্চ বিদ্যালয়ের ৫৪ জন গাইড, চেংমারী মাদ্রাইন দ্বি-মুখী উচ্চ বিদ্যালয়ের ৮২ জন গাইড, আদর্শ দাখিল মাদ্রাসার ৬২ জন গাইড, কুটিপাড়া চেংমারী উচ্চ বিদ্যালয়ের ১১৬ জন গাইড, আলহাজ্ব কছির উদ্দিন দাখিল মাদ্রাসার ৬৪ জন গাইড ও মহিপুর দ্বি-মুখী উচ্চ বিদ্যালয়ের ২৫০ জন গাইড সহ ৭১৮ জন গাইড কে দীক্ষা প্রদান করা হয়।



কোলকোন্দ মোহাম্মদ আলী মেমোরিয়াল উচ্চ বিদ্যালয়ের দীক্ষাপ্রাপ্ত গাইড কোম্পানী



কুটিপাড়া চেংমারী উচ্চ বিদ্যালয়ের গাইডদের প্রতিজ্ঞা করানো হচ্ছে




মহিপুর দ্বি-মুখী উচ্চ বিদ্যালয়ের দীক্ষাপ্রাপ্ত গাইড কোম্পানী

**লালমনিরহাট সদর :** ১৫ নভেম্বর, ২০২২ লালমনিরহাট সদরের কবি শেখ ফজলুল করিম বালিকা উচ্চ বিদ্যালয়ের ৮০ জন গাইডকে দীক্ষা প্রদান করেন সরমিন আরা হক, জেলা কমিশনার, লালমনিরহাট ও বিথী রাণী রায়, ওয়ারেন্ট গাইডার, কবি শেখ ফজলুল করিম বালিকা উচ্চ বিদ্যালয়।

**কমিটি গঠন :** ৯ নভেম্বর, ২০২২ পঞ্চগড় জেলা ও স্থানীয় এসোসিয়েশন কমিটি গঠন করা হয়। পঞ্চগড় সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে কমিটি গঠন কার্যক্রম অনুষ্ঠিত হয়। সার্বিক সহযোগীতা করেন পঞ্চগড় জেলা শিক্ষা কর্মকর্তা শাহীন আখতার।




পঞ্চগড় জেলা ও স্থানীয় এসোসিয়েশন কমিটি গঠনে বক্তব্য রাখেন জেলা শিক্ষা কর্মকর্তা শাহীন আখতার




নবগঠিত পঞ্চগড় জেলা ও স্থানীয় কমিটি

১৬ হতে ২৪ নভেম্বর, ২০২২ পর্যন্ত লালমনিরহাট জেলার ৫টি উপজেলায় উপজেলা কমিটি গঠন ও জেলা কমিটি পূণর্গঠন করা হয়।




লালমনিরহাট জেলা কমিটি পূণর্গঠনে সহযোগীতা করেন জেলা প্রশাসক মোঃ আবু জাফর

১৬ নভেম্বর, ২০২২ লালমনিরহাট সদর উপজেলা কমিটি গঠিত হয়। ১৭ নভেম্বর, ২০২২ লালমনিরহাট কালীগঞ্জ উপজেলা কমিটি গঠন করা হয়।



লালমনিরহাট জেলার কালীগঞ্জ উপজেলার কমিটি গঠনে সহযোগীতা করেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ আব্দুল মান্নান

লালমনিরহাট জেলার কালীগঞ্জ উপজেলার কমিটি গঠনে সহযোগীতা করেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ আব্দুল মান্নান

২১ নভেম্বর, ২০২২ লালমনিরহাট আদিতমারী উপজেলা কমিটি গঠন করা হয়। ২২ নভেম্বর, ২০২২ লালমনিরহাট হাতীবান্ধা ও পাটগ্রাম উপজেলা কমিটি গঠন করা হয়। ২৪ নভেম্বর, ২০২২ লালমনিরহাট জেলা কমিটি পূণর্গঠন করা হয় এবং জেলা প্রশাসক মহোদয়ের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

**সভা :** ১৩ নভেম্বর, ২০২২ রংপুর জেলা ও সদর স্থানীয় এসোসিয়েশনের সভা রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। জেলা এসোসিয়েশনের সভায় সভাপতিত্ব করেন জেলা কমিশনার মোছাঃ রোকসানা বেগম এবং সদর স্থানীয় এসোসিয়েশন এর সভায় সভাপতিত্ব করেন স্থানীয় কমিশনার গুলনাহার বেগম।

**কোম্পানী ডে-ক্যাম্প :** ১৯ নভেম্বর, ২০২২ নীলফামারী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে "কোম্পানী ডে-ক্যাম্প" অনুষ্ঠিত হয়। ক্যাম্পে রাঁধুনি ও সূচীশিল্প, প্রাথমিক চিকিৎসা এই তিনটি বিষয়ের উপর নৈপূণ্যসূচক ব্যাজ পরীক্ষা অনুষ্ঠিত হয়। এছাড়াও তাঁবুবাস, ক্যাম্পে থাকার নিয়মাবলী, গেজেট ইত্যাদি সম্পর্কে সেশন প্রদান করা হয়। তাঁবু জলসায় প্রধান অতিথি ছিলেন শাহের বানু, জেলা কমিশনার, নীলফামারী। ক্যাম্পে প্রভাতি ও দিবা শাখার ১২০ জন গাইড অংশগ্রহণ করে।



নীলফামারী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের কোম্পানী ডে-ক্যাম্প এর তাঁবু জলসায় অগ্নি প্রজ্জ্বলন

**৫ম আঞ্চলিক পরিষদ অধিবেশন :** ২৬ নভেম্বর, ২০২২ রংপুর অঞ্চলের ৫ম আঞ্চলিক পরিষদ অধিবেশন রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। অধিবেশনে প্রধান অতিথি ছিলেন কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন ও অতিরিক্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। বিশেষ অতিথি ছিলেন প্রফেসর মোঃ জহির উদ্দিন, সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর। সভাপতিত্ব করেন ফরিদা ইয়াসমীন, আঞ্চলিক কমিশনার, রংপুর অঞ্চল। অতিথি ছিলেন জাহান আরা বেগম, কোষাধ্যক্ষ, শাকিলা ইসলাম, প্রধান শিক্ষক, রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়। রংপুর অঞ্চলের ৮ জেলার প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক, কারিগরী ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের প্রশিক্ষণপ্রাপ্ত গাইডার, জেলা কমিশনার, স্থানীয় কমিশনার, ৮ জেলার স্থানীয় এসোসিয়েশনের সদস্যবৃন্দ গাইড সদস্যবৃন্দ, জাতীয় কার্যালয় থেকে আগত কর্মকর্তা, আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ, গাইড, রেঞ্জার, আঞ্চলিক কর্মকর্তা-কর্মচারী, ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সদস্য সহ ২৫০ জন উপস্থিত ছিলেন।




আঞ্চলিক পরিষদ অধিবেশনে কাউন্সিলারবৃন্দের সাথে জাতীয় কমিশনার, কাজী জেবুন্নেছা বেগম এবং মোঃ জহির উদ্দিন, সচিব মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

**ডিসেম্বর : জেলা প্রশাসকের বদলীজনিত বিদায় :** রংপুর জেলার জেলা প্রশাসক মোঃ আসিব আহসান এর যুগ্মসচিব পদে পদোন্নতি ও বদলিজনিত কারণে ১ ডিসেম্বর, ২০২২ রংপুর অঞ্চলের পক্ষ থেকে ফুল দিয়ে বিদায় জানানো হয়। এসময় উপস্থিত ছিলেন আঞ্চলিক কমিশনার ফরিদা ইয়াসমীন, আঞ্চলিক কোষাধ্যক্ষ ও ট্রেইনার। রংপুর জেলার জেলা প্রশাসক মোঃ আসিব আহসান যুগ্মসচিব পদে পদোন্নতি ও বদলি জনিত কারণে রংপুর অঞ্চলের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়

**সভা :** ১৩ ডিসেম্বর, ২০২২ রংপুর অঞ্চলের আঞ্চলিক কার্যনির্বাহী কমিটির সভা রংপুর আঞ্চলিক কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন আঞ্চলিক কমিশনার ফরিদা ইয়াসমীন।

**কমিটি গঠন :** ১৩ ডিসেম্বর, ২০২২ কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলায় স্থানীয় এসোসিয়েশন কমিটি গঠন করা হয়। কমিটি গঠনে সভাপতিত্ব করেন কুড়িগ্রাম জেলার জেলা কমিশনার রুখসানা পারভীন। ১৮ ডিসেম্বর, ২০২২ দিনাজপুর জেলার বীরগঞ্জ উপজেলায় স্থানীয় এসোসিয়েশন কমিটি গঠন করা হয়। জেলা কমিশনার মকসুদা পারভীনের সভাপতিত্বে কমিটিতে উপদেষ্টা হিসেবে উপস্থিত ছিলেন কন্দর্প নারায়ন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বীরগঞ্জ।



রংপুর জেলায় জেলা প্রশাসনের যুগ্মসচিব পদে পদোন্নতি ও বদলিজনিত কারণে অঞ্চলের পক্ষ থেকে শুভেচ্ছা জ্ঞাপন ও বিদায় জানানো হয়।

**বুদ্ধিজীবি দিবস পালন :** ১৪ ডিসেম্বর, ২০২২ রংপুর জেলা প্রশাসন আয়োজিত শিল্পকলা একাডেমীতে বুদ্ধিজীবি দিবস উপলক্ষে আলোচনা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ১৫ জন গাইড অংশগ্রহণ করে।

**মহান বিজয় দিবস :** ১৬ ডিসেম্বর, ২০২২ বিজয় দিবস উপলক্ষে রংপুর স্টেডিয়াম এ কুচকাওয়াজ অনুষ্ঠিত হয়। কুচকাওয়াজে রংপুর সদরের ৩টি প্রতিষ্ঠানের হলদে পাখি ঝাঁক ও ১৫ টি প্রতিষ্ঠানের গাইড দল সহ ৩৫০ জন অংশগ্রহণ করে। কুচকাওয়াজে রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের হলদে পাখি ১ম স্থান ও গাইড দল ২য় স্থান অর্জন করে।



বিজয় দিবস কুচকাওয়াজে গাইডদের অংশগ্রহণ



কুচকাওয়াজে অংশগ্রহনকৃত রংপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের হলদে পাখির ঝাঁক



কুচকাওয়াজে অংশগ্রহনকৃত সমাজকল্যাণ বিদ্যাবিথী বালিকা উচ্চ বিদ্যালয় ও মহাবিদ্যালয়ের গাইড দল



রংপুর সরকারি বেগম রোকেয়া কলেজের রেঞ্জার দল শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করে

বিজয় দিবস উপলক্ষে রংপুর জেলার পীরগাছা উপজেলার পীরগাছা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের হলদে পাখির ঝাঁক জাতীয় সংগীত প্রতিযোগীতায় **১ম** স্থান অর্জন করে।

বিজয় দিবস উপলক্ষে নীলফামারী জেলার সৈয়দপুর উপজেলা স্টেডিয়ামে সৈয়দপুর পাইলট বালিকা উচ্চ বিদ্যালয় ও মহাবিদ্যালয়ের গাইড দল কুচকাওয়াজে **১ম** স্থান অর্জন করে।







বিজয় দিবস উপলক্ষে গাইবান্ধা জেলা স্টেডিয়ামে গাইবান্ধা সদরের বিভিন্ন প্রতিষ্ঠানের গাইড দল মার্চ পাস্টে অংশগ্রহণ করে

বিজয় দিবস উপলক্ষে পঞ্চগড় জেলা স্টেডিয়াম এ পঞ্চগড় সদরের বিভিন্ন প্রতিষ্ঠানের গাইড দল কুচকাওয়াজে অংশগ্রহণ করে।

বিজয় দিবস উপলক্ষে কুড়িগ্রাম জেলা স্টেডিয়াম এ কুড়িগ্রাম সদরের বিভিন্ন প্রতিষ্ঠানের গাইড দল মার্চ পাস্টে অংশগ্রহণ করে। কুচকাওয়াজে কুড়িগ্রাম বালিকা উচ্চ বিদ্যালয়ের হলদে পাখির ঝাঁক ২য় স্থান অর্জন করে।

বিজয় দিবস উপলক্ষে ঠাকুরগাঁও জেলা সদরের বিভিন্ন প্রতিষ্ঠান দৌড়, ঝুড়িতে বল নিক্ষেপ, ভাগ্য পরীক্ষা, মিউজিক্যাল চেয়ার প্রতিযোগীতার আয়োজন করেন। প্রতিযোগীতায় প্রধান অতিথি ছিলেন খন্দকার মোঃ আলাউদ্দীন আল আজাদ, জেলা শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন রহিমা চৌধুরী, জেলা কমিশনার, ঠাকুরগাঁও। এছাড়া জেলা ও স্থানীয় কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।




খন্দকার মোঃ আলাউদ্দীন আল আজাদ, জেলা শিক্ষা অফিসার, ঠাকুরগাঁওকে ফুল দিয়ে বরণ করে নেয় ঠাকুরগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের গাইড দল



১০০ মিটার দৌড় প্রতিযোগীতায় গাইডদের প্রস্তুতি

**শীতবস্ত্র বিতরণ :** ১৮ ডিসেম্বর, ২০২২ দিনাজপুর জেলা এসোসিয়েশনের উদ্যোগে বীরগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে বিভিন্ন প্রতিষ্ঠানের গাইডদের মাঝে কম্বল বিতরণ করা হয়। কম্বল বিতরণ করেন কন্দর্প নারায়ন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বীরগঞ্জ, দিনাজপুর, মকসুদা পারভীন, জেলা কমিশনার, দিনাজপুর। উপস্থিত ছিলেন জেলা ও বীরগঞ্জ উপজেলা কমিটির সদস্যবৃন্দ এবং ট্রেইনার তানিয়া আমিন।

**৯ম জাতীয় ঝাঁক অবকাশ :** ২০ হতে ২৫ ডিসেম্বর, ২০২২ পর্যন্ত গাজীপুর কালিয়াকৈর জাতীয় ক্যাম্প সাইটে ৯ম জাতীয় ঝাঁক অবকাশ অনুষ্ঠিত হয়।



ঝাঁক অবকাশে রংপুর অঞ্চল হতে ১৮ জন হলদে পাখি, ২ জন রেঞ্জার, ২ জন বিজ্ঞপাখি, ১ জন কমিশনার, ১ জন ট্রেইনার ও ১ জন পিয়ন সহ ২৫ জন অংশগ্রহণ করেন।

এডিস মশা ডিম পাড়ার ও বংশবিস্তারের স্থান




ডেঙ্গু থেকে বাঁচার উপায়, বাড়ির আঙ্গিনায় বৃষ্টির পানি জমতে দেয়া যাবেনা, নিয়মিত টবের পানি ফেলে পরিষ্কার করা। সচেতনতা বৃদ্ধি করা। আসুন ডেঙ্গু থেকে বাঁচতে আমরা নিজেরা সচেতন হই, অন্যকেও উৎসাহিত করি।




৯ম জাতীয় ঝাঁক অবকাশে রংপুর অঞ্চলের হলদে পাখির ঝাঁক ও বিজ্ঞপাখিগণ



৯ম জাতীয় ঝাঁক অবকাশে রংপুর অঞ্চলের হলদে পাখির ঝাঁক ও রেঞ্জার



সেশনে অংশগ্রহণকৃত রংপুর অঞ্চলের হলদে পাখির ঝাঁক ও রেঞ্জার

## সিলেট অঞ্চল

**দীক্ষা দান :** ০৫ সেপ্টেম্বর, ২০২২ শ্রীমঙ্গল উদয়ন উচ্চ বালিক বিদ্যালয়ে ৫টি শিক্ষা প্রতিষ্ঠানের ২০০ জন গাইডদের দীক্ষা দান করেন আঞ্চলিক কমিশনার বাবলী পুরকায়স্থ।



শ্রীমঙ্গল উদয়ন উচ্চ বালিক বিদ্যালয়ে ৫টি শিক্ষা প্রতিষ্ঠানের ২০০ জন গাইডকে দীক্ষা দান করা হয়




গাইড সদস্যরা গাইডদেরকে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে দীক্ষা প্রদান করেন

১৩ ডিসেম্বর ২০২২ তারিখে সিলেট লাক্কাতুড়া সরকারি উচ্চ বিদ্যালয়ের ৪০ জন গাইডদের দীক্ষা দান করেন আঞ্চলিক কমিশনার বাবলী পুরকায়স্থ। উক্ত দীক্ষাদান অনুষ্ঠানের উপস্থিত ছিলেন অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহুর আহমেদ, গাইডার শর্মিলা শর্মা, রোমানা বেগম এবং ট্রেইনার সুফিয়া বেগম।

১৭ ডিসেম্বর ২০২২ তারিখে শ্রীমঙ্গল উপজেলার নটরডেম স্কুল এন্ড কলেজ এর ৪০ জন গাইডদের দীক্ষাদান করেন আঞ্চলিক কমিশনার বাবলী পুরকায়স্থ। দীক্ষা দান অনুষ্ঠানের উপস্থিত ছিলেন মৌলভীবাজার জেলার জেলা কমিশনার নুরজাহান সূয়ারা ও জেলা সেক্রেটারী মাধুরী মজুমদার। আরও উপস্থিত ছিলেন অত্র বিদ্যালয়ওে প্রধান শিক্ষক প্রশান্ত নিকোলাস ক্রুশ ও গাইডারগণ।

এডিস মশা ডিম পাড়ার ও বংশবিস্তারের স্থান




ডেঙ্গু থেকে বাঁচার উপায়, বাড়ির আঙ্গিনায় বৃষ্টির পানি জমতে দেয়া যাবেনা, নিয়মিত টবের পানি ফেলে পরিষ্কার করা। সচেতনতা বৃদ্ধি করা। আসুন ডেঙ্গু থেকে বাঁচতে আমরা নিজেরা সচেতন হই, অন্যকেও উৎসাহিত করি।



দীক্ষাপ্রাপ্ত গাইডদল

## সমন্বয় সভা, (সিলেট জেলা) :

২৪ আগস্ট ২০২২ তারিখে সিলেট জেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাদের নিয়ে জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়ে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সমন্বয় সভায় প্রধান অতিথি ছিলেন সাখাওয়াত এরশেদ, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট। সমন্বয় সভায় সভাপতিত্ব করেন জনাব বাবলী পুরকায়স্থ আঞ্চলিক কমিশনার, সিলেট অঞ্চল। আরও উপস্থিত সিলেট জেলার গাইড জেলা কমিশনার সিদ্দিকা খাতুন সহ জেলা ও স্থানীয় কমিটির সকল সদস্য বৃন্দ।










**সাংগঠনিক ওয়ার্কশপ :** ৩১ আগস্ট ২০২২ তারিখে সিলেট জেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকাদের নিয়ে ব্লু-বার্ড স্কুল এন্ড কলেজ, সিলেটে সাংগঠনিক ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। উক্ত ওয়ার্কশপে প্রধান অতিথি ছিলেন মোঃ জালাল উদ্দিন, বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা সিলেট বিভাগ, সিলেট।

সাংগঠনিক ওয়ার্কশপে সভাপতিত্ব করেন বাবলী পুরকায়স্থ আঞ্চলিক কমিশনার, সিলেট অঞ্চল। আরও উপস্থিত সিলেট জেলার জেলা কমিশনার সিদ্দিকা খাতুন সহ জেলা ও স্থানীয় কমিটির সকল সদস্যবৃন্দ।








### জেলা গাইড ক্যাম্প সিলেট :

১২ ও ১৩, ডিসেম্বর, ২০২২ সিলেট জেলার জেলা গাইড ক্যাম্প অনুষ্ঠিত হয় ব্লু-বার্ড স্কুল এন্ড কলেজ,সিলেট প্রাঙ্গনে। জেলা গাইড ক্যাম্পে ১৫ টি শিক্ষা প্রতিষ্ঠান হতে গাইড, গাইডার, সদস্যসহ ২৫০ জন অংশগ্রহন করে। প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক মোঃ মজিবর রহমান। বিশেষ অতিথি ছিলেল অত্র বিদ্যালয়ের অধ্যক্ষ হুসনে আরা। সভাপতিত্ব করেন আঞ্চলিক কমিশনার বাবলী পুরকায়স্থ। উপস্থিত ছিলেন জেলা গাইড কমিশনার, স্থানীয় কমিশনার, সিলেট জেলার জেলা কমিটি ও স্থানীয় কমিটির সদস্যবৃন্দ।





**প্রাথমিক বিদ্যালয়ে হলদে পাখি কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে আঞ্চলিক কার্ণিভাল :** প্রাথমিক বিদ্যালয়ে হলদে পাখি কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী উপলক্ষে সিলেট অঞ্চলের কার্ণিভাল অনুষ্ঠিত হয় ২৬ অক্টোবর ২০২২ সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ সিলেট প্রাঙ্গনে। কার্নিভাল অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ গার্ল গাইডস এসোসিয়েশনের ট্রেজারার জাহান আরা বেগম। এ ছাড়া জাতীয় কার্যালয় হতে জাতীয় কমিশনার এর পি.এস মালেকা পারভিন এবং প্রকল্প কর্মকর্তা হাফিজুল ইসলাম উপস্থিত ছিলেন।





**সুনামগঞ্জ জেলার শিক্ষার্থীদের শিক্ষা উপকরণ বিতরণ :** ৫ ডিসেম্বর, ২০২২ সিলেট অঞ্চল সুনামগঞ্জ বালিকা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গনে সুনামগঞ্জ জেলার অস্বচ্ছল গাইড শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করা হয়। এর মধ্যে ছিল স্কুল ব্যাগ, খাতা, কলম জ্যামিতি বক্স ইত্যাদি শিক্ষা উপকরণ সুনামগঞ্জ জেলা, সদর ও বিশ্বম্ভপুর উপজেলার ১০টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মাঝে বিতরণ করা হয়। শিক্ষা উপকরণ বিতরণে উপস্থিত ছিলেন সিলেট অঞ্চলের আঞ্চলিক কমিশনার বাবলী পুরকায়স্থ ও জেলা কমিশনার, সিলেট। আরও উপস্থিত ছিলেন সুনামগঞ্জ জেলার জেলা কমিশনার সহ জেলা কমিটির সকল সদস্যবৃন্দ।




# আমার প্রিয় সাজেদা চৌধুরী আপা

সাহেদা হোসেন চৌধুরী
প্রশিক্ষণ কমিশনার

১৯৬৯ এর এপ্রিল মাস। ইডেন হোস্টেলের ছাত্রীদের জন্য নোটিশ বোর্ডে দেয়া হলো নোটিশ।"ইডেন কলেজে ইন্টারমিডিয়েট কোর্স খোলা হচ্ছে আগ্রহী ছাত্রীরা একটি আবেদনের মাধ্যমেই কলেজ বদল করে ইডেন কলেজে যোগদান করতে পারবে। হোস্টেল থেকে বকশী বাজার কলেজে যেতে নানা সমস্যার কারণে আমরা হোস্টেলের গুটি কয়েক ছাত্রী চলে এলাম ইডেন কলেজে। ১৯৬৮সালের মেট্রিকের ছাত্রীদের ইন্টারমেডিয়েট ক্লাস শুরু হয়ে গেছে কয়েক মাস হলো তাই অনেক কম সহপাঠি নিয়ে নতুন কলেজে ক্লাস শুরু করলাম। ক্লাস হতো এক তালার অডিটোরিয়ামে। অল্পদিনের মাঝে খেয়াল করলাম দুইজন বিবাহিত মহিলা বয়সে আমাদের চেয়ে বড় দরজার সামনে সির্ব বামের ডেস্কে বসেন। এনাদের একজন আমাদের প্রিয় বেগম সাজেদা চৌধুরী। ক্লাসে টীচার না থাকলে আমরা কয়েকজন টীন এজার অনেক দুস্টামী করতাম কিন্তু ওই দুই আপা সর্বক্ষণ ওনাদের সীট এ বসে থাকতেন। নিজেদের মাঝেই আলাপ করতেন। আমাদের সাথে বন্ধুত্বের সম্পর্ক না থাকলে ও সহপাঠী হিসেবে আমাদের সু সম্পর্ক ছিলো। পড়া বোঝা বা পরীক্ষার পড়া নিয়ে আমরা আলাপ করতাম। আমি একটু বেশী দুস্টামী করতাম বলেই হয়তো আমাকে বেশী চিনতেন। ১৯৭০ সালে আমরা সর্বমোট চল্লিশ জন ছাত্রী ইডেন কলেজের ইন্টারমিডিয়েট প্রথম ব্যাচ হিসাবে পরীক্ষা দিয়ে উত্তীর্ণ হলাম।

এরপর আমি ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়ে ক্লাস শুরু করেছি পাকিস্তানী ব্যাচ হিসাবে। তখন আমরা কয়েকজন উদ্যোগ নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় রেঞ্জার ইউনিট খুলে বিভিন্ন কর্মসূচীতে অংশগ্রহণ করছি। আমি ১৯৬১ সালে হতেই তৎকালীন ভিকারুন্নেসা নুন স্কুলে আলেয়া ফেরদৌসী (নৃত্য শিল্পী ) আপার নেতৃত্বে ব্লু - বার্ড হিসাবে দীক্ষাপ্রাপ্ত হই ও পরবর্তীতে গাইড ও রেঞ্জার হিসাবে দীক্ষা গ্রহণ করি। এই আন্দোলনের সাথে নিয়মিত ভাবে লেগে ছিলাম।

১৯৭৩ সালে প্রান প্রিয় 'গাইড হাউজে' কোর্স কাজে গিয়েছিলাম। তখন জানলাম আমার কলেজের সেই আপা আমাদের জাতীয় কমিশনার। সাজেদা আপা আমাকে দেখেই চিনে ফেললেন। আমরা কুশল বিনিময় করলাম। মনে হলো আমাকে দেখে উনিও খুশী হয়েছেন। বললেন "বঙ্গবন্ধুর অনুরোধে আমি এই দায়িত্ব নিয়েছি। সাজেদা আপা ১৯৭২ থেকে ১৯৭৬ পর্যন্ত এখানে জাতীয় কমিশনারের পদে ছিলেন। উনি গাইড আন্দোলনকে ভালোবেসেছেন এবং অনেক দূর এগিয়ে নিয়ে গেছেন। মহান জাতীয় সংসদে গার্ল গাইডস্ এর পক্ষে বিল পাশ করে প্রতিষ্ঠানকে আইনগত স্বীকৃতি দেয়ার কাজটি ও সম্ভবত: সাজেদা আপার অবদান।

যুদ্ধ বিদ্ধস্ত দেশে গার্ল গাইডস্ আন্দোলনকে পুর্নজাগরণ করার কঠিন দায়িত্ব ছিলেন কিন্তু তিনি অতি সুষ্ঠভাবে তা পালন করেন। তার বলিষ্ঠ নেতৃত্বে গাইড আন্দোলন নতুন উদ্দ্যমে এগিয়ে চলে।

আমি তখন ঢাকা অঞ্চলের কার্যনির্বাহী কমিটির সেক্রেটারী। ঢাকা অঞ্চলের আঞ্চলিক ক্যাম্প হবে ফরিদপুরে। ফরিদপুর সাজেদা আপার দেশের বাড়ি। সে সময় জাতীয় কমিশনার ছিলেন জেবা রশীদ চৌধুরী আপা। সাজেদা আপা তখন ভূমি মন্ত্রী। আমি ভাবলাম আপাকে প্রধান অতিথি করলে মন্দ হয় না। যেই ভাবনা সেই কাজ। জীনাত আপা সহ গেলাম সাজেদা আপার বাসায়। আমাকে দেখে খুব খুশী হয়ে বললেন "এতদিন পর আমাকে মনে পড়লো" গলায় অভিমানের সুর। আমি বললাম "আপা Once a guide, always a guide তারপর ক্ষমা চেয়ে বললাম "আপা আপনার ফরিদপুরে আমরা ক্যাম্প করতে যাচ্ছি আপনি যাবেন না"? হেসে উত্তর দিলেন 'নিশ্চয়ই যাবো'। আপার আগমনের বার্তা পেয়ে আমরা অতি উৎসাহে ক্যাম্পের প্রস্তুতি নিতে লাগ লাম। আমি পূর্বেই চলে গেলাম ফরিদপুর সরকারি বালিকা বিদ্যালয়ে ক্যাম্পের প্রস্তুতির তদারকী করার জন্য।

ক্যাম্প শুরু হলো। দলে দলে গাইডদের নিয়ে গাইডার আপারা আসতে লাগলো। সবাই টায়ার্ড একটু বিশ্রাম দরকার। কিন্তু পরদিন সকালেই আপা উদ্বোধন অনুষ্ঠানে আসবেন বলে সাংস্কৃতিক অনুষ্ঠানের রিহাসেল হলো রাত জেগে। মেয়েরা লাইনে দাড়িয়ে চলতে চলতে মাঠের সকল ময়লা তুলে ফেলে মাঠ পরিস্কার করলো।

আনন্দে সবাই গান গাইছিলো "কাগজের টুকরা পড়ে আছে ঐ

জায়গা করে নোংরা
তুলে নাও ফেলে দাও।

ক্যাম্পে সাজ সাজ রব আমাদের প্রাঙ্গন জাতীয় কমিশনার ভূমি মন্ত্রী বেগম সাজেদা চৌধুরী আসবেন আমাদের মাঝে।

ক্যাম্পে যোগদানের উদ্দেশ্য আপা ফেরী পার হয়ে দীর্ঘ পথ অতিক্রম করে ঢাকা থেকে ফরিদপুর গাইড ক্যাম্পে এলেন। সেই সময় "স্বপ্নের পদ্মা সেতু ছিলো না তাই ফেরী দিয়ে পদ্মা নদী পার হয়ে যেতে লাগতো দীর্ঘ সময়। আপা ক্যাম্পে আসতেই গার্ড অব অনার দিয়ে তাকে অভ্যর্থনা জানানো হলো। আপা তাঁর বক্তৃতায় গাইডদের অনেক উৎসাহিত করলেন। সেখানে জেলা প্রশাসক উপস্থিত ছিলেন তাকে উদ্দেশ্য করে বললেন "এখানে আমার একটি অফিস ও একটি ক্যাম্প করার জায়গা দিতে হবে। সেই ক্যাম্প সাইটে ক্যাম্প হবে আর আমি গাইডদের সাথে তাঁবুতে রাত্রি যাপন করবো। যাবার আগে আমাকে বললেন " তুই আমার অফিসে আয় ক্যাম্প করার জায়গা দিবো। ক্যাম্প থেকে ফিরে এসেই আমি ও জীনাত আপা ভূমি মন্ত্রণালয়ে ওনার অফিসে গেলাম। আপা তখন ওমরাহ হজ্জ পালনে মক্কায় অবস্থান করছিলেন। ওনার পি এস বললেন স্যার যাবার পূর্বেই আপনাদের জন্য জমি বরাদ্দের ব্যবস্থা করে গেছেন।

এরপর শুরু হলো দাপ্তরিক প্রক্রিয়া এবং এক সময় আমরা গাজীপুরের বাড়ই পাড়ায় নন্দন পার্কের বিপরীতে এগার একর জমি বরাদ্দ পেলাম। তন্মধ্যে ২.৮ একর জমি প্রতিষ্ঠানের নামে ও বাকীটা লীজ দলিলের মাধ্যমে হস্তান্তর হয়েছে। পরবর্তীতে ক্যাম্প সাইটে একটি ক্যাম্পে আমাদের আমন্ত্রনে সাজেদা চৌধুরী আপা প্রধান অতিথি হয়ে আসেন। ওনার চোখে মুখে আনন্দের হাসি। এসোসিয়েশনের ক্যাম্প সাইটে তার পদচারণে সে দিন আমরা সবাই তাঁর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছি। উনি অনেক্ষণ ছিলেন। ঘুরে ঘুরে তাবু পরিদর্শন করলেন। গাইডদের সাথে কুশল বিনিময় করলেন। আমার মনে হলো আজ ক্যাম্প সাইটে যোগ্য ব্যক্তির পদার্পনে ক্যাম্প সাইট ধন্য।

এরপর ২০০৭ সালে ১১ তম জাতীয় গাইড ক্যাম্পে আপাকে প্রধান অতিথি করে আমন্ত্রণ জানালো। আবার আমরা আপার সান্নিধ্য পেলাম। আপা গাইডের অনুষ্ঠানে সাদ শুভ্র গাইড ইউনিফর্ম পরেই আসতেন। অনুষ্ঠানে উনি কিছু স্মৃতি চারণ করলেন ও গাইডদের কিছু দিক নির্দেশনা দিলেন। গাইডদের সুন্দর জীবন যাপনের জন্য ওনার উপদেশ গাইডদের অনুপ্রেরণা হয়ে থাকবে।

আমার সাথে সাজেদা আপার শেষে দেখা তাঁর গুলশানের বাস ভবনে। প্রতিষ্ঠানের কিছু সমস্যা নিয়ে তাঁর পরামর্শের জন্য সেখানে যাই প্রাক্তন জাতীয় কমিশনার রেহানা ইমাম আপা, তার পি.এস. মালেকা পারভীন লাকী ও আমি। আপার গুলশানের বাস ভবনে যেয়ে আমরা তাকে পেলাম নীচ তলায় লনের সামনে বারান্দায়। আপা চেয়ারে বসে ছিলেন। আমি কাছে যেতে উনি হাত বাড়ালেন আমি ওনাকে জড়িয়ে ধরলাম, উনি আমাকে কাছে টেনে নিয়ে আমার গালে আদর করে একটা আলতো চুমু দিলেন। আমি আবেগে আপ্লুত হলাম, চোখের কোণ ভিজে উঠলো। আপার আন্তরিকতার কোন তুলনা হয় না। কথা প্রসঙ্গে রেহানা ইমাম আপাকে জানালেন আমরা এক সময় সহপাঠী ছিলাম। আমরা বেশ কিছুক্ষণ আপার সান্নিধ্যে সময় কাটালাম। এক সময় বিদায় নিয়ে বের হয়ে এলাম। বুঝিনি এ দেখাই শেষে দেখা।

সাজেদা আপার কথা মনে হয় সেই সুন্দর ডাগর ডাগর চোখ দুটো আমাকে দেখলেই যেন ওনার চোখে একটা ঝিলিক দেখা দেয়। বলে উঠেন" কিরে কি খবর"?

পরবর্তীতে সাজেদা আপা সংসদের উপনেতা থাকাকালীন সময়ে তৎকালীন শিক্ষা মন্ত্রী নুরুল ইসলাম নাহিদকে ডিও লেটার লিখে দিলেন যেন বাড়ই পাড়ায় ও বেইলী রোডস্থ জাতীয় কার্যালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের অর্থায়নে ভবন নির্মান করে দেয়া হয়। আজ বেইলী রোডে ১০ তলা এবং বাড়ই পাড়ায় ৪ তলা ভবন নির্মিত হয়েছে।

## শোক সংবাদ

- গভীর দুঃখের সাথে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কার্যনির্বাহী কমিটির সম্মানিত সদস্য, গাইড কমিশনার নুরজাহান আরা বেগম-এর কন্যা বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজের ইংরেজী বিভাগের সহকারী অধ্যাপক বেগম নাদিয়া আমীন লাবণ্য ২৪ অক্টোবর, ২০২২ সোমবার দিল্লীর ফোর্টিজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।
- গভীর দুঃখের সাথে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন-এর কর্মচারী মোঃ নাসির খাঁন ২১ অক্টোবর, ২০২২ শুক্রবার, টাঙ্গাইল নিজ গ্রামে ইন্তেকাল করেন। (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

এডিস মশা ডিম পাড়ার ও বংশবিস্তারের স্থান



ডেঙ্গু থেকে বাঁচার উপায়, বাড়ির আঙ্গিনায় বৃষ্টির পানি জমতে দেয়া যাবেনা, নিয়মিত টবের পানি ফেলে পরিষ্কার করা। সচেতনতা বৃদ্ধি করা। আসুন ডেঙ্গু থেকে বাঁচতে আমরা নিজেরা সচেতন হই, অন্যকেও উৎসাহিত করি।



## স্মরণ

বাংলার ভূ-খন্ডে জন্মেছিলো সে
লড়াই, সংগ্রাম আর বীরত্ব গাঁথা জীবন যার,
যার জন্মলগ্নে দুনিয়া জুড়ে চলছে যুদ্ধের পায়তারা,
দ্বিতীয় বিশ্ব যুদ্ধের দিকে এগিয়ে চলছে বিশ্ব
সেই সাথে ইংরেজ বেনিয়া শাসনের বিরুদ্ধে
নীলকরের অত্যাচার, লুন্ঠন, ক্ষুধা, দারিদ্র্যে
ফুঁসে উঠছে গোটা ভারতবর্ষ।
ভারতবর্ষে ছড়িয়ে পড়ছে ভারত ছাড় আন্দোলন।
দু"শ বছরের পরিসমাপ্তি হয়
ধর্মের ভিত্তিতে সীমানা টেনে
দু"টো রাষ্ট্রের জন্ম হয় হিন্দুস্থান, পাকিস্তান।
একটি রাষ্ট্র গটনের ক্ষেত্রে ধর্ম নয়,
রাষ্ট্রভাষা আন্দোলন ও স্বাধীন সার্বোভৌম
বাংলাদেশ গঠনের মধ্য দিয়ে
এই সত্য প্রমাণিত হয়
একটি দেশ গঠনে নির্ভও করে তার
ভাষা ও জাতিসত্তার উপর।
বাঙ্গলীর মুক্তির আন্দোলন সংগ্রামকে
সংগঠিত করতে এগিয়ে আসে
নারী পুরুষ নির্বিশেষে,
তাদের অগ্রভাগে থেকে নেতৃত্ব দিয়েছেন
সৈয়দা সাজেদা চৌধুরী।
সংগঠিত করেছেন নারীদের
সভায়, মিছিলে, যুদ্ধের ময়দানে
অস্ত্র হাতে লড়াই করেছেন শত্রুর বিরুদ্ধে
প্রিয় লাল সবুজ পতাকার জন্য।
নেতৃত্ব দিয়েছেন দেশ গঠনে,
নারী মুক্তি আন্দোলনে
নারীর ক্ষমতায়ন, সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে।
বলিষ্ঠ হাতে তুলে নিয়েছেন
প্রথম জাতীয় কমিশনারের দায়িত্ব
এগিয়ে নিয়েছেন গাইড আন্দোলনকে।
সারা জীবন ছিলেন দেশের মানুষে পাশে
মানুষের হৃদয়ে রয়ে যাবেন চিরস্মরণীয় হয়ে।

মাহমুদা আপন
গাইড সদস্য, তেজগাঁও জেলা

## ছবি কথা বলে


সনদপত্র গ্রহণের আনন্দে গাইড


গাইডরা গ্যাজেট তৈরিতে ব্যস্ত


তাঁবু জলসা অনুষ্ঠানে গাইডদের অগ্নি প্রজ্জ্বলন



কুড়িগ্রাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের দীক্ষাপ্রাপ্ত হলদে পাখির ঝাঁক